শ্রীশ্রীহকনাম ॥

আসল সূর্য্যমার্কা বড়

# ছহি ইউছফ জেলেখা।

✻ মোছান্নেফ ✻

শ্রীযুক্ত সাহা গরিবুল্লা সাহেব।

কলিকাতা ;—১১০ নং গরাণহাটা, চিৎপুর রোড
ভিক্টোরিয়া পুস্তকালয় হইতে
শ্রীরামলাল শীল কর্ত্তৃক প্রকাশিত।

পঞ্চম সংস্করণ।

কলিকাতা ;—৫/১ নং গরাণহাটা, চিৎপুর রোড।
নিউ-ভিক্টোরিয়া প্রেসে;
শ্রীরামলাল শীল দ্বারা মুদ্রিত।

সন ১৩২৭ সাল।

* শ্রীশ্রীহকনাম *

# ছহি ইছউফ জেলেখা

## অর্থাৎ মহব্বত নামা।

বদর বলেন শুন বড়খা মেরা ভাই ॥ এখন সামাল মর্দ্দ তোমাকে ছমজাই * ফকির আজব চিজ ছমজাই তোমারে ॥ মরিয়া না মরে ফকির দুনিয়া মাঝারে * মাহিনা বচ্ছর তুঝে বসে ছমজাইনু ॥ ঘরের বাহির তুঝে করিতে নারিনু * ধন কড়ি মাল মাত্তা আনহ ছুরাত ॥ দেখিয়া ভুলিয়া রৈলে পাইয়াআওরত*ছুরতমুরত সব এলাহির হাত ফোরকানে খবর দিল ইউছফের বাত * বদর বলেন গাজি তোমাকে ছমজাই ॥ ইউছফ নবীর বাত শুন মেরা ভাই * বড় নেকবক্ত সেই ইউছফের হাল ॥ ফোরকানে কহিল আল্লা কোদরত কামাল * ইউছফের বাপ নবী এয়াকুব কেনয়ান ॥ আল্লার বন্দেগি করে পড়েন কোরান *ইউছফের ছুরাত আল্লা দিল খোসালিতে ॥ তেমন ছুরাত কার নাহি দুনিয়াতে * আফতাব মাহতাব দেখে সরমেন্দা হইল ॥ এমন ছুরাত আল্লা পয়দা জে করিল * এবাত মুরসেদ মেরা আমিত গোলাম ॥ নেহাল করহ মুঝে শুনায়ে কালাম * ইউছফ নবীর কথা কহ দস্তগির ॥ শুনিলে আল্লার রাহে হইব ফকির * আল্লার দরগায় বদর নোঙাইয়া মাথা ॥ কহিতে লাগিল ইউছফ জেলেখার কথা * অধীন ফকীর কহে কেতাব কালাম ॥ এই সব মিথ্যা কেবল এলাহির নাম *

## হজরত এয়াকুব নবীর বাদসাই ও রাহিলা বিবীর ফরজন্দ লাগিয়া আফছোছ করিবার বয়ান॥

পয়ার * এয়াকুব নামেতে নবী কেনান সহরে॥ বহুত বন্দেগি করে আল্লায় দরবারে * হামেসা আল্লাব নামে করিয়া ছালাত॥ আল্লার দরগায় নবী করে মোনাজাত* হাতি ঘোড়া মালমাত্তা আলাও লস্কর॥ উট গাড়ি মেড়া মেড়ি আছিল বিস্তর*কতেক জানওার ছিল দুম্বা ও ছাগল॥ বেটা এয়াকুবের এগার মহল * খুসিতে বাদসাই করেন কেনান সহরে॥ আল্লার মকবুল নবী দুনিয়া ভিতরে * এয়ছা ভাতে কতদিন গোজারিয়া জায়॥ দেখনা তামাসা পয়দা করেন খোদায় * এয়াকুবের এক জরু রাহিলা নামেতে॥ বড় নেকজাত বিবী দুনিয়া বিচেভে * নাহিক ফরজন্দ বিবী বড়া পেরেসান॥ ফরজন্দ কারনে বিবী আল্লারে মানান * হামেসা নামাজ আর করিয়া ছালাত॥ মনাজাত করে বিবী উঠাইয়া হাত * সকলি করিতে পার তুমি কর তার॥ নির্দ্ধনের ধন দেহ বুদ্ধি নাই জার * ধনিতে কাঙ্গাল হয় রাজ্য অধিকারী॥ বহুধন পায় কেহ কড়ার ভিকারী * সতিনের দশ বেটা দিলে করতার॥ আমারে বঞ্চিত কৈলে আমি গোনাগার*আল্লার দরগায় বিবী ওঠাইয়া হাত॥ হামেসা কোরান পড়ে করে মোনাজাত* ফরজন্দ লাগিয়া জে হুতাশ ছাড়ে বিবী॥ এক রোজ তাহাকে বুঝায় আপে নবী * এলাহির এবাদত কর দেল দিয়া॥ জানের আরাম বিবী সকল তেজিয়া * তবে সে আরজ তেরা হইবে কবুল॥ আল্লার দরগায় তবে হইবে মকবুল*এতেক শুনিয়া বিবী কবুল করিল॥ আল্লার এবাদত বিবী করিতে লাগিল * হামেসা মুরসেদের পায় করিয়া ছালাম॥ ফকীর গরিব কহে কেতাব কালাম *

## বিবী রাহিলার বন্দেগির বয়ান॥

ত্রিপদী * একিদা দেলেতে জানি, ছাড়িয়া সে দানা পানি, রাহিলা করেন এবাদত॥রোজা ওনামাজ করে,হামেসা ওজিফা পড়ে আরজ, করে ওঠাইয়া হাত * কোদরত কামাল তুমি, কি আর কহিব আমি, কুদরতে করিলে এ সংসার॥ উপরে আকাশ রাকা, চাঁদ সুর্জ্জ তারা রেখা, ঘোর নিশি সব অন্ধকার* ভাবিয়া খোদায় নবী, একিদা, ইমানে বিবী, ছাড়িল জে নিন্দ আর আলিস॥ ছাড়িয়া আপন মান,

মুখের সে গুয়া পান, ছেড়ে সোওা মাথার বালিশ * ছাড়িয়া আপন বেশ, তেল বিনা রুক্ষু কেশ, তেল বিনা গায়ে ওড়ে খড়ি॥ ছুরত সোণার বর্ণ, জীবন জৌবন ধন, ছারখার জেন হৈল দড়ি * একিদা করিয়া বিবী, এলাহি আলমিন ভাবি, এই রূপে দিবানিশি জায়॥ লাহুত মকামে আল্লা, জানিয়া এ সব খেলা, জিবরিলে কহিলেন খোদায় ফকীর গরিব কয়, কোসেস করিলে হয়, দুর কর মনের ভাবনা॥ লইয়া তাহার নাম, ভজিলে জে পরিনাম, পুরা হয় তাহার বাসনা *

ছুরতের পয়দাসের বয়ান॥

পয়ার *এলাহি বলেন জিবরিল শুন সমাচার॥ রাহিলার জারিতে হেলে আরস আমার*এলাহি কহেন জিবরিল কহি শুনতোরে॥এক ছুরত পয়দা করি রাহিলা উদরে*আপনার দেহেররূপ আপনি লইয়া ছুরত করেন পয়দা আপনি বসিয়া*ছয় ভাগ রূপ আল্লা আলমে ভেঁ-জিল॥ তার বিচে চারিভাগ ইউছফেরে দিল*দুইভাগ রাখে সব আলমের তরে॥ আল্লার কোদরত এয়ছা কে বুঝিতে পারে* এতেক ভাবিয়া আল্লা জিবরিলে ডাকিয়া॥ সবাকারে দিল আর খবর ভেজিয়া* আবআতস খাকবাদআছমান জমিন॥ আফতাব মাহতাব তারা আর রাত দিন*পাহাড় পর্ব্বত আর দরিয়া কানন॥ খবর শুনিয়া সবে খোসালিত মন * পাতালে খবর পাইল জত ছিল নাগ॥ সন্ধান পাইয়া বলে মোরা লিব ভাগ*দেও দান জত কেহু দুনিরাতে ছিল॥ এ কথা শুনিয়া সবে কোমর বান্দিল * হুড়াহুড়ি করে চলে কেহ করে রাগ॥ সবে বলে পাব আজি ছুরাতের ভাগ * বৃক্ষ আদি নদী জায় আর পক্ষ রাজ॥ পশু পক্ষ লক্ষ লক্ষ বলে সাজ সাজ*ফকীর গরিব কহে কেতাবের বাত॥ জেবা ইহা পড়ে তার বাড়ুক হায়াত *

ছুরতের হেস্বা লিতে জাইবার বয়ান॥

ত্রিপদী * দেলে বড় হৈল সাধ, আব আতস খাকবাদ, ছুঁয়তে পাইব বলে জায়॥ জমিন আছমান আর, গহন কানন তার, পাহাড় পর্ব্বত সব ধায় * আকাশের মাঝে চান্দ, সুর্জ্জ আর তারাগণ, সাজিয়াছে আছমান উপরে॥ ধাওধাই করে সাজে, নিশান নাকারা বাজে আইল সব ছুরত খাতিরে* পাতালের জত নাগ, ছুরতের চাহে ভাগ পাইব বলিয়া সবে মনে॥ বুঝিয়া এসব কাজ, ধায় সব পক্ষরাজ সঙ্গে করে নানা পক্ষীগণে * গহিন আর গম্ভীর, জলের মাছ কুম্ভির, পর্ব্বত

পশু আর বাঘ ॥ তামাম আলম ধায়, হেট মাথা হয়ে জায়,পাই কিনা পাই রূপ ভাগ* আরসের হুরপরি, দেও ও ফেরেস্তা নুরী, রাহা বিচে হৈল ঠেলাঠেলি ॥ কেহ চলে বাও ভয়, কেহ বলে ধর'ধর, কলরবে, কানে লাগে তালি * পক্ষ আদি আর নদী, সাজিল সকলে জদি, সর্বে জায় রাখিবারে মান ॥ অধীন ফকির কয়,এই বড় লাগে ভয়, সবে চলে করিয়া গুমান *

## হজরত ইউছুফ নবীর পয়দাস ও রাহিলা বিবী ওফাত ও হজরত এয়াকুবের বহিন খবর পাইয়া পৌঙছিবার বয়ান ॥

পয়ার * ফেরেস্তা দেএর সাতে হৈল গণ্ডগোল ॥ আরস উপরে লড়ে জত জার বল * জিবরিল বলেন আল্লা আরজ আমি করি ॥ ফেরেস্তা সকলে সহ আর হুরপরী * ছুরত বাটিয়া দেহ সবাকার তরে ॥ জার জেই লিয়া জাউক আপনার ঘরে * আরসেতে হুরপরী হুড়াহুড়ি করে ॥ কোদরত কামাল আল্লা দেখিল নজরে * এলাহি আলমিন আল্লা বুঝিয়া দেলেতে॥ জিবরিলে হুকুম দিলছুরত বাটীতে*আরসে বসিয়া আল্লা হুকুম করিল ॥ জিবরিল ছুরত বেটে সবাকারে দিল * ছুরত পাইয়া সবে গেল নিজ ঘরে ॥ আছমান জমিনে কেহু পাতাল ভিতরে* জার জে ঘরেতে গেল এলাহি ভাবিয়া ॥ ইউছফের পয়দাস কথা শুন মন দিয়া* রাহিলা গোছল করে শুইল জে খাটে ॥ আইল এয়াকুব নবী তাহার নিকটে*খোসাল খাতেরেদোন করিলগোজরান রাহিলা স্বপন দেখে হৈল পেরেসান * এয়াকুব বলেন বিবী কেন চমকিত ॥ বিবী বলে স্বপন দেখিনু বিপরীত*বিবী বলে নাইজানি কিবা মোর ঘটে ॥ আছমানের চান্দ জেনসান্দাইল পেটে * এয়াকুব বলেন বিবী না বলিও আর ॥ কেহ জেন নাই শুনে এই সমাচার * তোমার হামেল হবে আল্লার করমে ॥ ছুরত ফরজন্দ হবে তোমার সেকমে * রাত্র পোহাইল বিবীবড়া খুসি হৈল ॥আল্লার কোদরতে হৈল রাহিলা হামেল *দশমাস দশদিন হইল আখেরে ॥ ইউছফ হইল পয়দা এয়াকুবের ঘরে * ইউছফ হইল পয়দা রাহিলা সেকমে ॥ এয়াকুব সোকরানা পড়ে এলাহির নামে * আছমান চান্দ জেন জায় গড়াগড়ি ॥ ইউছফে লইয়া সবে করে হুড়াহুড়ি * সহরে আওরত সব দেখিয়া ছুরাত ॥ সবে বলে হইল বুঝি আল্লার কোদরত * রাহিলার কোলে

দেখি ইউছফের হাল॥ অন্ধকার ঘরে জেন জলিল মসাল *
ছয় মাস বাদে তার মুখে হৈলহাসি॥ খোসাল হইয়া খেলে সঙ্গে দুই
দাসি*ইউছফের রূপ দেখে সকলে খোসাল॥ ফেরেস্তা খেলায় সজে
বসে হামেহাল * কেহ কেহ বসে গিয়া ধরে তার পায়॥ ইউছফে
চাপড় মেরে কেহ সে কান্দায় * ধর ধর বলে কেহ খেদাড়িয়া জায়।
হাসিয়া খেলিয়া সবার কোলেতে বেড়ায় * এই রূপে চারি সাল
গোজারিয়া গেল॥ এমানি বলিয়া পুত্র শেসেতে হইল * শুনিয়া এ
সব কথা এয়াকুব খোসাল॥ সোকরানা পড়েন নবী বৈসে হামেহাল
এমানি হইল দেখ ইউছফের ছোটা॥ পাচ সাল ছাড়াছাড়ি হৈল দুই
বেটা *এলাহি আলমিন আল্লা এমনি করিল॥ ফরজন্দ রাখিয়া রিবী
রাহিলা মরিল * ইউছফ এমানি দেখে বলে হায় হায় * কান্দে
এয়াকুব নবী বসিয়া হুজুরায় * দশ ভাই বলে আজব করিলেন সাঁই
মা বিনে লাড়কার দরদ কেহ জানে নাই * দশ ভাই কান্দে তার
হয়ে জার জার॥ কি বুদ্ধি করিব মোরা নাহিক নিস্তার * লাড়ক
বালা সবে আর জত বুড়া বুড়ি॥ তিনরোজ সহরেতে না চড়িল হাড়ি
রাহিলার বহিন এক সেই দেশেছিল॥এয়াকুবের ঠাই চাহে এমানেরে
লিল * পালিবারে লিয়া গেল আপনার ঘরে॥ খালা ফুফু বিনা আর
কে আছে সদরে * ইউছফ রহিল তবে বাপের নিকটে॥ পেরেসান
হালে মর্দ্দ শুয়ে আছে খাটে * কান্দেন এয়াকুব নবী এলাহি ভাবিয়া
ইউছফের ছেওড় কেরে কিগোনা পাইয়া*ইউছফের বয়েস হৈল এ
সাত বচ্ছর॥ মুল্লুকের রূপ দিছে পাক পরওার * দিনে দিনে বাড়ে
রূপ ইউছফের হাউ॥ দিনেও আগুণ জলে রাত্রেতে মসাল * বড়
সওদাগর লোগ সহরের॥ মোহিত হইল রূপ দেখে ইউছফের *
ইউছফের রূপ দেখে পরাণ টানাটানি॥ ভোক পিয়াছ নাহি থাকে
বিপরীত বানি * কে পারে খবর লিতে আল্লার উদ্দেশে॥ ইউছফের
এক ফুফু ছিল সেই দেশে * এয়াকুবের বড় বহিন বড়ই পেয়ারে।
এছহাকের বড় বেটি হলব্ব সহয়ে * ইউছফের মায়ের খবর সে বিবী
পাইয়া॥ কান্দিতে২ আইল মাহপায় চড়িয়া * এয়াকুবের নজদিগে
আইল বিসাদ ভাবিয়া॥ কান্দেন এয়াকুব নবী বহিনে দেখিয়া * ইউ
ছফে করিয়া কোলে কান্দে নেকবিবী॥ বহিনেরে বুঝাইয়া কহে এয়া
কুব নবী * না কান্দ না কান্দ বিবী না কান্দ বহুত॥ এলাহি জুনিয়া

বচে করেছে মওত*আজিমরি কালিকিবা একহপ্তা বই॥ পয়দা হৈলে ওতআছে এড়াইবার নই*একথা শুনিয়া বিবী খবর করিল॥ ভায়ের জন্দিগে বিবী কহিতে লাগিল*তুমি ছোটআমি বড় তোমার বহিনী. রজন্দ দিবেন মুঝে আমি অভাগিনি * দিন দুনিয়ার আল্লা তুঝে হাক সখা ॥ অধিন ফকির কহে কেতাবের লেখা *

হজরত এয়াকুব নবী ভাই বহিন কহা শুনা করেন
তাহায় বয়ান ॥

ত্রিপদী *, এয়াকুবের বহিন বিবি, কান্দেন এলাহি ভাবি, ধরিয়া ায়ের দুটী হাত ॥এলাহি আলমিন আল্লা, সকলি তাহার খেলা, শুন াই-মেরা একবাত*জোবন বিহনে বুড়ি, খছম বিহনে রাড়ি, ফরজন্দ হনে অনাথিনী ॥ নফর চাকর রাখি, একেলা মহলে থাকি, আমার লিয়া নাহি জানি*মালমাত্তা ধন কড়ি, উট হাতিগাধা গাড়ি,ঘড়ভরা াছে এ সকলি ॥ ছেলে লাড়কা বালা বই. কিছুর কাঙ্গাল নই, শত২ গালামের ঘর খালি *ইউছফে দেহনা মোরে, লিয়া আমি জাইঘরে ত্র বিনে আমি অভাগিনী ॥ আমার আরজ লেহ, ইউছফে আমারে দহ, আমি বটে তোমার বহিনী* আমা হৈতে তোম ছোটা, হোল তামার বার বেটা, আমিহৈনু নাছের ভিকারি ॥এলাহি আলমিনসার ার নাম করতার, সেই করে এতেক চাতুরি * লাড়কা ছেওড়া হয়, টুম্ব সাক্ষাতে কয়, শোনহ এয়াকুব পয়গম্বর ॥ আলম তামাম জানে লা ফুফু মা বিনে, দুনিয়াতে কে আছে দোসর* বহুত দিনের পরে াইনু তোমার ঘরে, ভাই বহিন এই হৈল দেখা ॥ অধিন ফকির কহে ই কথা মিছা নহে, জত সব কপালের লেখা *

ইউছফে বহিনে বেকারা দিয়া বেকারার হয় ও সাত রোজের
কারারে আনিবার বয়ান ॥

পয়ার * এয়াকুব বলেন বিবি শুনগো বহিনি ॥ ইউছফেরে দিলে বে মরিব আপনি*ইউছফ কলেজা মেরা ধড়ের পরাণ ॥ বালকেরে লে আমি হইব অজ্ঞান * ইউছফের নাহি দিলে হইবে বেজার ॥ তামার খাতিরে দিনু পরাণ আমার* কান্দেন এয়াকুব নবি জার জার য়া ॥ বহিনের হাতে দিল ইউছফের সুপিয়া*ইউছফে লইয়া বিবি গল নিজঘরে ॥এয়াকুব বাদসাই করেতক্তের উপরে*ইউছফ বিহনে কছু নাহি লাগে মনে ॥ উঠিতে বসিতে আর শয়নে স্বপনে * হায়রে

ইউছফ মেরা ধড়ের পরাণ ॥ তোমার বিহনে আমি হারাইব জান * এখানে খাইতে বাছা এখানে শুইতে ॥ বসিতে সোনারতক্তে উজ্জল করিতে * ইউছফ বিহনে নবি হইল হয়রান ॥ আক্কেল ওকুফ গেল হইল অজ্ঞান*ঘড়ি২ চিনে মর্দ্দ চিনিতে না পারে ॥ জারে দেখে তারে বলে ইউছফআইলে ঘরে*উজিরজনাজির জত সাধু সওদাগর॥সকলে কহেন শুন নবি পয়গম্বর * ইউছফেরে দিলে তুমি বহিনে তোমার ॥ আপে পেরেসান রহ খাতেরে তাহার * জত দিন ইউছফ নবি নাহি আইসে ঘরে ॥ আমাদের বসতি নাই কেনান সহরে*সহরে লোকের ঘরে না চড়িল হাড়ি ॥ লাড়কা জুবা কান্দে জত আর বেওয়া রাঁড়ি* এয়াকুব বলেন চল ইউছফে আনিতে ॥ উজির নাজির জত সবে চলে সাতে * হাতির উপরে নবি আম্বারি বান্ধিয়া ॥ হলব্ব সহরে নবি পৌছিলেন গিয়া* সেতাবি আইল নবি হলব্ব সহরে ॥ খবর ভেজিয়া দিল বিবির কাতরে * সারাদিন করে বিবি ইউছফে জতন ॥ মা বাপ বেটার জেয়ছা করেন পালন*ইউছফেরে না দেখিয়া করে টানাটানি না খায় ভোকের ভাতপেয়াসের পানি*এয়াকুবে দেখিয়া বিবি হইল অজ্ঞান ॥ আজরাইল আইল লিতে বাছার পরাণ * বিবি বলে এয়াকুব আইলে কেন হেথা ॥ এয়াকুব বলেন আমার ইউছফ ধন কোথা * বিবি বলে ঘরে পরে বুরা নজর করে ॥ সিন্দুকে ইউছফে রাখি তাহার খাতেরে * এয়াকুব ডাকিয়া লিল ইউছফেরে কোলে ॥ পুন্নিমার চন্দ্র জেন বৃক্ষের আড়ালে * এয়াকুব বলেন বিবি শুন মেরা বাত ॥ তোমাকে ইউছফ দিয়া হয়েছি অনাথ * সহরের লোক সব ভোকা ফাকা রহে ॥ ইউছফ লাগিয়া তাদের চক্ষে আছু বহে * ইউছফে আমারে দেহ না করিও রাগ ॥ সাত রোজ করার বাদে তেরা সাতে ভাগ * সাত রোজ বাদে আমি ইউছফে পাঠাব ॥ ইউছফে লইয়া আমিতক্তে বার দিব * পেরেসান হৈয়া বিবি ইউছফেরে দিল ॥ জার২ হৈয়া বিবি কান্দিতে লাগিল * ইউছফেরে আনে নবি কেনান সহরে ॥ খোসালিতে নাচ গীত সহরে বাজারে * সহরের লোক সব করে কানাকানি আবাদ সহরে জেন বরসিল পানি * সাত রোজ রহে ইউছফ বাপের হুজুরে ॥ সাত রোজ বাদে ভেজে ফুফুজির ঘরে* ছালাম করিল গিয়া ফুফুজির পায় ॥ আছমানের চান্দ জেন পাইল তাহায় * বলিতে কহিতে দিন গোজারিয়া জায় ॥ ইউছফ লাগিয়া বিবি ভাবেন উপায়*

াপের দেহেজ এক পটকা আছিল॥ ইউছফের কোমরে বিবি ছাপা য়া দিল * পাঠাইয়া দিল বিবি এয়াকুব হুজুরে॥ ইউছাফ এয়াকুব বি দেখিল নজরে * বাপেয় কদমে ইউছফ করিল ছালাম॥ অধিন কির কহে কেতাম কালাম *

এয়াকুব বহিন ইউছফকে চোরবাদ দিয়া আনে ও এয়াকুব নবির বেকারার ও বিবির ওফাত॥

পয়ার * মক্কর করিয়া বিবি চড়িল পালকিতে॥ আসিয়া দোহাই দিয়া বাদসার সাক্ষাতে * দোহাই দিয়া কহে বাদসার হুজুরে॥ ফরি াদ করিল বিবি ভাই বেরাদরে * আমার দেহেজের এক পটকা ঘরে ... চুরি করি ইউছফ তারে এখানে আনিল*এনছাফ করহ বাদসা কেতাব দেখিয়া॥কেতাবে জেমন বলে দেহনা বলিয়া*শুন২ সর্ব্বজন কেতাবের বাত॥ সেকালে বিচার সব ছিল এইমত * সাবুদ হইলে চোর করে এই কাম॥ জার চুরি করে চোর হয় তারগোলাম*কেতাব দেখিয়া সব কহিল এছলাম॥ ইউছফ হইল চোর বিবির গোলাম * আওল কালেতেএই তজবিজকরিত॥জেজার চুরিকরিত গোলামহইত বিবি জে বলেন তুমি শুনহএয়াকুব॥তোমার ইউছফের আক্কেলনাহি ব * তোমার ইউছফ বেটা আমার গোলাম॥ করিল জে পটকা রি জার এই কাম*আমার খেদমত ইউছফ করিবে হামেসা॥শুনিয়া য়াকুব নবি নাহি পায় দিসা*ইউছফ গোলামে লয়ে বিবি গেল ঘর ান্দেন এয়াকুব বাদসা হইয়া কাতর*এয়াকুব কহেন আল্লা তুমি বাম মারে॥ পাইনু হারায়ে নিধিদরিয়া কেনারে*বাছুর হারায় জেন হাম ায় গোধন॥ পথে হারাইয়া লাঠি কান্দে অন্ধজন * কান্দিয়া ফেরেন বি ইউছফ আবছোছে॥ জিবরিল আইল তখন চক্ষের নিমিসে * জিবরিল কহেন নবি নাহও হয়রান॥পাইবে ইউছফেতুমি আল্লার ফর ান*তিনসালবাদে পাবে ইউছুফের দেখা॥ কহিনু নিদানতুঝেআল্লা আছে সখা*ইউছফ মকবুল নবি আসক তার পাক॥ দেখিলে বিবির গোনা কিছু হবে মাফ *গোনা খাতা মাফ কৈল তোমার বহিনি॥ দু নিয়া ছাড়িয়াবিবি চলিবেআপনি*জিবরিলকহিয়া গেলএয়াকুবনবিরে য়াকুব সোকরানা ভেজে আল্লার দরবারে*ভাবিতে চিন্তিতেহৈলএ তিন বচ্ছর॥তলব হইল বিবিগেল নিজঘর*বহিনেরমউতখবরশুনিয়া

ইউছফে আনিতে নবি চলিল ধাইয়া* বহিনে মঞ্জেল দিয়া রাখিলেন গোরে॥ ইউছফে লইয়া আইল কেনান সহরে * সহুরের লোক সব হইবেবোসাল॥ ভালহলো বুড়িগোল ঘুচিল জঞ্জাল*ইউছফ বাপের কাছে থাকে রাত দিন॥ নিয়েত হাছেল হলো কহেন অধিন *

ইউছফে আনিতে সকলে খুসির বয়ান॥

ত্রিপদী*এরাকুব ইউছফ পাইয়া, দেলো খোসালিত হৈয়া, তক্তের উপরে দিল বার॥ উজির নাজির জত, সব হলো খোসালিত, নেক এনছাফ করেন বিচার*ইউছফে করিয়া পাসে,এয়াকুব তক্তেতেবসে দেখে সবে ইউছফের মুখ॥ নারীগণ জলে স্থলে, ইউছফে দেখিতে চলে, জুবতি ধরিতে নারে বুক * এয়াকুব বলেন শুন, ইউছফ পরাণ ধন, শোন জত সেফাই লস্কর॥ চৌকি পাহারা ঘরে, দিবে সবে ইউছফেরে, ফিরিবে সহরে ঘরে ঘর * জতেক মুল্লুক বিচে, গালেব দুস্মন আছে, থানা দিয়েরহিবেপ্রহরী॥ ধনকড়ি মালমাত্তা জাকমোর জেথা সেথা, ইউছফে না হয় জেন চুরি*আলাও লস্কর বলে,এয়াকুবের পদ তলে, ঘেরিয়া রহিবে এক সাত॥ কহেন অধিনহীন, কিবা রাত কিবা দিন, সকলে কহেন এই মত *

ইউছফস্বপনে চন্দ্র সুজ্জ দশ তারা দেখে তাহাদের
দুস্মনির বয়ান॥

পয়ার*এইরূপে কতদিন গোজারিয়া জায়॥তাহাতে তামামপয়দা করিল খোদায়*ইউছফ এয়াকুব নবি শুয়েছিল খাটে॥আফতাব·মাহতাব আইল তাহার নিকটে * ইউছফের ছুরত সব দেখিয়া নজরে॥ এয়ছা রূপ থাকিতে আল্লা দিলেন সংসারে*ছেরেতে মাহতাব বসে আফতাব ছাতিতে॥ দশ তারা উঠে বসে পাএর নিচেতে * স্বপন দেখিয়া ইউছফ কান্দিয়া উঠিল॥ আফতাব মাহতাব তারা আসমানেতেগেল*ইউছফ উঠিয়া বসে খাটের উপরে॥ বাছা২ বলেএয়াকুব লেয় কোলে করে * কি দেখিলে কেন কান্দ কহ প্রাণধন॥ ইউছফ কহেন আমি দেখিনু স্বপন*মন দিয়া শোন বাবা স্বপন বয়ান॥একে২ সব কথা করিয়া ধেয়ান*আফতাব মাহতাব মেরা মাথার ছাতিতে॥ দশ তারা খাড়া ছিল পায়ের নিচেতে * এয়াকুব কহেন আর না কহিও কারে॥ এলাহি করিবে বাদসা দুনিয়া উপরে * এমন খোওাব

বাণী দেখে জেই জন ॥ অবশ্য বাদসাই পায় না হয় খণ্ডন * দশ তারা পাঁয়ের নিচে দেখছ স্বপনে ॥ দশ ভাই গোলাম তারা হইবে একমনে ইউছফের এইবাতএয়াকুব কহিল ॥সেইখানে গোলাম একখাড়া হয়েছিল*এইসব কথা শুনে এয়াকুব জবানে ॥গোলামে কহিল গিয়া দশ ভায়ের কানে*দশ ভাই শুনে তারা হইল পেরেসান ॥ কেমনে মারিব মোরা ইউছফের জান*ইউছফ হইবেবাদসা আমরাগোলাম ॥দশভাই ইউছফেরে করিব ছালাম*বাপের জবানেমোরা পেয়েছি খবর ॥দুস্মন মারিতে মোরা নাহি রাখি ডর*দশ ভাই হব বাদসা করি এই জুক্তি ॥ দুস্মন মারিয়া মোরা করিব রাজত্তি* দশ ভাই বলে সবে এই লয় মনে ছাগল চরাতে জাব সাতে লিয়া বনে * সেখানে মারিব সবে ফিকির করিয়া ॥ মারিব ইউছফে মোরা কিকাম রাখিয়া*সবে কয়দেলে লেয় এই কথা বটে ॥ দশভাই চলে গেল বাপের নিকটে*দশ ভাই ছালাম করে পায়ে দিয়া হাত ॥ইউছফের সাতে কহে পেয়ারের বাত*পয়গম্বর জানা মোরা একাদশ ভাই ॥ ছাগল চরাতে বনে চল সবে জাই * শুনিয়া এয়াকুব কহে না কহিও আর ॥ ইউছফ আমার প্রাণ আমি ধড় তার*ছাওালেরে পাঠাইয়া নারিব থাকিতে ॥ না জাবে ইউফছ মেরা ছাগল চরাতে*দশভাই কহে তুমি কেন কর ভয় ॥ পয়গম্বরের বেটা হৈলে ছাগল চরায় * দশ ভাই কহে তুমি শুন দেল দিয়া ॥ খেলাতে কুদিতে হবে ছোট ভায়ে লিয়া* ইউছফেরে লিয়া জাব কান্ধেতে চড়ায়ে ॥ তক্কের তলাতে জে রাখিব বসায়ে * ইউছফে ভুলাব মোরা ধুলা খেলা দিয়া ॥ তামাসা দেখিবে সবে নয়ান ভরিয়া * খেলাব জঙ্গলের ফল জত আছে বনে ॥ খেলাব অনেক খেলা জত আইসে মনে* ইউছফ কহিল তবে বাপেরহুজুরে ॥ বিদায় জেদেহ জাব জঙ্গলভিতরে বাপের নজদিগে খাড়া ছাতিপরে হাত ॥ ইউছফ কহেন কহিশুনমেরা বাত * আমার আরজ তুঝে শোন দেল দিয়া ॥ জাইব জঙ্গল বিচে খোদার লাগিয়া* ছাগল চরাতে জাব জঙ্গল ভিতরে ॥ হুকুম জে দেহ মুঝে দিন পয়গম্বরে*করি মনে কিবা আছে বুঝা নাহি জায় ॥ এয়াকুব কহেন বাবা দেলে লাগে ভয়*,আজিজে স্বপনে আমি দেখেছি নয়নে ইউছফে বাঘেতে ধরি খাইয়াছে বনে* স্বপনে এমন দেখি বুঝা নাহি জায় ॥ এখাতিরে করি মানা জানিবে নিশ্চয় * দশভাই করহ তুমি শুন বাবাজান ॥ তোমার ইউছফ জেন আমাদের প্রাণ*দশভাই এয়াকুবের

পায়ে হাত দিয়া ॥ বাপেরে বুঝায় সবে সওগন্দ করিয়া* সকালে ইউ
ছফে লিয়া জাইব খেলিতে ॥ বৈকালেআনিয়া দিব তোমার সাক্ষাতে
এয়াকুব দেলেতে বড় ভাবনা করিয়া ॥ দশজনার সাতে দিল ইউছফে
শুপিয়া * দশ ভাই মেহের করে মুখে চুমা দিল ॥ছন্দল আনিয়া তার
গায়ে লাগাইল * কাকুই করিল তারা মাথার জুল্পফে ॥ বহুত মেহের
তারা করিল ইউছফে*এয়াকুব কহিল দশবেটাকে ডাকিয়া ॥ গাফেল
না থাক কেহ ইউছফে রাখিয়া * আমার জীয়ের জিউ আখের পুতুলি
শুপিনু ইউছফেতোমা সবাকারেবলি*লিয়া জাওইউছফেরেসেতাবি
আনিবে॥ ইহাকে আনিলে জীউ ধড়েতে বসিবে * ইউছফে করিয়া
কান্ধে জায় পালাইয়া ॥দেখেন এয়াকুবনবী আড়চক্ষু দিয়া*এয়াকুবের
প্রাণ গেল ধড় রৈল পড়ে ॥ চিল জেন বাচ্ছা লিলে ধাড়ি জায় উড়ে*
ছাগল দুম্বার পাল হাকে দশজন ॥ চলিল সকলবকরী কেনানের বন*
ছাগল দুম্বার পাল বনেথায় পালা ॥ ইউছফেরে লিয়ে সবে করে নানা
খেলা *এয়াহুদ নামেতে ছিল দশ জনের ভাই ॥ কাটিতে কটার ছড়ি
জঙ্গলে সান্ধায়* কাটিয়া কাটার ছড়ি আনিল মায়ায় ॥ কাটার বোঝা
ফেলে গিয়ে গাছের তলায়* দশ জন লিল হাতে এক২ ছড়ি ॥ ইউছ
ফের পায়ধরি ফেলিল কাছাড়ি*কাপড় কাছাড়েধোবা জেমন পাটায়
তেমন মারিলছড়ি ইউছফের গায়*জমিনেপড়িয়া মর্দ্দগড়াগড়ি জায়
লোটাইয়ে ধরে ইউছফ তাহাদের পায়*না মার ভাই আমার লাগিয়া
কিগোনা করিনু কহ নেহাত করিয়া * শোনরে ইউছফ তুমি নেহাত
খবর ॥আপনি হইবে বাদসাআমার চাকর*বাদসা হবেহে তুমিতক্তের
উপর ॥ এখাতেরে তোমাকে পাঠাব জম ঘর * কেহ মারে ছড়ি গায়
কাটার কাছাড় ॥ জোলফে ধরিয়া কেহ গালে মারে চড়* ইউছফ কা
তর হইয়া পড়িল ধুলায় ॥ লোটাইয়া পড়ে গিয়া তাহাদের পায় * না
মার দখায়ে মোরে কহিজে সকলে ॥ সেতাবি মারিয়া ফেল ছুরি দিয়া
গলে*তেগতলে ডাল বলে দশ ভাই ॥ ইহাকে মারিয়া চল সবে ঘরে
জাই*এয়াহুদ কহিলবাত দশজনার আগে ॥তেগতলে মারিতেখুনের
দায় লাগে * ইউছফ বেহুস হয়ে জমিনেতে পড়ে ॥ কেহ বলে জান
নাই ইউছফের ধড়ে*পালটি পালটি কেহ ইউছফেরে দেখে ॥ কেহবা
তহকিক করে হাত দিয়া নাকে*ফকির গরীব কহে কেতাবের বাত ॥
জেবা শুনে পড়ে তার বাড়ুক হায়াত *

ত্রিপদী ॥ ইউছফে দেখিয়া পক্ষ, বনে কান্দে লক্ষ২, পশু মৃগ কুঞ্জ অধিকার ॥ নেউল ভাল্লুক কান্দে, কেহত না প্রাণ বান্ধে, গাভী কান্দে ছাড়িয়া আহার * আসমান জমীন কান্দে, সুর্জ্জ আর তারা চাঁদে, ফেরেস্তাও কান্দে হুরপরী ॥ এলাহি মক্কর করে, কে তাহা বুঝিতে পারে, তেই জে ছবুরী এত করি * এহি লাল সোনা গায়, এতেক পরসে তায়, নিদারুণ ভাই দশজনে ॥ দেখিয়া ইউছফের মুখ, বিদরিয়া জায় বুক, কোন কাজ এছার জীবনে *এলাহির তরে জেই, এত দুঃখ পায় সেই, সেই হয় নাছের ভিকারী ॥ অধীন ফকির কয়, এই কথা মিছা নয়, তারে আল্লা করেন চাতুরী *

হজরত ইউছফকে কুঙাতে ডালিয়া বাঘের
বদনাম দিবার বয়ান ॥

পয়ার ॥ এয়াহুদ বলেন ভায় সোন দশজন ॥ ইউছফ মরিল মোরা জানিনু এখন * বান্ধিয়া কুঙার রসি ইউছফের কোমরে ॥ টানিয়া ফেলিয়া দিল কুঙার ভিতরে * আনিয়া কুঙার রসি কোমরে বান্ধিয়া ইউছফে কুঙার বিচে ফেলিল টানিয়া * ইউছফে বান্ধিয়া জদি কুঙাতে ডালিল ॥ ইউছফের কাছে তবে জিবরীল আইল * কুঙাতে পড়িয়া ইউছফ পানির উপর ভাসে ॥ মেহতের জিবরীলআইল চক্ষের নিমিসে * তাহাকে করিয়া কোলে পানিতে ডুবিল ॥ বানায়ে পাথরে তক্ত তাহে বসাইল *এলাহি জাহার সখা তার কিবা দায় ॥ শোনরে পামর লোক না চেন খোদায়* জিবরিল কহেন শোন এলাহির বাত আল্লার মক্কর সব বুঝাও নেহাত * এলাহি আলমিন আল্লা করেছে তামাসা ॥ তাহার মকবুল জে তাহার এই দশা *ইউছফ হইল খোস জিবরীলের বাতে ॥ ওজুদ হইলে ঠাণ্ডা জিবরীলের হাতে * ইউছফ বসিল তক্তে কুঙার ভিতর ॥ জিবরীল চলিয়া গেল আরস উপর * দশ ভায় বৈসে তারা ভাবে মনে মনে ॥ কিরূপে জওাব দিব ইউছফ বিহনে * দশভায় বৈসে তারা এই চিন্তা করে ॥ কোনকথা কব গিয়া বাপের হুজুরে*বাঘের বদনামি দিব চল জায় আগে ॥ ইউছফে ধরিয়া খাইল জঙ্গলের বাঘে * এতেক মতলব সবে দেলেতে করিয়া ॥ দুম্বা ছাগল ভেড়া দিল তাড়াইয়া * দশ জন চলে গেল বাপের হুজুরে ॥ ইউছফ বলিয়া সবে কান্দে উচ্চৈস্বরে*একজন গিয়া তার এয়াকুবেরে কয় ॥ ইউছফে খাইল বাঘে এইত রাহায় * দশ ভায়ে কান্দে তারা

করে হায় হায় ॥ বাপের দুপাও ধরে কেন্দে২ কয় ✳ ইউছফে বসায়ে কাছে খেলিতে আইনু ॥ বাঘে ধরে লিয়া গেল দেখিতে পাইনু ✳ শুনিয়া এয়াকুব নবি অচেতন হৈল ॥ উজির নাজির বলে এয়াকুব মরিল ✳ নাকে বাত দিয়া কেহ করেন উত্তর ॥ কেহ বলে বাহুড়িবে এয়াকুব পয়গম্বর ✳ কেহ কহে ইউছফ তেরা আসিবেক হেথা ॥ কপট করিয়া কেহ ডেকে কয় কথা ✳ মাথায় ডালিল পানি মুখে আর্দা দিয়া ॥ কতক্ষণ বাদে নবি চেতন পাইয়া ✳ ইউছফ বলিয়া উঠে হুতাস ছাড়িয়া কেহ ডাকে এয়াকুব বলে কান্দে মুখ দিয়া ✳ নবি বলে বাছাকে কেমনে বাঘে ধরে ॥ ধরিয়া জে জায় তাকে দেখিব নজরে ✳ দেখিয়া বাপের হাল ভায় দশ জন ॥ জঙ্গলে চলিল তারা বাঘের কারণ ✳ লোকজন সাতে লিয়া চলে দশ ভায় ॥ জঙ্গল ঢুড়িয়া ফেরে করে খাওাধ্বাই ✳ মিলে এক বুড়া বাঘ জঙ্গল ঢুড়িয়া ॥ জালেতে ধরিল তাকে সকলে মিলিয়া ✳ হরিণ ধরিয়া এক আনিল তুরিত ॥ অস্ত্রাঘাতে মারে মৃগে হয়ে খোসালিত ✳ হরিণের বহু দিল বাঘের মুখেতে ॥ লহু লাগাইয়া চলে বাপের সাক্ষাতে ✳ বেহুস আছিল নবি ইউছফ লাগিয়া ॥ হেন কালে দশ ভায় এলো বাঘ লিয়া ✳ বাঘেরে দেখিয়া নবি হৈল জার২ ॥ তুমি নাকি খাইরাছ বাছাকে আমার ✳ হায়রে নিদারুন বাঘ কঠিন তোর হিয়া ॥ কেমনেতে খেলে তুমি সেরূপ দেখিয়া ✳ অধিন ফকির কহে কেতাবের বাত ॥ জেবা শুনে কহে তার বাড়ুক হায়াত ✳

হজরত এয়াকুব নবি বাঘেরে জিজ্ঞাসা করিবার বয়ান ॥

ত্রিপদী ॥ শুনরে দারুণ বাঘ, কেমনে করিলে রাগ, কিরূপে খেলি সোনার মনিয়া ॥ বাছা মোর প্রাণধন, জানে সব ত্রিভুবন, তুমি খেলে কেমনে জানিয়া ✳ জার রূপে ত্রিভুবন, পশু পক্ষী আর ধন, মোহিত জে হৈল ঘোর নিশি ॥ আকাশ পাতাল জারে, দেখিবারে সাধ করে, রাত্ত দিন আর রবি শশি ✳ সেরূপ সোনার অঙ্গে, চোবল মারিলি রঙ্গে, কেমতে খেলি এই মুখে ॥ সুবর্ণ পুতলীর বুকে, কেমনে মারিলি নখে, কেমনে চাহিলি চার চোকে ✳ বাঘ তুমি নিদারুন; নাহি তোর পুত্র জন, তাই তোর চক্ষে নাহি লাজ ॥ দিলি মোকে পুত্র শোক, তোর হবে এই রোগ, তোমার মুখেতে পড়ুক বাজ ✳ এয়াকুব দিলেন সাপ, বাঘের হইল তাপ, মাথা তুলে আড়চক্ষে মেলে ॥ এতেক শুনিয়া রোল, বাঘ হইল পাগল, অধীন ফকির এহা বলে ✳

বাঘের জবানিতে ইউছফের খবর পাইবার বয়ান ॥

পয়ার ॥ বাঘ কহে শুনহে এয়াকুব পয়গম্বর ॥ কিলাগি বদনাম কর আমারউপর*আল্লার ফরমানেসে বাঘের হইলকথা ॥ শুনিয়া এয়াকুব নবি হেট কৈল মাথা* আফতাব মাহতাব হৈতে জাহার ছুরত ॥ তা-হাতে মারিতেপারে কাহার কুদরত*বাঘকহেপয়গম্বর কহিজেএকিন ভার হারা হয়ে আছি আমি দিন২ * জঙ্গলেতে ফিরি আমি তাহাকে ঢুড়িয়া ॥তেরা দশবেটা মোকেআনেপাকড়িয়া*নাজানিএদুখ কেয়ছা না জানি খবর ॥ নাহক বদনাম মোরে দেহ পয়গম্বর * একেত ভায়ের শোকে জঙ্গলেতে ফিরি ॥ না দেখিনু ইউছফেরে মিথ্যা দায়ে মরি * এবাত শুনিল নবি বাঘের জবানে ॥ হায় নাওজবেল্লা বলে হাত দিল কানে * খাসি দুম্বা আনিয়ে বাঘের তরে দিয়া ॥ খুব তরে খেলাইল আছুদা করিয়া * খেলায়ে বাঘের তরে বিদায় করিল ॥ নেহাত খবর বাঘহইতেপাইল*হায়রে ইউছফমেরা কোথা ছেড়েগেলি ॥দশবেটা দাগা দিয়ে ইউছফ মারিলি*কান্দেন এয়াকুব নবি জার২ হৈয়া ॥ এক রোজ জিবরীল তথা পৌছিল আসিয়া* জিবরীলে কহেন নবি হইয়া খোসাল ॥ তুমি কিছু জানমেরা ইউছফের হাল*জিবরীলকহেআল্লার হুকুম নাই মোরে ॥ নেহাত কহিতে তেরা দশ বেটা পারে * এতেক কহিয়া জিবরীলগেলেনআরসে॥এয়াকুবথাকিলবসেইউছফেরহুতাসে কান্দিয়া ফুলিল মুখ চক্ষে বহে পানি ॥এয়াকুব হইল কানা চক্ষে পড়ে ছানি*ইউছফে সুপিতুন জদিএলাহি আলমিনে ॥ খবর পাইতুন আমি জিবরীলে স্থানে*মানুসে সুপিয়া দিনু সোনার কমল ॥বেহুসে হারানু নিধি হইয়া পাগল*আর এক রোজ জিবরীল আইল হুজুরে ॥ ছালাম আলেক এসে করিল নবিরে*এয়াকুব বলেন জিবরীল শুন মেরা ভায় ইউছফ বিহনে আমার আঁখে সোজেনাই*আজরাইলে পুছিবে ভায় মোরপেরেসান ॥তারঠাই আছেকিবা ইউছফেরজান*জিবরীলকহেন শুনএয়াকুবপাগল ॥ ইউছফেপাঠালে তুমি চরাতেছাগল*এলাহিকে না শুপিয়া শুপিলেমানুসে ॥আপনি বেনেলআল্লা হইলআরসে*আজ রাইলেরঠাই নাই তেরাবেটারজান॥দুনিয়ারবিচেপাবে নাহক হয়রান কহিয়ে সকলবাতগেলেনজিবরীল॥ইউছফের কাছেতবেহলেনদাখিল জিবরীলকহেনতুমিশুনমেরা বাত॥ হামেসা করহতুমি আল্লারএবাদত এলাহিআলমিনআল্লা কুদরতকামাল ॥ জলিলজব্বারনামঅনেকখেয়াল

তার এবাদত করিয়া আপনি ॥ না হবে নিরাস তারে রাখিবে রব্বানি এতেকবলিয়া জিবরিল চলিলউপরে ॥ইউছফ রহিলসেইকুওারভিতরে কে পারে বুঝিতে দেখ আল্লারমক্কর ॥ মালেক নামেতে একছিল সওদাগর*রাহাভুলে আইলসেই জঙ্গলভিতরে॥ হাতিঘোড়া উট আইল কুওারকেনারে*হাতিঘোড়া উটআর লোকজন লিয়া ॥ জঙ্গল ভিতরে সাধু রহে ওতারিয়া*ঘোড়া গাধা গাড়ী আর মজুর বেপারি ॥ ছাগল বলদ কান্দে গাড়ী সারি২ * তাম্বুকানাত বান্দে ময়দান দেখিয়া ॥ সওারি ছেপাই সব রহে ওতারিয়া*কেহবা পাকায় খানা কেহথাকে শুয়ে ॥ মালেক সওদাগর থাকে কানাত ডালিয়ে*লাটুয়া লাটনি রঙ্গ তামাসা বহুত ॥ বড়২ হাতি ঘোড়া সাজায় মাহুত*নাচগীত হরসিত সওদাগর রয় ॥ রজনী প্রভাত হৈলে রবির উদয় * সঙ্গে করে নিল সাধু সাতের নফর ॥ বাহিরে চলিল সাধু কুওা বরাবর*দেখিয়া কুওার পানি সাধু হৈল খুসি ॥ লোটার গলায় বেন্ধে ডালিলেক রসি*ডুবিয়া জে গেল লোটা ইউছফের পাশে ॥ মেহতের জিবরিল আইল চক্ষের নিমিসে * জিবরিল আসিয়া কহে ইউছফের কানে ॥ রসি ধরে উঠে জাও আল্লার ফরমানে * সওদাগর লয়ে জাবে আপনার ঘরে ॥ কত দিন বাদে জাবে কেনান সহরে * ইউছফ নবীকে জিবরিল এতেক কহিয়া ॥ আরস উপরে জিবরিল গেলেন চলিয়া * সওদাগর নফর দোহে খুসি হৈয়া দেলে ॥ কুওার ভিতরে লোটা রসি টেনে তোলে কুওার ভিতরে লোটা ইউছফের পাশে ॥ রসিধরি লোটারউপরে নবী বৈসে*সওদাগর নফরদোহে করে টানাটানি ॥তুলিতে কুওার লোটা অনেক পেরেসানি*রসিধরি খেচেতোলে করে বড়া জোর ॥ রওসানি দেখিতে পায় কুওার ভিতর * পুন্নিমার চান্দ এক বালক সুন্দর ॥ কি খাতেরে বসে আছে রসির উপর * সাত পাচ কতকথা মনে২ বলে ॥ টান মেরে খেচিয়া জে ইউছফেরে তোলে*উজালা হইল জদি কুওার কেনারে ॥ সওদাগর লুকাইল গাছের উপরে * জঙ্গলেতে দশ ভাই ছিল ইউছফের ॥ রওসনী দেখিয়া তারা আইলেন ফের * পৌওছিল আসিয়া তারা করে ধাওাধাই ॥ সওদাগর এসে দিল বাদসার দোহাই সওদাগর বলে কেন কর ডাকাডাকি ॥ দশ ভাই বলে তুমি কুওাতে পাইলে কি* নফর ফেলিয়াছিনু কুওার ভিতর ॥ বড় দাগাবাজি গিধি সয়তান নফর* জাহাই করিয়া ভাল লিয়া জাব ঘর ॥ ইহার বিশেষ

ভাই কহিনু খবর*এহা বলে সওদাগির ধরে দশজন ॥ কান্দিয়া মিনতি সাধু করে নিবেদন * সাহেক লায়েক বটে না হবে গোলাম ॥ ইহার পাওতে পারি করিতে ছালাম* আমাদের গোলাম এই দশ ভাই কয় নেহাত করিয়া সাধু কহিনু তোমায়* নফর রাখিতে জদি চাও সওদা গর ॥ ধনদিয়া কিনে লেও জাও নিজঘর* দশবিশ টাকাকড়ি দশজনে দিয়া ॥ লেখাপড়ি করে নিল গোলাম বলিয়া * ইউছফেরে তুলেদিল উটের উপর ॥ তাম্বু কানাত তুলে নিল সওদাগর*আলাও লস্কর সাধু আপনি লইয়া ॥ আপনার দেশে জায় খোসাল হইয়া * আয়েনা আপনি ইউছফ নজর করিল ॥ আপনার রূপ মর্দ্দ দেখিতে লাগিল * আপনার ছুরত মর্দ্দ দেখেন বসিয়া ॥ এলাহি বেদেল হৈল তাহার লা গিয়া*আপনার রূপদেখে আপনি পাগল ॥ এলাহি বলেন তার পাবে প্রতিফল* শুমার করিল দেলে না করিল নাম ॥ এত দুঃখ পাইল তবু হৈল গোলাম*এলাহি এতেক মনে করিল আরসে ॥ ইউছফ উটেতে জায় কত মনে হাসে * নামাকুল ভাই সব না বুঝিল কাম ॥ কেনবা বেচিল বলে আপনা গোলাম* আর কিছু বলেজদি বেচিতে আমাকে পাইত অনেক ধন খেত মনশুখে * ইউছফ চলিয়া জায় উটের উপরে দূরে হৈতে দশভায় দেখিল তাহারে * হাত ছানি দিয়া বলে উটের ওয়ারে ॥ সামালিয়া লিয়া জাও ইউছফ নফরে * বড় দাগাবাজ গিধি শয়তান নফর ॥ দাগা দিয়া পালাইবে না পাবে খবর * একথা শুনিয়া ওয়ার হুসিয়ার হৈল ॥ হাতে পাও রসিদিয়া ইউছফে বান্দিল*উটের উপরে এক ফেলাইয়া খাট ॥ ইউছফে বসিয়া তার গায়দিল টাট*ইউ ছফ মায়ের গোর নজরে দেখিয়া ॥ সেই রাহা দিয়া জায় কান্দিয়া২ * সহরবান কান্দনা শুনে আইল দড়বড় ॥ ইউছফের জোলক ধরে মারে এক চড়*ইউছফে মারিল চড় সওদাগর দেখিয়া ॥ পিছে হৈতেআগে বর্দ্দ আইল দৌড়িয়া*সওদাগরদেখে বলে ইউছফের হাল ॥সহরবান মারিল চড় বাড়িল জঞ্জাল * ইউছফ কোন জন কেহ না জান খবর ॥ ইউছফেরে মারিলি তুই বলিয়া নফর * ইউছফ সাহেব মেরা আমিহ গোলাম ॥ ইহার পাওতে পারি করিতে ছালাম * দুরহ হারামখোর এখান থাকিয়া ॥ লস্কর থাকিয়া তারে দিল খেদাড়িয়া* সাধুবলে ইউ ছফ তুমিনা করিহমনে ॥ তুমিতেমন তাহাদেখেছি স্বপনে*হাতের পায়ের রসি ফেলিল টানিয়া ॥ গায়ের পুছিল ধুলা রুমাল ভিজাইয়া*

আপনি চলিল সাধু পালকিতে চড়িয়া ॥ ইউছফেরে লিল সাধু সুমুখে বসাইয়া*ইউছফ কহেনশোন সাধু সওদাগর ॥আমাকেবেচিয়া তুমি জাও নিজ ঘর* বহুত দেলাব মাত্তা শুন সওদাগর ॥বাদসাই করিবে গিয়া তক্তের উপর * এবাত শুনিয়া সাধু খোসাল হইল ॥ ইউছফে বেচিতে দেশে মেছের পৌছিল* বদর বলেন বড়খা আকবত সমাল তকব্বরি করে জারা তার এই হাল * তকব্বরি জেবা করে বলে ধিক২ এখানে আইল গীত পালার মাফিক * অধীন ফকির কহে কেতাবের বাত ॥ ইউছফ জেলেখা দোন বড় নেকজাত *

তৈমুছ সাহার বাদসাই ও জেলেখা
পহেলা খোওাব দেখে ॥

পয়ার * বড়খা বলেন পীর মোর পানে চাও ॥ ইউছফ জেলেখার কথা আমাকে শুনাও*কেমনকরিয়া সাহা ইউছফে বেচিল ॥ কিরূপে জেলেখার হাতে ইউছফ বিকিল*শুনিয়া খোসাল বদর বড়খার বাত ইউছফ জেলেখার জত কহে হকিকত * পশ্চিম মুল্লুকে দেশ দুনিয়া ভিতর ॥ তৈমুছ নামেতে বাদসা বড় জোরওার * হাতি ঘোড়া মাল মাত্তা নাহিক সোমার ॥ বড়া জবরদস্ত বাদসা বড়া নামদার*.সেফাই লস্কর লোক লেখা জোখা নাই ॥ বাঘ ও বলদে পানি খায় এক ঠাই* জেরদস্তের উপরেতে জবরদস্তী নাহি ॥ অনেক মুল্লুক লিয়া করেন বাদ সাহি*নানা জাতি বসতি করেন ঘরে২ ॥ চোরআর তস্কর ডর নাহিক সহরে * এমন আদলে খুব করেন বাদসাহি ॥ এক বেটি বাদসার ঘরে আর কেহ নাহি*জেলেখা নামেতে বেটী আজব ছুরাত ॥ বহুত হুনুর জানে বড়া নেকজাত * হুরপরি জিনে রুপ দিতে নাহি সীমা ॥ এক মুখে কব কত রূপের মহিমা*পুন্নিমার চন্দ্র জে মুখের ছুরাত ॥ ত্রিভুবন জিনে দেখি রুপের মুরত * মউরের পর জিনে কেশ মাথা পরে ॥ রাহু জেন গরাসিল আসিয়া চন্দ্রেরে * ত্রিভঙ্গ নয়ান জেন খঞ্জনের আঁখি ॥ ভুবন ভুলাতে পারে সেই রূপ দেখি * দুই খান ঠোঁট জেন কমলের ফুল ॥ তাহার বদন জেন চন্দ্র সমতুল * বত্রিশ দন্ত দেখি জেন মুক্তার ঝারা ॥ বিদ্যায় পণ্ডিত জেন সরস্বতি পারা*দুটী হাত দেখি জেন কুন্দিকার তুল ॥ আতায় চিক্কন জেন দশটী আঙ্গুল * মুখের বচন জেন অমৃতের ধার ॥ পিটের লোটনেশোভে গজমতিহার সুবর্ণের হার ফুল শুন্দরীর গলে ॥ দুরেতে পালায় দুখ ছুরত দেখিলে

দেখ ওহে সওকন্দ করিয়া খেয়াল ॥
কহিতেছে পীর মর্দ্দ ইউছফের হাল *



শুবর্ণের ফুলজেন ডালেরউপর॥ দুটীঠোট দেখিজেন অতি সেশুন্দর বুকের কাচলি জেন করে ঝিকিমিকি॥ চন্দ্র শুর্জ্জ মেঘে জেন হয়ে জায় লুকি * অতি ক্ষিণা মাজা তার কে করে বাখানি॥ চলন খঞ্জন তার দেখে ভুলে মণি * সোণার পালঙ্গে বৈসে পান গুয়া খায়॥ সোণার ভ্রমরী জেন চারিদিকে চায় * তিলেক না পারি রূপ করিতে বয়ান দেখিলেক মণি ভোলে হইয়া অজ্ঞান *// রূপার সকল বস্ত্র জেলেখার গায়॥ দাসী বান্দী আগে পিছে কত জন ধায় * দাই মেহেরবান কাছে থাকেন মোদাম॥ জতন করেন সবে আনন্দে আরাম * আপনার রূপ বিবি আপনি তাকায়॥ দেখনা তামাসা পয়দা করেনখোদায় * একদিন জেলেখা বিবি আনন্দ অন্তরে॥ অন্দরে আছিল শুয়ে পালঙ্ক উপরে * দাসি বান্দি ছিল সবে চৌদিকে ঘিরিয়ে॥আনন্দে বাদসার বেটী নিদ্রা জায় শুয়ে *//আল্লার কোদরতে আইল ইউছফ সপনে॥ জেলেখায় দিল দেখা ছুরত জোবনে *// ইউছফের রূপ দেখে ধন্দ বড় লাগে॥ জাগিয়া উঠিল বিবি চায় চারিদিগে * এই ছিল কোথা লেগ দেখিনু নয়নে॥ কেবল নেহাত জেন দেখিনু সপনে * কেবা আর দেখিয়াছে এমন ছুরত॥ গমজাদা হৈয়া থাকে জেলেখা আওরত * দাসি বান্দি জত ছিল উঠিল জাগিয়া॥ দেখিল জেলেখা কান্দে হেট ছের হৈয়া * দাসি বান্দি বলে কান্দ কিসের খাতিরে॥ বাত নাহি কহ কেন আছ হেট ছেরে * দাসি বান্দি জত পুছে কিছু নাহি বলে॥ সপনের রূপ বিনে কিছু নাহি দেলে * গোম হৈয়া কান্দে বিবি ভাবিয়া রব্বানি॥ অঝর নয়নে কান্দে চক্ষে বহে পানি * কি বিধি কুবুদ্ধি মোর কপালের লেখা॥ বঞ্চিত করিলে প্রিয়া মোরে দিয়া দেখা * আঁখির পলকে প্রিয়া গেল দেখা দিয়া॥ ধরিতে২ গেল সোণার মুণিয়া * কান্দিতে২ আঁখি হৈয়া গেল লাল॥ অধিন ফকির কহে আসকের হাল *

জেলেখার বেকারারির বয়ান॥

ত্রিপদী॥ জেলেখা বসিয়া কান্দে, কেশ বেশ নাহি বান্দে, নাহি দেয় মাথায় বসন॥ এসে ছিল কোন জনা, রূপ জেন কাচা সোণা, দেখে রূপ মন উচাটন * হায়রে দারুণ বিধি, হারাইল প্রাণ নিধি, হারাইনু রূপের মলিঞা॥ ক্ষণে২ মনে উঠে, না দেখিলে প্রাণ ফাটে, হারানুগলার হাশুলিয়া * সঙ্গের ছেহেলিয়া কয়, সপন জথার্থ হয়, কেন কর মনের আবেশ॥ দিবসে হেরিলে কাকে, ভাবনা ভাবিলে তাকে, তুমি কন্যা নবীন বয়সে॥ জেলেখা গোস্বায় বলে, বুদ্ধি নাহি তো

সকলে, নাহি পড় আগুণ আসকে ॥ কোন জনা জানাইল, তায় না নির্ণয় হোল, কে মারিলে এনে ছুরি বুকে * সেই রূপ রাখে জত, আমি ছার নহে তত, নাহি তার আঙ্গুলের কোণে ॥ সোণার ভ্রমরা সে, তার রূপ পায় কে, তার মত নাহি ত্রিভুবনে * মনেতে বিসাদ রেল, ভালো বুরা না কহিল, এককথা আপনার মুখে ॥ ভাল কথা মনে হল, এখানেতে এসেছিল, সেই ছুরি মেরে গেছে বুকে * দুটী চক্ষু মুদে থাকি, সেই রূপ সব দেখি, সেই বুঝি জুবতির প্রাণ ॥ অধীন ফকির কয়, মোর মনে অন্য নয়, ইউছফ রূপে জেলেখা হয়রান *

দাই বিবি জেলেখার হাল জিজ্ঞাসা করে ॥

পয়ার * হেট ছের হৈয়া বিবী কান্দেন জেলেখা ॥ উচাটন হৈল মন বসে ভাবে একা * হেনকালে দাই আসি বসিল শুমুখে ॥আলাই বালাই লয়ে চুমা দিল মুখে * দুধ পেলাইয়া তোকে করিনু মানুষ ॥ কিসের লাগিয়া বাছা হয়েছ বেহুস * কেন হেন হাল কিবা দেখেছ স্বপনে ॥ হেথা এস কোলে বস কহ কানে২ * নাহি খাও নাহি পেও হও হুসিয়ার ॥ তোমাকে দেখিয়া আমি হৈনু জার২*তুমিত বাদসার বেটী এক বনেনাই ॥এইহাল দেখেতেরা মা বাপ জীবেনাই*জেলেখা বলেন আমি দেখেছি সপন ॥ সপনে দেখিয়া রূপ মন উচাটন *এমন পুরুষ আর না আছে ভুবনে ॥ তাহারে দেখেছি আমি শয়নে শ্বপনে* ছহেলি সকলে বলে হেন লয় মনে ॥ দেখিয়াছ পরের বেটা আপনা নয়নে * কে মারিল কামবান এতেক জন্ত্রনা ॥ জৌবন দেখিয়া কেবা করে জাদুটোনা * দেন দান হবে কিবা পরীর বালক ॥ দেখিয়া তাহার রূপ হইল আসক* য়োস্বায় জেলেখা বলে শুন ওগো দাই ॥ মা বল এমন কথা তোমাকে সমজাই*জাহার ছুরত আমি দেখিনু নয়নে কি রাখিব প্রাণধন তাহার বিহনে*দাই বলে জেলেখা গো শুন দিয়া মন ॥ সে পুরুষ কোথায় থাকে কাহার নন্দন * উদ্দেশ পাইলে পারি অবশ্য আনিতে ॥ ঘড়িকে আনিতে পারি ছয় মাসের পথে *আছমানেতে থাকে কিম্বা পাতাল ভিতরে ॥ জ্বেয়ানে আনিতে পারি তেরা বরাবরে * না জানি কাহার পুত্র নাম কিবা হয় ॥ জ্বেয়ানে আনিব তারে মনে নাহি লয় * এ বড় বিষম কথা বুঝিতে না পারি ॥ ফুটিল প্রেমের কলি মন হলো ভারি* কেমন শুজন বালা কিবা তার নাম ॥ জানিলে আনিতে পারি করিয়া গোলাম * পেরেসানে দাই গেল করিতে খবর ॥ তুরিত চলিয়া গেল বেগমের ঘর*জেলেখার বাত্তি কহে

হাত দিয়া বুকে ॥ জেলেখা বেহুস হোল দেখ এসে তাকে * শুনিয়া দায়ের মুখে বেগম অস্থির ॥ আস্তে ব্যস্তে চলে জায় বাদসার হুজুর * বেগম বাদসায় গিয়া কহিলখবর ॥ জানিলঅন্দর বাহির গোলামনফর জেলেখার কামবাণে প্রমাদ এই ঘটে ॥ কানাকানি করে লোক ঘাটে আর মাঠে * এইরূপে বচ্ছর এক গোজারিয়া জায় ॥ জেলেখা ছুরত দেখে করে হায়২ * সরম ভরম লাজ সব দুরে গেল ॥ ছুরত দেখিয়া বিবী পাগল হইল * সেরূপ দেখিয়া বিবী হোল ছারখার ॥ স্বপনে ছুরত দেখে মলিন আকার*না দেয় বসন বুকে পাগলের প্রায় ॥ লাজ ভয় দুরে রেখে নাচিয়া বেড়ায় *এই সহ বেহাল দাই নজরে দেখিয়া বাদসার হুজুরে খবর কহিল আসিয়া * বাদসার বেগম দেখে হেউ ছের করে ॥ নামদার লোগ হয়ে মছলত ঠাহরে* উজির নাজির কহে দোন হাত জুড়ি ॥ জেলেখার এলাজ এই পাও দেহ বেড়ি * এ বাত শুনিয়া বাদসা বিবীজেলেখারে ॥ পাওবেড়ি দিয়াতারে রাখিলঅন্দরে জেলেখা নাচার হৈল বাত নাহি তার ॥ ছুরত খাতেরে কান্দে হয়ে জার২*এগার বচ্ছরকাটে পেরেসান হালে ॥ জেলেখা খোওাবে ফের দেখিল মহলে * সে ছুরত আসিয়া কথা হাস্য মুখে কয় ॥ অধীন ফকির এহা কেতাবেতে কয় *

জেলেখা দোশরাবার হজরত ইউছফকে
খোওাবে দেখিবার বয়ান ॥

পয়ার * জেলেখা ইউছফে দেখে খোওাবঅন্দরে ॥ ছালাম করিয়া খাড়া হইল হুজুরে * জেলেখা বলেন তিন সাল এই হালে ॥ দেখিয়া স্বপনে তুঝে জিউ মেরা জলে*কোথায় গোজরান তেরা নাহি জানি নাম ॥ কোন দেশে বসতি তেরা বাড়ী কোনগ্রাম* আমাকে করিয়া বান্দি লিয়া জাও সাতে ॥ তোমার উচিত নহে মোকে ছেড়ে জেতে না জাও না জাও নাথ আমাকে ছাড়িয়া ॥ জদি জাহ প্রাণ মোর লেহ নেকালিয়া * বসতি তোমার কোথা থাক কোন দেশে ॥ দেখা দিয়া গায়েব হও চক্ষের নিমিসে * অধিন ফকির কহে কেতাবের বয়ান ॥ শুনিলে জে বাড়ে বুদ্ধি অজ্ঞানের জ্ঞান *

খোওাবে হজরত ইউছফে বিবী জেলেখা আপন
হাল বয়ান করে ॥

ত্রিপদী * জেলেখা বলেন বাত, শুন মোর প্রাণনাথ, তুমি নাকি রূপের মুরালি ॥ তোমায় না দেখে মরি,ফুকুরে কান্দিতে নারি,আসক

আগুনে সদা জ্বলি * এরূপ মোহন বেশে, ছিলে তুমি কোন্ দেশে; এরূপ গড়িল কোন জনা ॥ হাসিয়া পাগল কর, ভুবন ভুলাতে পার, বরণ জিনিয়া কাচা সোণা * এরূপ দেহেতে মতি, সে জে কেমন জুবতি, সঙ্গে লেহ করিয়া ছেহেলি ॥ চিত্তচোরা নামতোর, চিত্ত চুরি কৈল মোর, কুল শীল সকলি মজালি * বদনে মধুর হাসি, ঐ মোর সর্ব্বনাশি, ঐরূপ জ্বলনেতে জ্বলি ॥ আনার ফলের দানা, দন্তজেন কাচা সোণা, হাসিলে সে চমকে বিজুলি * জল বিনে মীন মরে, এই তিন বচ্ছর পরে, তেমনি আমাকে কৈল কালি ॥ তোমার গঠন দেখি, দেখা দিয়ে হৈলে লুকি, প্রাণ রাখ দেখিয়া ধামালি * অধীন ফকির বলে, আসকে আগুণ জ্বলে, কৃপায় শীতল দেই ঢালি ॥ আসক আগুণ বড়, শুরোধ লোক জানে দড়, অনলে অমৃত দেহ ঢালি *

স্বপনে ইউছফ আপনা ঠিকানা কহেন ও দেশে দেশে হৈতে পয়গাম আইসে ॥

পয়ার * খোওাবে ইউছফ বলেশোনরে জেলেখা ॥ জদিচাহ তুমি মোরে করিবারে দেখা*মেছের মুল্লুকে থাকি আজিজমেছের ॥কহিনু আপনা নাম শোনহ খবর *আমার হইতে জদি থাকে তেরা দেলে ॥ রাখিবে পেয়ার মোরে পাবে কোন কালে * তোমার উপরে মেরা এয়ছাই পেয়ার ॥ পরিণামে তুমি আমি করিব দিদার * খোওাবে আমাকে তুমিনা পাইবে দেখা ॥ ইউছফ বিদায়হৈল জাগিল জেলেখা চমক লাগিয়া উঠে কহিল দায়েরে ॥ তামামছেহেলা শোন বলি সবা-কারে*দাইদাসি আর বান্দি খেদমতগার জত ॥ আমার হুজুরে আইস শোন হকিকত * জেলেখা বলেন মোর হইল সউর ॥ আক্কেল হইল মেরা দেওানি হৈল দুর * অচেতন ছিল জীউ হইল কারার ॥ শুনিয়া খোসাল হবে হাজার২* বাদসা বেগম শুনে দোন একসাত ॥ শুনিয়া খোসাল সবে জেলেখার বাত * মাতারি পুছিল বেটী কহ মেরা আগে ॥ এমন বেহুস কেন হৈলে আপনাকে * বিভার লায়েক তেরা হইল বয়েস ॥ সম্বন্ধ করিতে লোক আইল দেশ২ * কত দেশ হৈতে আসে নেছবত পয়গাম ॥ একে২ শোন তুমি বলি তার নাম *শুনেন জেলেখা বাত কহেন মাতারি ॥ কহিতে লাগিল সবদেশের নাম ধরি একে২ কহি শোন মুল্লুকের নাম॥ জেথা২ হৈতে আসে নেছবত পয়গাম * রুম শাম চীন জঙ্গ সিরাব আরব ॥ এমন ইউনান আর বখারা কবর *বোগদাদ গুজরাট আর হিন্দি সহর ॥ সমরকন্দ সরন্দিপ

কাশ্মীর লাহোর * আর জত নাম সব মুল্লুকের ছিল ॥ একেং জেলেখায় সব শুনাইল * জেলেখা শুনিয়া সব লেখেন পয়গাম ॥ হেট ছেরে কান্দে বিবী না হয় আরাম * সেই ঘড়ি আইল লেখা আজীজ মেছেরীর ॥ বড় নেকজাত মর্দ্দ বাদসার উজির * রয়হান নামেতে সাহা মেছেরেরআমীর ॥ আজিজ মেছের নাম তাহার উজীর*মেছের মুল্লুকে থাকেন উজীর আজীজ ॥ তাহার পয়গামেজেন পাইল তাবিজ জেলেখা পয়গাম তার করিল ছালাম ॥ দেখিয়া শুনিয়া সবার প্রাণের আরাম*সবে কহে মেছের মুল্লুক দেশহৈতে ॥ জেলেখা হইল রাজি বুঝিনু দেলেতে*কতশত দেশহৈতে আইল পয়গাম ॥ তায়না হইল রাজি জেলেখার মন * তৈমুছ শুনিল তাহা ঐ বিবীর বাপ ॥ বড়ই আনন্দ হয় দুরে জায় তাপ*বাদসার লায়েক তুমি ভেজিনু পয়গাম ॥ মোর বেটি দিব তুঝে কর সাদি কাম * নেকবক্ত সায়েক তুমি বড় নামদার ॥ সরঞ্জাম লও৷ জমা কর সাদি কর * এয়ছাই তৈমুছ দিল পয়গাম জওাব ॥ উকীল পয়গাম লিয়া চলিল সেতাব * আজিজ মেছের খত দিলেক উকীলে ॥ আজিজ পয়গাম পেয়ে আনন্দিত দেলে * আজিজ পয়গাম ফের ভেজিল বাদসায় ॥ অধিন ফকির কহে ভাবিয়া আল্লায় *

আজিজ মেছের তৈমুছ সাহাকে পয়গাম পাঠান
তাহার বয়ান ॥

পয়ার * আজিজ জওাব পাইয়া আনন্দ হইল ॥ তৈমুছ বাদসাকে ফের পয়গাম ভেজিল * আজিজ লিখিল জদি রাজি হয়ে দেলে ॥ বড়ই আনন্দ আজি কহি পানাতলে*হেথায় রয়হান সাহা মেছেরের আমির ॥ মোদাম থাকিতে হয় হুজুরে হাজির*হামেসা বৈঠকে মেরা দেওান দরবারে ॥ ফোরছত না পাই আমি জাই কি প্রকারে * করম করিয়া জদি নেহাতআমায় ॥তেরা বেটী ভেজেদেহ আরজতেরা পায় বৈদি হইবে কাম নাহিক এড়ান ॥ আমার আরোজ এই শোন দিয়া মন * হেথায় করিব সাদি মেছের সহরে ॥ দেখিবেক লোগ সব বাদসার দরবারে*ফোরছত না হয় মুঝে হুজুরে জাইতে ॥ হেথায় করিব সাদি দেল খোসালিতে*হামেসা মেহের তুমি কর মেরা পরে ॥ পয়গাম পড়িয়া বুরা না ভাব অন্তরে * আজিজ পয়গাম ভেজে উকিল পাঠাইয়া ॥ উকীল তৈমুছে লেখা দিলেক আসিয়া * উজীর নাজির জত আরকান দৌরত ॥ পয়গাম পড়িয়া সবে করেন মছলত * উজীর

নাজিরকহে বাদসার হুজুর ॥ আমা সভাকার বাত করহ মঞ্জুর * আপনা বেটীর বাত জান হামেহাল ॥ দেওনা হালেতে বিবী ছিল তিন সাল না জানি কিহাল বিবী হইল আখেরে ॥ আমাদের মছলত ভেজেদেহ জেলেখারে * পছন্দ করিল বাদসা তৈমুছ শুনিয়া ॥ আপনা লস্কর সব লিল মাঙ্গাইয়া * লোগজন সরঞ্জাম জওাহের জেওর ॥ হাতি ঘোড়া উটগাড়ি গোলাম নফর * কাপড় জতেক আর সোনার গহনা ॥ বান্দি চেড়ি দিল দিল কত বেহার ছামানা * জেলেখার হেথা সবে করিল সেঙ্গার ॥ হুরপরি জিনিয়া রুপ ছুরত তাহার * অধিন ফকির কহে কেতাবের বাত ॥ জেবা পড়ে শুনে তার বাড়ুক হায়াত *

জেলেখার সেঙ্গারের বয়ান ॥

ত্রিপদী * দেলে বড়া হৈয়া খুসি, তামাম বান্দিসে আসি, জেলে র করেন সেঙ্গার ॥ প্রথম সেঙ্গারে সাদ, লোটনে সোনার চাদ, গলে ল গজমতিহার * নাকেতে সোনার নত, মতির জড়িত কত, রওসনি রে ঝল মল ॥ কানেতে কনক পাত, হীরা লালতার সিত, ঝল মল গন উজ্জল * হাতেতে কাচের চুড়ি, বাউটি কামের বেড়ী, কাঙ্গনে নক তার শোভে ॥ পিটপরে পিটঝাপা, মাথায় সোনার চাপা, মুনি ভুলি জায় লোভে * খঞ্জন নয়ন দেখি, ভ্রমরা নয়নে সখি, লুকাইত নে সদয় ॥ আপনার বেশ করি, নিদান সে হুরপরি, চন্দ্রজেন হইল য় * রঙ্গিলা রঙ্গিনী সাজে; নানা রঙ্গ বেশ মাঝে, কোকিল সমান তগায় ॥ নানা রঙ্গভঙ্গ করি, নাচেগায় সারিসারি, রঙ্গরসে মোহিত য় * সঙ্গেতে জতেক দাসি, জেলেখার মাতা আসি, দাড়াইল টীর সুমুখে ॥ কান্দিয়া২ কয়, কেমনে প্রাণেতে সয়, কিরূপে বাচিব রা শোকে * সোনার মানিয়া পাখী, কোন দেশে রবে লুকি, কে রবে আপনা অধিন ॥ অন্ধকার ঘর হলো, কারে এত শোভা পাইল র দুক্ষু. কর শুভদিন * বেগম অধিক কান্দে, কেশ বেশ নাহি বান্ধে, মুছ কান্দেন তার বাপ ॥ অধিন ফকির কয়, শুনিলে চতুর হয়, জুগে গ জায় তার তাপ *

তৈমুজ সাহাজাদি মেছেরে জায় ও আজিজ মেছের বিবী জেলেখারে লইতে আসিবার বয়ান ॥

পয়ার * রুমের আতলোস দিল জেলেখার গায় ॥ পুন্নিমার চাঁদ ন হইল উদয় * হৃদয়ে কাচলি আটা তার কথা সোন ॥ রুপ হেরি লে মনি মন উচাটন * কাচলির চিত্র জেন শোন চিত্তে ॥

চন্দ্র সুর্জ্জ শোভিয়াছে ডাহিনে বায়েতে * হেরিল গঠন তার সুজ্জনের শোভা॥জেনকিবা বকুল উলটীলে হয় শোভা*এমন কাচলি চিত্র বান্ধিল বিদায় ॥ জেলেখা পরীর বেটী সর্ব্ব লোকে কয়*হাতির উপর তবে বান্ধিল আম্মারি ॥ লিল জেলেখারে দাই নিজ কোলে করি * আম্মারি উপরে তবে ঘিরিল কানাত ॥ বহুত চলিল্ল ভোজ সাজাদির সাত*ঘোড়া ঘুড়ি গাধা গাড়ি উট ও চৌদল॥বান্দি গোলাম দোলা ডুলি মাহাফা পাণ্ডদল * আপনার নিজ ধন আপনি লইয়া ॥ হাতির উপরে তবে আনন্দ হইয়া * নানা মতে নাচে গায় ডুবকী বাজায় ॥ দায়ের হাতে শুপে তবে দিল জেলেখায়* মেরা নয় তেরা বেটী শুন গো বহিনী ॥ তুমি আমি ভিন্ন২ কভু নাহি জানি * হেথা ঘন নাকারা নিসানে সোর কহে ॥ সাজ২ হাক হাকে তামাম লস্করে * ঢাক ঢোল কত বাজে মাদল মন্দিরা ॥ হাতির সমুখে নাচে হাতিনী মাওতারা * নাকারা নিসান বাজে নাচে কাড়া জুড়ী ॥ বাজনা শুনিয়া নাচে কত ঘোড়া ঘুড়ি * জেলেখা করিল জাত্রা মেছের সহর ॥ আড়ে দিগে শোল কোশ চলিল লস্কর * মঞ্জেল মঞ্জেল রাহা হাসিতে নাচিতে ॥ চলিল ছেহেলি সঙ্গে হাতির পিঠেতে * বিবীর সমুখে কয় শুমধুর বাণী ॥ হাতির উপরে নাচে নাওটা নাওটানি * নেপুর করতাল বাজে বলে সাজ সাজ ॥ গড় পরে কামান ছাড়ে বন্দুক আওজ * সাহাজাদি লস্করেতে জেই পথে জায় ॥ দেও ভুত পক্ষ আদি তরাসে পালায় * রাহাতে লস্কর জায় হাসিতে হাসিতে ॥ দু চারি মঞ্জল বাকি মেছের পৌঙছিতে * উকিল আজিকে গিয়া দিল সমাচার ॥ জেলেখার লস্কর আইল সহর ভিতর *শুনিয়া আজিজ মর্দ্দ হইল ফাফর ॥ আগু হৈয়া আনিবারে মাঙ্গায় লস্কর * মল্লুকের লোকজত ছিল নামদার ॥সবারে তলবকৈল হুকুমবাদসার*দোলা ঘোড়া ঘুড়ি হাতি সাজিল বহুত ॥রাতারাতি উঠ হাতি সাজিল মাহুত*আজিজ হাতির পরে চৌদিকে লস্কর ॥নামদার সব লোক সাজিল সত্বর * বাজিগির নাটুয়া কত চলিল নাচিয়া ॥ আওরত সকলে জায় ডুলিতে চাপিয়া* আজিজ করিল জাত্রা সময় বুঝিয়া ॥ লস্কর চলিল সাতে ঘেরাও করিয়া * দিনেতে আফতাব জলে রাত্রেতে মশাল ॥ নাচ গীত আনন্দেতে চলে হামেহাল * মুল্লুকের মাঝে হৈল বড়ই তরাস ॥ দুদিকে মিলন হোল বড়ই উল্লাস * কামানে২ মেলে বন্দুকে২ ॥ তিরেন্দাজে

জিরে মেলে দাড়ায়ে সমুখে * জোড় জুড়ি মেলে সবে জতেক সে-ফাই ॥ রায়বাশ মিলে সবে বলে ভাই২*ঢোলকে মেলে ঢোলে মেলে ঢুলি ॥ নাটুয়া২ মেলে কেহ রাখে তালি * নামদার লোগ মেলে গ-লায়২ ॥ চাকরে চাকরে মেলে আপন ডেরায় * ফকিরে ফকিরে মেলে তছবি গলে গলে ॥ রাজা আর প্রজা মেলে আর পাওদলে * মোল্লায় মোল্লায় মেলে বড় বড় দাড়ি ॥ চোপদারে২ মেলে হাতে রাঙ্গা ছড়ি* বান্দিতে বান্দিতে সব গোলামে গোলাম ॥ গলায়২ হয়ে পায়েতে ছালাম*হাতি ঘোড়া উট আর মাহুতে মাহুত ॥ এমনি সকলে দেখে মিলিল বহুত * আজিজ মেছের সব নামদার লিয়া ॥ ঠাই ঠাই বাসা দেয় কানাত ডালিয়া*লোকবুঝে সিদা দের ডাল চাল হাড়ি ॥ হাতি ঘোড়া দানা ঘাস সহিসের করি * কাহাকে খেলায় খানা বিছানা ডালিয়া ॥ কাহাকে পাঠায় সিদা নফর ভেজিয়া * ছোট বড় লোকে খেলায় তাজিম করিয়া ॥ আজিজ মেছেরে ফেরে সবে তল্লাসিয়া * খানা পানি খেয়ে সব রহেত শুইয়া ॥ হেথায় জেলেখা কহে দাইকে ডাকিয়া *আজিজে দেখিব আমি নজর করিয়া ॥ ঝরকা উঠাও আমি দেখি তকাইয়া * আজিজ বসিয়া ছিল হাতির উপর ॥ জেলেখা ঝরকা দিয়া করিল নজর * আজিজে নজর করে দেখিল জেলেখা ॥ মাথায় তুলিয়া মারে কঙ্কণের রেখা * দাই বলে তুমি কেন করগো এমন ॥ অধিন ফকির কহে কপালের লিখন *

### আজিজ মেছেরের ছুরত দেখিয়া জেলেখার মনদুক্ষ ও জিবরিল আসিয়া প্রবোধ দিবার বয়ান ॥

ত্রিপদী * জেলেখা কহেন বাত, কপালে মারিয়া হাত, শুন দাই বলিগো তোমায় ॥ জহর খাইয়া মরি, নহে গলে দিব ছুরি, প্রাণ না রাখিব দুনিয়ায় * সোন ওগো দাই মা, গলে তুলে দেহ পা, মেরে ফেল ধরিয়া আপনি ॥এমন কলঙ্ক মুখ, দেখাইতে বড় দুঃখ, তুমি মোর মায়ের বহিনী * স্বপনে হেরিনু জারে, সেবা গেল কোথাকারে, দেশ ভুলে আইনু বিদেশে ॥ জেলেখা দায়েরে কয়, এদেশে মেছের নয়, এই কথা মোর মনে আসে * ধরিগো তোমার পায়, কবে মোর বাপ মায়,জেলেখা মরিল মেছের দেশে ॥স্বপনে জাকে হেরিনু তাকে জদি না পাইনু, মরিব তাহার আফছোছে * বিধি বাম হলে মোরে, এত দুক্ষ কব কারে, জদি জমি পরে ঠাই পাই ॥ নাহি আমি জিব প্রাণে,

সরূপ ছুরত বিনে, বাচিতে আমার সাধ নাই * কান্দিয়া জমীনে গেরে, পটকান খাইয়া পড়ে, হেট ছেরে রহিল আপসোসে ॥ আরস মকানে জানি, ভেজিল জিবরিলে তিনি, আইলেক চক্ষের নিমিসে * গায়েবে জিবরিলে কয়, জেলেখা শুনিতে পায়, কেন কান্দ মনের আবেসে ॥ স্বপনে হেরেছ জারে, এই দেশে পাবে তারে, দুক্ষ জাবে সুখ হবে শেশে * এলাহির হৈল চাহা, আজিজের সাতে বেহা, হুকুম করিল নিরাঞ্জনে ॥ উজির মাতারি জেয়ছা, নজরে হেরিবে তেয়ছা, একসাতে না হবে শয়নে * এলাহির পয়ম্বর, ইউছুফ খছম তার, তাহা বিনে কাহার কুদরত ॥ জিবরিল চলিয়া গেল, জেলেখা চেতন পাইল, অধীন কহেন অকিকত *

আজিজ মেছেরের সাতে জেলেখার সাদি ও আজিজ মেছেরের নামর্দ্দমি হইবার বয়ান ॥

পয়ার * দাই কহে জেলেখাগো কিসের ভাবনা ॥ কেনবা কলঙ্ক কর কুলের গঞ্জনা * মুল্লুকে২ লোক পায় সমাচার ॥ জেলেখারে সাদি করে আজিজ মেছের * না হইলে সাদি কাম কলঙ্ক হইবে ॥ সমাচারে মা বাপ জে হুতাসে মরিবে * তোমার কথা শুনে আগে মরিবে জননী মরিব তোমার আগে আমি অভাগিনী * জেলেখা বলেন দাই কপালে লিখন ॥ উজিরের সাতে বেহা করহো লগন * দাই শুনে আনন্দিত ডাকিল উকিলে ॥ সেতাবি আজিজে আনে এসারায় তুলে * জেলেখা হুকুম দিল করিতে লগন ॥ নাচ গীত আনন্দিত বেহার বাজন * খেলাইল বহুত লোক এগানা বেগানা ॥ আনন্দে করিল বহুত বেহার সামানা * তাম্বু সামিয়ানা সব তামাম তুলিল ॥ আল্লার কুদরতে বেহা জেলেখার হৈল *

আজিজ জেলেখা দোন হলো দেখা শুনা ॥ নাচ গীত আনন্দিত বেহার সামানা * নাচে রঙ্গে ভঙ্গে নাচে দুদলের মাঝ ॥ কামানে পলিতা দেয় বন্দুকের আওাজ * লস্করে২ মেলে করিয়া পাওভারা ॥ দোতারা আরঙ্গি বাজে ঢোলক মন্দিরা * হাতীর সমুখে নাচে হাতিনা ফিরিয়া ॥ মউরের কাছে নাচে মউরি ঘেরিয়া * গায়েনেতে গীত গায় ডুবকি বাজায় ॥ আজিজের হাতে দাই সুপে জেলেখায় * আজিজ জেলেখায় রেখে আইল বাহিরে ॥ সাদির বাজনা কত লস্কর ভিতরে * এনাম বক্সিস কারে দেয় জামা জোড়া ॥ কারেবা বক্সিস দেয় উট তেজি ঘোড়া * জে জেমন লোক জেই করিল মেহনত ॥ এ

বেয়াল করিয়া বুঝ জত বেরাদর ॥
আজিজের সাদি হৈল সাতে জেলেখার *



নাম খেলাত তাকে দিলেন তেমত * সকলে বিদায় হৈয়া গেল নিজ ঘরে ॥ তৈমুছের লোক গেল তৈমুছ সহরে * জেলেখার নিজ লোক সঙ্গের ছেহেলি ॥ হাতি ঘোড়া পাল্কি আর জত ডোলাডুলি * সবাই আসিল তারা হাসিতে হাসিতে ॥ দাই মেহেরবান থাকে জেলেখার সাতে * জার জেবা ঘরে গেল আপনার সেথা ॥ আজিজ জেলেখা জেয়ছা শুন তার কথা * আপনার জৌবন সাজ আপনি করিয়া ॥ গোলাপ আতর কত অঙ্গে লাগাইয়া * আগে পাছে দাসি ধায় সুমুখে ছেহেলি ॥ আজিজের হাতে ধরে করে কত কেলি * হাসিতে২ আইল জেলেখার কাছে ॥ হেট ছেরে ভাবিত জেলেখা বসে আছে * স্বপনে হেরিনু জাকে সেই মোর নাথ ॥ তাহা বিনে মেহের করে কাহার কুদরত * এতেক ভাবিয়া তুলে আপনার ছির ॥ জেলেখাকে হেরে আজিজ হইল অস্থির * থর২ কাপে মর্দ্দ বসিতে না পারে ॥ পছিনাতে সোরবোর সব গেল দুরে * কাম ক্রোধ দুরে গেল জেলেখা দেখিয়া আজিজ আহমক হলো রহিল বসিয়া * কেবল মায়ের রূপ হেরে জেলেখারে ॥ হায় নাউজবেল্লা বলে আইল বাহিরে * গোলাম বাতাস করে ঝুলায় আড়ানি ॥ আজিজের মুখ পরে কেহ দেয় পানি * অচেতন পালঙ্গেতে গড়াগড়ি জায় ॥ দাসি বান্দি চারিদিকে হাওা করে গায় * আজিজ চেতন পাইয়া উঠিল জাগিয়া ॥ এইরূপে তিন দিন জায় গোজারিয়া * জেলেখা হেরিয়া উজির হয়ে জায় কমি ॥ নাহি থাকে কাম ক্রোধ মর্দ্দের মর্দ্দমি * আর দিন উজির আইল জেলেখা হুজুরে ॥ কহিতে লাগিল উজির বিবি জেলেখারে * স্বপনে বসানু হাট কৈনু অধিকারি ॥ কেহ কেনে কেহ বেচে কেহ করে চুরি * কারে মারি কারে ধরি মনে নাহি হাসি ॥ দুটি আখিমুদে দেখি সব ধন্দবাসি জা ছিল আমার হৈল কপালের লেখা ॥ তৈমুছ বাপের বাড়ী জাওগো জেলেখা * না চাহ জাইতে সেথা কহিনু নিদান ॥ তোমার ছুরতে জেন মায়ের সমান * জেলেখা বলেন শুন বাদসার উজির ॥ তোমার হুজুরে করি আরজ জাহির * আমি জাব বাপের বাড়ী শুন দিয়া মন ॥ সেথায় আমাকে লোকে করিবে গঞ্জন * কুটুম্ব সাক্ষাতে দোস দিবেক তামায় ॥ এগানা বেগানা সব করিবে বদনাম * না জাব বাপের বাড়ী না করিব দেখা ॥ আমার কপালে জদি এই ছিল লেখা * মোরে এক মহল দেহ তৈয়ার করিয়া ॥ তাহাতে থাকিব আমি লোক জন লিয়া * হামেসা আমাকে তুমি করিবে পেয়ার ॥ দশ পাচ দিন বাদে

করিবে দিদার * তোমার হুজুরে আমি কহিনু নিদান ॥ হামেসা লইবে তত্ত হয়ে মেহেরবান * উজির শুনিয়া বাত কবুল করিল ॥ জেলেখার হুজুর হৈতে বিদায় হইল * আজিজ দিলেন বার দরবারে আসিয়া ॥ কারিকর ছিলজত লিল মাঙ্গাইয়া*বানায় হাবেলি ঘর মাস ছয় সাতে ॥ জেলেখা লস্কর গিয়া রহিল তাহাতে * নাচ গীত আনন্দেতে লস্কর আনন্দ ॥ অধিন ফকির কহে কেতাবের ছন্দ *

জেলেখা শিকার করিতে জায় ও সওদাগর ইউছুফ নবিঁকে মেছেরে বেচিতে আনিবার বয়ান ॥

পয়ার * চারিদিকে ঘেরিয়া দেয় চৌকি পাহারা ॥ সারিঙ্গা সেতার বাজে মেরদঙ্গ মন্দিরা * জেলেখার মনে কিছু নাই লাগে ভাল ॥ স্বপনের প্রাণনাথ কোথায় থাকিল * তাহা বিনা অন্য জনে নাহি মোর মনে ॥ রাত্রি দিন ভাবি তারে শয়নে স্বপনে * কখন পালঙ্কে থাকি কখন ধুলায় ॥ কত দিনে কোথা পাব সোণার পুতলায় * এইরূপে জেলেখা ফেরে পাগল হইয়া ॥ শিকার বাহানা করে মাঠেতে ঢুড়িয়া হাতির উপরে দেখ আম্মারি বান্ধিয়া ॥ তাহার কান্ধেতে দিল মাহুত চড়িয়া*হেকমতে বানায় ঘর তাহার উপরে ॥ দাই দাসি সঙ্গে থাকে তাহার ভিতরে * জেলেখা শিকারে তায় জঙ্গল ভিতর ॥ ঘেরাও করিয়া চলে তামাম লস্কর * জাল ঝাণ্ডা আটাকাঠি শিকারি কুকুর ॥ শিকারি বহুরি রাজ ডাহুক মউর * তিরেন্দাজ রায়বাশ ঢালিক পাইক ধায় ॥ শিকার পিছেতে ঘোড়া ছেপাই উঠায় * এই রূপে জঙ্গলে২ ফিরে ফিরে ॥ কোন দেশে গেলে পাব নিজ ধন ফিরে * নদীর কেনারায় চাহে পানির ভিতর ॥ কখন চাহিয়া থাকে আকাশ উপর * জেলেখা ঢুড়িয়া ফেরে গহিরগম্ভির ॥ ভুকেতে না খায় ভাত পিয়াছেতে নির * জঙ্গলে জঙ্গলে ফেরে আর গাছতলে ॥ হায় হায় করে মনে সেরূপ পড়িলে * কোকিল কুহরে বনে কোকিলের পাশে ॥ শুনিয়া জেলেখা জ্বলে মনের আবেশে*নানা পক্ষ লক্ষ লক্ষ উড়িয়া বেড়ায় ॥ ভ্রমর ভ্রমরী কত ফুলে মধু খায়* খঞ্জনের কাছে বসে খঞ্জনী ঘেরিয়া ॥ মউরের পাশে নাচে মউরি আসিয়া ॥ জারজে আসক ছিল পাইল মাশুক ॥ জেলেখা বলেন কেনপাই এতদুঃখ*এরূপেতে জেলেখা জঙ্গল বিচে ফেরে ॥ না পায় উদ্দেশ প্রিয়া আছে কোন ঘরে*পুর্ব্বকথা মনে করে জেলেখা সর্ব্বলি ॥ স্বপনের রূপ কহে জে ছিনু ছেহেলি * সেই কথা ছাচ্চা হৈল ইথে নাহি আন ॥ আর নাকি পাবে দেখা স্বপনের

বয়ান * জিতাতে না পাইনু তাকে মলে নাকিপাব ॥ পালালি সোণার পক্ষ কত পিছে ধাব* ভাবনাতে ভাবি হৈয়া ভ্রমেন কাননে ॥ মেছের ইউছফ আইল শোন সর্ব্বজনে* মালেক সদাগর সাধু সঙ্গেতে লস্কর ॥ ইউছফেরে লিয়া গেল মেছের সহর * অনেক ছামানা সঙ্গে নাহি লেখা জোখা ॥ সহরেতে সদাগর এসে করে দেখা * সওদাগর বলে আমি বেচিব গোলাম ॥ গোলামের পায়ে করি বহুত ছালাম *সহরে শুনিয়া সব বাজারে বাজারে ॥ একসাধু বেচিতে আইল গোলামেরে* ত্রিভুবন মোহিত করে গোলামের রূপ ॥ তাকে নাহি জুবতিকে দেখে বান্দে বুক * কামিনী মোহিণী কিবা উদাসিনী জনে ॥ ভুবন ভুলাতে পারে সেরূপ জোবনে * সহর বাজারে মিলে পড়িল আফওাই ॥ গোলাম হেরিতে সবে করে ধাওাধাই * ভাট সব হেরিলেক সেরূপ আসিয়া ॥ বাদসার হুজুরে কহে তারিফ করিয়া *এতেক ভাটের মুখে কবিতার সার ॥ বাদসার হুজুরে কহে তারিফ তাহার * অধিন ফকির কহে এলাহির নাম ॥ সত্য বটে মিথ্যা নয় আল্লার কালাম *

ভাট বাদসার হুজুরে হজরত ইউছফের ছুরতের
তারিফ করিবার বয়ান ॥

ত্রিপদী * বাদসার বরাবর, কহেন শুনহ ধর, ভাট কহে কবিতার ধারা ॥ খুব খুবির কানাত, শুনেন মেছের নাথ, সহরেতে দেখিলাম তেরা * মেছের মুল্লুক বিচে, সদাগর গোলাম বেচে, রূপ দেখে ভূক নাহি মেরা ॥ সেরূপ হেরিলে মন, নাহি বান্দে কোন জন, চন্দ্র শুর্জ্জ আকাশের তারা* মালেক সওদাগর নামে, আনিয়াছে সে গোসামে রূপেতে তার ভুবন মোহিত ॥আফতাব মহাতাব জিনি, তাহার ছুরত খানি, চন্দ্র শুর্জ্জ হইল লজ্জিত*শুনহে মেছের নাথ, ছাচ্ছা কহিলাম বাত, লোক জায় দেখে আইসে তেরা ॥ কুশুম মল্লিকা জেন, অতি ক্ষীণ মাজা তেন, রূপ হেরে দেলে হৈনু সারা * মুখেতে মধুর হাস, হেরিয়াত সর্ব্বনাশ, ভুলে জায় কুলবতী নারী ॥ জেজন হেরিলে তারে সেই নাকি থাকে ঘরে, সবাকার চিত্ত কৈল চুরি * রূপেতে মোহিত হৈয়া, কুলবতি জায় ধাইয়া, দেখিয়া সে লাগে ধন্ধকার ॥অধীন ফকির বলে, ইউছফে দেখিতে চলে, জত ছিল সহ বাজার *

সওদাগর হজরত ইউছফে বাদসার নিকটে লিয়া
জান ও সকলে দেখিয়া অস্থির হয় ॥

পয়ার * মেছের রয়হান সাহা শুনিয়া অস্থির ॥ দেখিয়া গোলাম

কেয়ছা করিলেক স্থির*একজনে কহিতে জে দশজন ধায়॥ সওদাগর আনিবারে উকিল পাঠায় * সহরের মাঝে এসে পৌছিল উকিল॥ সওদাগর আনিবারে আনন্দিত দিল * বাদসার তলব বুঝে সামেত গোলাম॥ হুজুরে পৌছিয়া মর্দ্দ করহ ছালাম * গোলাম কিনিবে বাদসা শোনহ ফরমান॥ পাইবে অনেক মাত্তা কহিনু নিদান * এ কথা শুনিয়া সাধু বান্দিল কোমর॥ ইউছফে তুলিয়া নিল পাল্কীর ভিতর * সোনার পুতুলি জেন সাজাইল ফুলে॥ ঝিলমিল করে রূপ জুবতি নেহালে* ইউছফে লইয়া সাধু সহরেতে জায়॥ লাড়কা বালা জুবা আর বুড়া বুড়ি ধায় * দেখিতে সবার সাধ ইউছফ গোলাম॥ দূরে হতে রূপ দেখে করিল ছালাম * কে কহে গোলাম এই সোনার পুতুলা॥ কেহ কেহ বুঝি এই বিধাতার খেলা * কেহ অর্দ্ধ কেশ ছাড়ি হাতেতে চিরণি॥ এইমত পোশাগেতে জতেক কামিনী * এক চক্ষে কাজল আর অর্দ্ধেক সিন্দুর॥ পরিতে২ জায় দেখিতে নফর * এক বেওা ছিল তার দুটি চক্ষু কানা॥ একখানি শুত তার ছিল সম্ভাবনা * শুত হাতে করে মাগি জায় ধাওাধাই॥ ইউছফ কেমন রূপ দেখিবারে জাই * লিয়া জায় সকলেতে জার জত ধন॥ ইউছফ কিনিয়া আমি আনিব এখন * একহাতে সংখ করি আর হাতে সোণা॥ পরিতে২ জায় কত নারী জনা * এক পায়ে নেপুর কার আর বালা হাতে॥ হাতে করে ধায় সবে ইউছফে আনিতে * কাটনা কাটিয়া বুড়ির হাতে ছিল কড়ি॥ লাকড়ী ধরিয়া বুড়ি জায় গুড়ি গুড়ি * এই রূপ সহরেতে পড়েগেল গোল॥ গোলাম হেরিতে সবে হইল পাগল কেহ কহে আহা মরি মনে রৈল দুঃখ॥ না হেরিতে না পাইনু ঐ চাঁদ মুখ * কেহ কহে হেরিলাম তার দুটি হাত॥ আমার পরাণ গেল সে রূপের সাত * কেহ কহে হেরিলাম তার দুটি পাও॥ সেরূপ হেরিয়া মোর মুখেনাহি রাও*কেহকহে হেরিয়া তাহার চাঁদমুখ॥ না চাহিল মোর পানে মনে রৈল দুঃখ * চোক মুখ নাক হেরে মুখে নাহি রা॥ সাপেতে দংশিতে জেন বিষে জলে গা * ছাগল না দেয় দুধ নাহি খায় ভাত॥ ঐ কথা তোলা পাড়া গালে দিয়া হাত * ঐ বিনে অন্য কথা নাই কার ঘরে॥ ইউছফে আনিয়া সাধ বাদসার দরবারে * সালেক ছওদায় করে বাদসাকে ছালাম॥ দরবার টুটীল সব দেখিতে গোলাম*ডাহিনে ছলতান বৈসে বামেতেউজির॥ বাদসার কাছেতে বৈসে উজির আমির*চারিদিকে ঘেরাও জে আলাও লস্কর॥ বাদসার

হুজুরে থাকে আজিজ মেছে * সওদাগর আনিলেক বেচিতে নফর ॥ দেখিল রয়হান সাহা করিয়া নজর * পরীর বালক কিম্বা হুরের নন্দন ফেরেস্তারফরজন্দ কিবা পরির গঠন* এহাকে গরিতে মুল মনে লাগে ভয় ॥ দেলেতে বুঝিয়া বাদসা মোনে২ কয়*কে পারে কিম্মতি দিতে কুদরত কাহার ॥ করেন মতলব বাদসা দেলে আপনার * বাদসা কহেন শুন মালেক সওদাগর॥ গোলাম হইয়া জাও বাজার ভিতর * চওকউপরে লয়ে দাড়ায়ে থাকিবে ॥কিম্মত করার ইলো খবরপাঠাবে তাহার দ্বিগুন আমি দিবত আড়ায়া ॥ মালেক সওদাগর গেল বিদায় হইয়া * চওকে দাড়ায় সাধু ইউছফেরে লিয়া ॥ ধাইল তামাম লোক কানেতে শুনিয়া*অধিন ফকির কহে কেতাবের বাত ॥বড়খা বাতুনে জারে দিল মোলাকাত *

হজরত ইউছফ আজিজ মেছেরে বিকাবার বয়ান ॥

পয়ার * মুল্লুকের লোক ধায় সাধু সওদাগর ॥মেছের সহর বিচে ছুরত নফর * গোলাম কিনিতে এসে লিয়ে টাকা কড়ি ॥ পালকিতে চড়িয়া এসে আর ঘোড়া ঘুড়ি*গোলামের রূপ দেখে সকলের ফাফর কেহ কয় কত ধন লিবে সওদাগর*হলব্ব থাকিয়া এক এল সওদাগর মুলকরে দিতেচাহে পঞ্চাশমহর*মেছেরের সওদাগর শুনিয়া সেবাত এহার দুগুন দিব কহিনু নেহাত*ছমরকন্দহৈতে এক বাদসার উজির ইউছফের রূপ দেখে মনে করে স্থির* মালেক সওদাগর ডেকে কহে ধিরে২ ॥ কিম্মত কবুল হলে কহিবে আমারে * সহরে ডালিল তাম্বু বাসা পাকড়িল ॥কিম্মত কবুল নাহি নেহাত জানিল*জে দেখে ইউ- ছফ রূপ সে হয় আসক ॥ ফিরে না জাইতে পারে নাহি বান্ধে বুক * ঘর বাড়ী ছেড়ে সব নিজ পতির দয়া ॥ ইউছফ দেখিয়া হয় জুবতির মায়া* জে কহে গোলাম সেই বড়ই পামর ॥ দেখিয়া ইউছফের রূপ ছাড়ে নিজ ঘর * হেনকালে ফক সাধু সিরাজ থাকিয়া ॥ ইউছফ কিনিতে এল পালকিতে চতিয়া * বিস হাজার আসরফি দিতে চায় শুনে॥মনে মনে ভাবে লিবে ইউছফেরে কিনে * আর এক সওদাগর সে মোকামে ছিল ॥ চল্লিস হাজার দিব কহিতে লাগিল * এক সাধু কহেতেরা কিআছে কুদরত॥আসি হাজার দিব আমি করেছি মহলত আর এক সাধু কহে আসক হইয়া ॥এক লাক দিব আমি গোলাম লা- গিয়া*এই রূপে সকলেতে করে হুড়াহুড়ি ॥ইউছফে লইয়া সবে করে

কাড়াকাড়ি* সহর বাজার লোগ করে ঠেলাঠেলি॥ কলবলী শুনিয়া সবার কানে লাগে তালি* এইরূপে সোর বড় সহর বাজারে॥ কিক্ষত করিতে কেহ না পারে তাহারে* জেলেখা জঙ্গল হৈতে আইল সহরে॥ আগে জায় লোক জন আলাও লস্করে * উট ঘোড়া গাড়ী কত বলদ লাগিয়া॥ মেছের সহর বিচে পৌছিল আসিয়া* সহরেতে সোর সার করে লোক জনে॥ আওাজ পৌছিল গিয়া জেলেখার কানে * জেলেখা পুছিল বাত দাতের লোকেরে॥ কিসের হাঙ্গামা শুনি সহর ভিতরে* সোর সার এত কেন গোলমাল বাত॥ সমাচার জানি দাই কহ গো নেহাত* একজন পুছিলে সে আরজনে কয়॥ সহরেতে শুনগো কিসের সোর হয় * দুনিয়ায় এমন রূপ নাহি কোন জন॥ গোলামের রূপে আলো এতিন ভুবন* সেরূপ দেখিতে জায় জুবতী ও বুড়ি॥ জেলাখা কহেন দাই তোর পায়ে পড়ি* কেমন গোলাম বেচে সহর ভিতর॥ তাকিদ পৌছাও দাই তার বরাবর * মাহুতে কহিল দাই হাতির উপরে॥ তাকিদ চলিল হাহি জাইতে সহরে * হাতির উপরে মাহুত উদ্দেশ করিয়া॥ সহরে জেলেখা আইল দাই সঙ্গে লিয়া * ঝরকা খুলিয়া দিল আম্বারী উপর॥ গোলামের দিগে বিবী করিল নজর* নজরে দেখিয়া সেই স্বপনের ধোন॥ হাতীর উপরে বিবী হৈল অচেতন* জেলেখার তরে কহে দাই মেহেরবান॥ দাতি জে লাগিল কেন হইলে অজ্ঞান* কি দেখিলে কেন হৈল মলিন বদন॥ অনাহারে কত দিন বাচিবে জিবন* কপালে বিধাতা তোর লিখিল কেমন॥ এত দুখ দেয় তায়ে সেই নিদারুন* তুলিয়া জেলেখার মাথা মুখে দেয় পানি॥ জেলেখা বলেন দাই শুনগো আপনি * জার লাগি তিন সাল বাউড়ি হইনু॥ জাহার কারনে বেড়ি পায়ে পরে ছিনু * জাহার লাগিয়া আমি ফিরি জেথা সেথা॥ সেই চাদ দেখি আমি কেন আইল হেথা * বইড় নিষ্ঠুর নাথ কঠীন তোর হিয়া॥ হেথা আইসে রহ তুমি মরে পাসরিয়া* জেলেখা তুলিয়া ছের করিল ছালাম॥ গরিব ফকির কহে কেতাব কালাম *

জেলেখা ইউছফে দেখিয়া মনদুক্ষ করে॥

ত্রিপদী* জেলেখা কহেন বাত, সোনহে প্রানের নাথ, কোথা ছিলে প্রানের দোসর॥ সোনার মনিয়া পক্ষ, দেখা দিয়া দিলে দুক্ষ; পালাইবে দেশ দেশান্তর * কেন দেশে কোথা ঘর, কার পুত্র বাসি ধর, খুজে ফিরি না পাই নিশ্চয়॥ বাউড়ি২ হয়ে, দেশে২ ফিরি চেয়ে, জিজ্ঞাসিলে কেহু নাহি কয় * অভাগ্য কপালে লেখা, স্বপনে করিয়া দেখা

পালালে হে চিত্তো করে চুরি ॥ চোর ধরিবার আসে, ফিরিনু অনেক দেশে, সাতে লিয়া অনেক প্রহরি * কেমনে তোমার জান, কৈলে মোর প্রান টান, স্থির নাহি আপনার ঘরে ॥ লিয়া সব প্রান ধন, কেমনে তোমার মন, ফিরে বেড়ায় নগরে২ * এদেশে হাকিম আছে জাদ জাই তার কাছে, বলি জদি এই সব কথা ॥ বিচারে পাইবে আশ, হবে তেরা উপহাস লাজ পেয়ে না তুলিবে মাথা * স্বপনেতে দেখা দিয়া, চিত্ত ধন সব লিয়া, নিশিজোগে ত্যাজিলে আমায় ॥ হয়ে উদাসিনী বেশ, বেড়ালেম দেশ দেশ, কোন স্থানে না পাই তোমায় * লৈয়ে জে আমার ধন, হয়েছে উল্লাস মন, লোকে কহে সাধু সওদাগর ॥ চিত্ত চুরি কল্লে তুমি, দেশে দেশে ফিরি আমি, খুজে বেড়াই নগরে নগর * তুমি হইলে সওদাগর, ধনের ব্যবসা কর, মাঠে২ বেড়াতেছ ফিরি ॥ মোকে দুক্ষ তুমি দিলে, পুর্ব্বধন বিনাশিলে, মোকে কৈলে নাছের ভিকারি * গরিব ফকির কয়, দুক্ষ পাইলে সুখ হয়, তার সাক্ষী দেখহ আকাশে ॥ আগে নিশি পাছে দিন, জান সবে তার চিন, সোনা রূপা অনলে পরশে *

জেলেখা আজিজ মেছেরকে লেখন লেখেন ও আজিজ মেছের হজরত ইউছফ নবিকে কিনিয়া জেলেখার হাতে শুপে দিবার বয়ান ॥

পয়ার * এতেক মন্ত্রনা করে ইউছফে হেরিয়া ॥ দাই সাতে বাড়ি গেল আস্কারি চাপিয়া * আজিজে জেলেখা লেখে আপনার হাতে ॥ লোক পাঠাইয়া দিল আজিজ আক্ষাতে * আজিজ লিখন পড়ে তাকিদ আইল ॥ জেলেখার কাছে এসে সেতাবি পৌছিল * জেলেখা হইল খাড়া আজিজ শুমুখে ॥ কহিল সকল কথা আপনার দুখে * নামের খছম তুমি হৈলে দুনিয়াতে ॥ না হয় উচিত দুখ আমার পিছেতে * এগানা বেগানা জেই এদেশে বশতি ॥ আমার কহিতে নাই সহোদর সাতি * অঙ্গহীন জন জেন ভজে হে পিড়িত ॥ ফলহিন রুক্ষ জেন লতায় জড়িত * জল হীন পুখুর পরশে কোন জন ॥ ধন হীন পুরুসের নাহি থাকে মান * মাতা পিতা ছাড়ে নাহি সহোদর বহীন বিদেশে বিফলে থাকে পরের অধিন * বিদ্যাহীন পুরুষের জে তারি গনে কয় ॥ জেলেখা মনের কথা আজিজের কয় * এই জে গোলাম বেচে খড় নেকজাত ॥ কিনিয়া আমারে দেহ শুন মেরা কাত * পালিয়া পুসিয়া তাকে মানুস করিব ॥ আপনা করিয়া তাকে হুজুরে রাখিব *

আজিজ শুনিয়া বাত জেলেখারে কয়॥ গোলামের শুনে দাম মনে লাগে ভয় * না পারে রুমের সাহা কিম্মত করিতে॥ কত ধন আছে বল গোলাম কিনিতে * দেশে দেশে হোতে জত আইল সদাগর॥ কেহ না করিতে পারে দরের ঠাওর*ইউছফ বলিয়া সে গোলামের নাম॥ তাহার আসক হোল মুল্লুক তামাম* নিজ ধন কত আছে কহত আমারে॥ গোলাম কিনিতে জাই তোমার খাতিরে * লালহিরা ভরা ছিল সোনার বাটিতে॥ জেলেখা আনিয়া ছিল আজিরের হাতে আজিজ মছলত করে জেলেখার সাতে॥ বাদসার খেয়াল আছে গোলাম কিনিতে * জেলেখা বলেন সোন আমার ফিকির॥ বাদসার হুজুরে কর আরজ জাহির * শুনিয়া আজিজ তবে চলিল আপনি॥ বাদসার হুজুরে করে আরজ জবানী * না হোল ফরজন্দ মেরা দেলে পেরেসান॥ ফরজন্দ কারনে বিবি জেলেখা হয়রান * না হোল ফরজন্দ গেল ওক্কর তামাম॥ জেলেখা ভেজিল মোকে কিনিতে গোলাম * তেমার হুজুরে এই আরজ আমার॥ বুঝিয়া হুকুম কর চাকর তোমার * হুকুম করিল সাহা করি এই কাম॥ জাইয়া কিনহ তুমি বাদসার ফরমান * এত শুনি আজিজ সে হাতিতে চড়িয়া॥ গোলাম কিনিতে জায় লোক জন লিয়া * তুরিত পৌছিল গিয়া ইউছফের পাসে॥ মেহতের জিবরিল আইল চক্ষের নিমিসে * ইউছফের কানে কয়ে গেল এই বাত॥ জেলেখার কাছে জাব আজীজের সাত* জে ধন উজীর দেয় লেহ ওঠাইয়া॥ সওদাগরে দিয়া জাও রিদায়ে করিয়া * এতেক কহিয়া তাকে জিবরিল চলিল॥ উজির সোনার বাটী হুজুরে রাখিল * ইউছফ তুলিয়া দিল সওদারের হাতে॥ হাসিতে২ ইউছফ লাগিল কহিতে * আগে তোমায় কয়েছিনু রাহার উপর॥ পাইবে অনেক ধন লিয়া জাও ঘর * লাল হিরা জওাহের পাইল বিস্তর॥ এই বনে পার কর তামাম ওক্কর * লিখিয়া পড়িয়া তাকে দিলেন উজীর॥ ইউছফে বেচিয়া সাধু হইল অস্থির * আপনি খাইয়ে কেন ইউছফে বেচিনু॥ কেমনে ধরিব প্রান পরশ খোয়াইনু * এয়ছাই কহিয়া সাধু গড়াগড়ি জায়॥ আপনি ইউছফ নবী তাহারে বুঝায় * কান্দিতে২ সাধু জায় নিজ ঘর॥ পরশ বদনে পাইনু মাটির পাথর* ইউছফে আজিজ নিল হাতীর উপর॥ জেলেখার হাতে দিল শুপিয়া নফর*গোলামের লায়েক নয় বড়া নেকজাত॥ পালন করিবে বিবী আপনার হাত*খেলাবে পেলাবে খানা রাখিবে হুজুরে॥ ছি-

ডিন না করিবে ইউছফের তরে*আজিজ ইউছফে শুপে লইল বাহির জেলেখা নিকটে ইউছফ হইল হাজির*ইউছফ থাকিলবসে জেলেখা হুজুরে॥ কেতাব মাফিক কহে অধীন ফকিরে *

জেলেখা ইউছফে পাইয়া খুসির বয়ান॥

ত্রিপদী * ইউছফ নবীকে পেয়ে, জেলেখা আনন্দিত হয়ে, হৃদয়ে পাষাণ হোল বাদ॥ কৃপণ জনের কড়ি, আসেন্দা পাইলে নড়ী, বাওন জেন হাতে পায় চাঁদ * ধরা জেমন পড়ে মীন, জলচর জলহীন, পুনর্ব্বার পায় তাকে হাতে॥ দুঃখ পায় সুখি জন, দরিদ্র পাইলে ধন, জেলেখা পাইল প্রাণনাথে * ইউছফের হাত ধরি, জেলেখা বিনয় করি, পৌছিল সে ভিতর মহলে॥সোণার দুলিচা তাতে,বসাইল প্রাণনাথে চাঁদমুখ জেলেখা নেহালে * ইউছফের দেখে মুখ, জেলেখার বাড়ে সুখ,সুখ বাকী দুঃখ গেল দুরে॥ শিকারীর হাত হৈতে, পক্ষ পালাইয়া জেতে, পুনর্ব্বার ধরিল পক্ষরে * তেমনি ইউছফ নাথে, জেলেখা পাইল হাতে, মনে হৈল পরম উল্লাস॥ খুসিমন খোসালিত,স্বপনের গায় গীত, শুনিলে শুখের নাহি ওর॥ শোনহ শুজন বান্দা, ঘুচাহ দেলের ধান্দা, আখের মওত রাখ ডর *

জেলেখা ইউছফে পালন করিবার বয়ান॥

পয়ার * জেলেখা বলেন সুখপাইনু এতকালে॥ হারাইয়া পাই ধন সৌভাগ্য কপালে * কভু নাচে কভু হাসে হরিষ অন্তরে॥ বাদসাই পোসাক পেন্দাইল ইউছফেরে * খেলান বাদসাই ভোগ খোসাল খাতের॥ জেলেখা বন্দীর এয়ছা খেদমতে হাজের*গরিব ফকির কহে ইউছফের পায়॥ এই খানে হৈল গীত পালা হৈল সায় *

জেলেখা ইউছফ নবীর কাছে আপন মতলব কহে॥

পয়ার * বড়খা বলেন পীর মোর পানে চাও॥ ইউছফ জেলেখার কথা আমাকে সমজাও * জেলেখা আসক রহে ইউছফ উপরে॥ কেমনে,বাদসাই ইউছফ পাইল মেছেরে * কিমতে কিস্মত হৈল এতেক হেম্মত॥ শুনাও তামাম কথা শুনি হকিকত * আল্লার দরগায় বদর নোয়াইল মাথা॥ কহিতে লাগিল ইউছফ জেলেখার কথা *জেলেখা আসকতার ইউছফ মহবুব॥ বদর কহেন গাজী বাতশুন খুব*শুনিলে খুবির বাত খুবি হবে তোরে॥ আসকি কবুল হবে আল্লার দরবারে* আশি বচ্ছরের,বুড়া শুনে এই বাত॥ প্রেমে বান্দা পড়ে বাত কহিনু নেহাত * জওান ওম্মরে জদি শুনে এই কথা॥ আসক মাশুক প্রেমে

জেলেখা কহিতেছে ইউছফ কারণ ॥
মাথা তোল কথা কও জুড়াক জীবন ॥



বান্দা থাকে সেথা * জুবতি শুনিলে মন কদাচিত বান্দে ॥ বালকে রাখিয়া ধায় শিশু পড়ে কান্দে * ইউছফ নবির তরে পরওার দেগার কত কত ফিকিরেতে করিল উদ্ধার * জেলেখা আসক হৈয়া ইউছফ উপরে ॥ বহুত ফিকির কৈল মেছের সহরে * আপনি রব্বানি রাখে না হৈল বদনাম ॥ এতেক তামাসা কৈল এলাহির কাম * ইউছফে খেদমত করে জেলেখা আপনি ॥ নিন্দ তেয়াগিয়া পোহায় দিবস রজনি * এইমতে করে বিবি হামেসা খেদমত ॥ দেশান্তরে ছিনু এবে পাইনু নেহাত * এই মোর প্রানধন এই মোর পতি ॥ ইউছফ আমার প্রান অভাগির গতি * এই মোর প্রিয়ে জেন চিত্রপটে লেখা ॥ নাক মুখ চোক কান নেহারে জেলেখা * কত মনে করে বিবি জেলেখা বসিয়া ॥ ইউছফের অঙ্গে রাখে চন্দন মিশিয়া * ইউছফ আপন করে জদি রাখে পায় ॥ তবে সে আমার দুক্ষু দুরেতে পালায় * জেলেখা আপন বেশ আপনি করিয়া ॥ ইউছফ হুজুরে রহে সদত বসিয়া * ইউছফ নিষ্ঠুর বড় নাহি তোলে মাথা ॥ জেলেখার মুখ চেয়ে নাহি কয় কথা * এমনি কয়েক দিন গোজারিয়া গেল ॥ আসকে জেলেখা বিবি জলিতে লাগিল * এলাহি আলমিন আল্লা ইউছফ নবিরে ॥ কত দুক্ষু দিস তারে দুনিয়া ভিতরে * সেসেতে পাইল শুখ তার নাহি ওর কুওারি নিকটে রহে হইয়া কুওর * আগে দুখ পিছে শুখ কপালে লিখন ॥ দুখেতে কাতর হৈয়া না টলে ইমান * এহি দোওা মাঙ্গি আমি আল্লার দরবারে ॥ সারা তারা নেওাজিবে দুনিয়া উপরে * এই আরজ করি আমি শুন দস্তগির ॥ ছহি ছালামতে রাখ বাদসার উজির মুল্লুকের রাজ পাইল শিকদার তোপদারে ॥ হামেসা নেওাজ আল্লা মুল্লুক ভিতরে * প্রজা ছালামতে রাখ গেরাম সহিত ॥ শুখে রাখ জেই জন গায় মরা গিত * এখানে রহিল গিত পালার কারণ ॥ বাদসা হইবে ইউছফে শুন দিয়া মন * করহ দিনের কাম জাও জেথা সেথা শুনিলে খণ্ডিবে পাপ ইউছফের কথা * এই রূপে কত সাল গেল গোজারিয়া ॥ আসকে জেলেখা রহে ইউছফ লইয়া * অনল দেখিয়া জেন ধায় জে পতঙ্গ দেখিয়া বাঘিনি জেন শেকারের রঙ্গ * জলন্ত অনলে জেন ঢেলে দেয় ঘি ॥ ইউছফে দেখিয়া জলে তৈমুছের ঝি * দশের উপরে চারি ইউছফের বয়েস ॥ দেখিয়া আসক বড় মনের আবেস * জেলেখা কহেন ইউছফ সাহেব মেরা তুমি ॥ তোমার কদমে জে আরজ করি আমি * আমার আরজ কিছু শুন মন দিয়া ॥ প্রেমের

শিখলে বান্ধ অবলা বলিয়া*সরমভরম গেল হইনু বাউড়ি ॥ তোমরা লাগিয়া মোর পায়ে হৈলবেড়ি*আরবার স্বপনে কহিয়া গেলেমোরে আমার পাইবে লেখা মেছের সহরে * সাত সাল এই রূপে গেল গোজারিয়া ॥ তোমার লাগিয়া ফিরি বাউড়ি হইয়া*মোর পানেচেয়ে কথা কহ না আপনি ॥ জলন্ত আগুনে মেরা ঢেলে দাও পানি* স্বপনে দেখিয়া আমি তোমার ছুরত ॥ কত দুক্ষ গেছে মোর হয়ে অনুগত * দেখিতে তোমারি রূপ লাগে বড় সাধ ॥পাইয়া তোমারে লেখা হাছেল মোরাদ * মাথা তুলে চাহ নাথ শুন প্রান ধন ॥ হাস্য মুখে কহ কথা জুড়াক জীবন * স্বপনে করিয়াছিলে মোর সনে বাত ॥ গোজরান করিব আমি মিলে তেরা সাত* এতেক করার তেরা আছিল খোওাবে আপনার কারার রাখ আপনারভাবে*ইউছফশুনিয়া ভাবে হেটহৈয়া ছির ॥ শুনহে জেলেখা বিবী এ বড় তকছির * গোলাম হইয়া মেলে সাহেবানির বাত ॥আওল আখেরে সেই গোলাম কমজাত*মাফ কর জেলেখা বিবী মোরে এই কাম ॥আল্লার দরগায় গোনা লোকেতে বদ নাম* জদি তোমার শুনে সেই আজিজ খছম ॥ মারিবেক মোরে তব হইবে সরম * দুর কর বদকাম দুরে তেগ দিয়া ॥ গরিব ফকির কহে কেতাব দেখিয়া *

বুড়ি জেলেখার হাল পুছিবার বয়ান ॥

পয়ার* সাত সাল জেলেখা বিবি ইউছফের সাত ॥ নানামত রঙ্গ করে কহে কতবাত*কদাচিত ইউছফ না চান তার পানে ॥ জেলেখা হয়রান বড় আপনার মনে* ভাত নাহি রুচে তারে নিদ্রা নাহি আখে জেলেখা বদ ছুরত হৈল আসকের দুখে * এক রোজ জেলেখা দায়ের আগে কহে ॥ ইউছফ বিহনে মেরা প্রান নাহি রহে * তুমি জান বড় গুন লোক মুখে শুনি॥ইউছফে আমার কয়ে দেহগো জননী * একথা শুনিয়া দাই হইল ফাকর ॥ ইউছফে করিতে দারু ভাবেন বিস্তর*বার তবি বুঝিয়া সে তুলে আনে গাছ ॥ নদি হৈতে ধরে আনে তেচক্ষের মাছ* তেমাথার পথ হইতে আনিলেক ধুলা ॥ খছম পিয়ারির মুখের হৈলে আনে মলা*উলঙ্গ হইয়া বসনফেলাহইল দুরে ॥ভ্রমরভ্রমরি ধরে ভুখ খাতেরে*করিল অনেক দারু সিন্দুর কাজলে ॥ ইউছফ আসক করে জেলেখায় দেখিলে * জেখানে ইউছফ থায় জেখানে শয়ন ॥ সে খানে অশুধগাড়ে করিয়া জতন*জেলেখা আপন দেশ সিঙ্গারকরিয়া ইউছফ হজুরে রহে পালঙ্গে শুইয়া * রূপে ঝলমল করে বিবি জেলে-

খার ॥ চান্দেরে জিনিয়া রূপ ছুরত সেঙ্গার ✽ অনেক ফিকির কৈল বহুত জতন ॥ কোন রূপে না টলিল ইউছফের মন ✽ পাসান শরীর জেন কাষ্ঠের সমানে॥ না চান ইউছফ নবী জেলেখার পানে✽গোলামের হাতে হৈল বিসম সরম ॥ তাজ্জব হইয়া দাই কহিল তখন ✽ আমার চেয়ে অসুধ পানি কেহ জানে নাই ॥ দাই বলে হারিনু আমি গোলামের ঠাই ✽ এই দারু করে জদি রাখি জে সুমুখে ॥ আনিতে জে পারি আমি পরীর বালকে✽ গিয়ানে ভুলাতে পারি বড় বড় জনে দরিয়া শুখাতে পারি হুক্কার গিয়ানে ✽ ইউছফ কাহার পুত্র কোন জন হয় ॥ এই সব দারু মোরে দেখে লাগে ভয় ✽ জেলেখা বিমান ভাবে করেন রোদন ॥ না জানি কপালে বিধি লিখিল কেমন ✽ ইউছফ অন্দরে গেল ভাবিতে গুনিতে ॥ হেন কালে দাই ধরে ইউছফের হাতে ✽ দাই বলে শুন বাছা ইউছফ কুমার ॥ তোমার লাগিয়া মরে জেলেখা আমার ✽ স্বপনে তোমারে দেখে মা বাপের দেশে ॥ ফিরিনু অনেক দিন তোমার তল্লাসে✽ শুনেছ জেলেখার মুখে স্বপনের বয়ান জেলেখা তোমার তরে হারাইবে প্রান ✽ জেমন নাগর তুমি তেমন নাগরী ॥তোমার লায়েক বটে জেলেখা সুন্দরি✽অন্ন জল তেয়াগিয়া কান্দে দিবারাতি ॥ তোমা বিনে নাহি দেখি জেলেখার গতি✽তোমা বিনে অন্য নাহি দেখি ত্রিভুবনে ॥ ধরেছ অনেকরূপ জেলেখার সনে তোমা বিনে অন্য জন তারে নাহি সাজে ॥ জেলেখায় রাখ তুমি হৃদয়ের মাঝে ✽ এ ধন জীবন দেখ দিন দুই চারি ॥ রাখহ পরাণে মোর জেলেখা কুমারী✽মানুষ বদল কিবা পশু পক্ষ আদি ॥ জৌবন না রহে বন্দন জনম অবধি ✽ জুবাকালে হাসি খুসি নারীর সহিত ॥ অভাগ্য জনম জার জৌবন পীড়িত ✽ ইউছফ বলেন দাই শুন মেহেরবান ॥ তোমার কদমে আমি বলি জে নিদান✽আজ মরি কাল মরি এক লক্ষ বই ॥ জন্মিলে মরণ আছে এড়াবার নই✽ এলাহী আলমিন আল্লা কুদরত কামাল ॥ জলিল জব্বার নাম অনেক খেয়াল ✽ গফুর গফ্যার নাম রহিম রহমান ॥ কাদের কুদরত নাম ছওার ছোবহান ✽ নেকবদ দুটি চিজ দুনিয়াতে হৈল ॥বেহেস্ত দোজখ বলে আরসে রহিল✽নেকনামে বেহেস্ত পান জেবা করে রাচ ॥বদি কৈলে পাব বড় দোজখের আচ✽ রোজ কেয়ামতে আল্লা আপে হবে কাজী ॥নেকবই বদনামে না হইবে রাজি✽না থাকিবে বাপ মা এগানা বেগানা॥না থাকিবে জরুজাত ফর-

জন্দ আপনা*জে জেমন করিবে ভাই সব আপনায়॥রূপিলে বাবলার গাছ বেল কেবা পায়*দুর কর দাইতুমি এসব খেয়াল॥সকল দেখিতে পাঁয় কুদরত কামাল * মানুসে ছাপাইয়া জদি করি বদকাম॥ এলাহি দেখিতে পায় বড় বদ নাম *জেলেখারে বল গিয়া দাই মেহেরবান॥ চলিল সেদাই মনেহয়ে পেরেসান*জেখানেজেলেখা ছিল ডাকিতে২ দাই গিয়া জেলেখারে লাগিল কহিতে * ইউছফ তোমার নাথ তুমি তার নারী॥ কত দিন বাদে পাবে রূপের মুরারি* বুঝায় অনেক মতে জেলেখার তরে॥ বোধ নাহি মানে বিবি কান্দে হেট ছেরে *আসক মাশুক মন প্রিয়া বিনে উড়ি॥হেন কালে সহর হৈতে আইল একবুড়ি জেলেখার আগে আইল হাসিয়া২॥পরিয়া পাটের সাড়ি পান গুয়া খাইয়া * তাড় বালা বাজু বন্ধ হৃদয়ে কাচলি॥ হাতেতে কাচের চুড়ি পায়েতে পাসলি*কপালে সিন্দুর ভরা নয়নে কাজল॥ পিরিতের ছল বড় হাসে খল২ * আশি বচ্ছরের বুড়ি দন্তগুলি নড়ে॥ কথায় কুন্দল বল ডাল ভেঙ্গে পড়ে * বিকট দশন বুড়ি আড় চক্ষে চায়॥ জুবতি জনার মন দেখিলে ভুলায় * পাকা চুলে বেলফুলে লোটনেতে বেড়ি জেলেখার কাছে আইল চিত্রকর বুড়ি * রসাল রসিয়া বুড়ি রঙ্গের রঙ্গিনি॥ছলেকলে কহে কথা রহাস্য বদনি * বুড়ি বলে মলিন বদন কেন দেখি॥ সোন গো বাদসার বেটী মনে আছে কি* কোন বাতে দুক্ষ তেরা কিসের ভাবনা॥ধন হৈলে মন পাবে শুনত সুজনা* আমি বুড়ি বৃদ্ধ বটে নাহিক জোবন॥ ধনেতে আনিতে পারি পুরূস শুজন* আজ জত কথা বার্ত্তা সব অকারন॥সমুদ্র পুরাতে পারি জদি পাইধন এতেক ভাবনা ভাব বিরলে বসিয়া॥কোনধন হারাইলেকহনা আসিয়া অবশ্য পুরিবে তেরা মনের কামনা॥ঘড়ি একে ঘুচাইব জতেক ভাবনা এবাত শুনিয়া হৈল জেলেখা উল্লাস॥ হাত বাড়াইয়া জেন পাইল আকাশ *জেলেখা বলেন বুড়ি ধরি তেরা পায়॥ আমার মনের দুক্ষ কহি জে তোমায় * আজিজ গোলাম কিনে দিল মোর হাতে॥ আমার পরান গেল গোলামের সাতে*গোলামের রূপ চিত্ত ভুলিতে না পারি॥ কহগো রঙ্গিয়া বুড়ি কোন কাম করি * নাহি চায় মোর পানে নাহি কয় কথা॥ শুমুখেতে দাণ্ডাইলে নাহি তুলে মাথা* চারি চক্ষে চাহিতে অনেক সাধ করি॥মোর পানে নাহি চায় রূপের মুরারি জলন্ত অনলে জলি আসক আগুনে॥ কাহারে সাধিব কেবা ভাল গুন জানে* গোলাম দেখিয়া মন সদাই চঞ্চল॥ পতঙ্গ জেমন ঘোরে দে-

খিয়া উজ্জল * না খাই পেয়াসের পানি নাহি রুচে ভাত ॥ ভোক পেয়াছ গেছে মোর গোলামেরসাত*জেলেখা বলিলজত আপনার কথা শুনিয়া রঙ্গিনী বুড়ি মনে পায় ব্যথা * বুড়ি কহে ফিকিরে কাঙ্খিতে পারি মন ॥খরচ করিতে পার জদি কিছু ধন*জেলেখা কহেন মোরজত ধন আছে ॥ সকল রাখিনু আমি গোলামের পিছে * বুড়ি কহে হপ্তম বাসর বানাইব ॥তাহার ভিতর বন্ধ ইউছফে করিব*বানাব বহুতছুরছ মুরতের লেখা ॥ বানাব তাহার মাঝে ইউছফ জেলেখা* বদর কহেন বড়খা কালামের জ্ঞান ॥ হপ্তমখানার কথা শুন দিয়া মন*গরীবফকির কহে কেতাবের বাত ॥ আসকের কথা সব শুন নেক জাত *

হপ্তম খানা তৈয়ার করিবার বয়ান ॥

পয়ার*অনেক ভাবনা বিবী মনেতে ভাবিয়া ॥ মহলে আইল তবে ফিকির করিয়া * আপনা হুজুরে মাঙ্গাইয়া কারিগর ॥ ফিকিরে বানায় বুড়ি হপ্তম বাসর * সারি২ সাত খানি বানাইল ঘর ॥ সাতটি দুয়ার করে ঘরের ভিতর * সদর দুয়ারে করে নানা রঙ্গ ঠাট ॥ সাত দুয়ারে করে বিচিত্র কপাট * তাহার ভিতরে বুড়ি আপনি জাইয়া ॥ ইউছফ জেলেখা চিত্র করেন বসিয়া * হিঙ্গুলে হরিতাল দিল হাতেতে তুলিয়া ॥ একে২ চিত্র করে ভাবিয়া২ * প্রথমে ঘরেতে চিত্র করিল লেখন ॥ সেচিত্র হেরিলে হয় মন উচাটন*ইউছফের জন্যে হয় জেলেখা পাগল ॥ হেট ছেরে কান্দ মুখে চাপিয়া আচল * জেলেখা রূপের ডালি জেন কাচা সোনা ॥ কালি হইয়াছে বাছা ইউছফে ভাবনা*এই সব চিত্র বুড়ি করে আনন্দিতে ॥ বিছওানা দেওালে তার ভিতর চালেতে * দুতিয়া খানায় চিত্র করিল তাহায় ॥ জেলেখা ইউছফ দোন আনন্দে খেলায়*ইউছফ জেলেখা মুখে তুলে দেয় পান ॥ হাস্য পরী হাসে দোন পরানে পরান * ইউছফ ভজিতে চাহে জেলেখা পালায় ইউছফ ধরিয়া হাত তাহাকে বসায় * নিচেতে জেলেখা থাকে ইউছফ উপরে ॥ এ চিত্র করিল বুড়ি ঘরের ভিতরে* তৃতীয়া বাসরে চিত্র হেরে ভুলে মন ॥ ইউছফ জেলেখা চিত্র করিল জেমন * ইউছফ জেলেখা দোন করে ঠেলাঠেলি ॥ ইউছফ টানিয়া ছেড়ে বুকের কাচলি সরমে জেলেখা বিবি জায় পালাইয়া ॥ ইউছফ তাহাকে ডাকে হাত ছানি দিয়া* এ চিত্র করিল বুড়ি ঘরের ভিতরে ॥ ভিতর চালাতে চিত্র বিছওানা দুয়ারে * চাহরম খানায় চিত্র করিল এমন ॥ সে চিত্র হেরিলে ভুলে মহামনির মন* ইউছফ জেলেখা দোন হাস্য পরিহাসে ॥

হাতাহাতি কোলাকুলি জৌবন পরসে* ইউছফের অঙ্গুরি জেন জে-লেখা লইয়া॥ পালাইতে ছিল জেন ধরিল তাড়িয়া * হাত ছাড়াইয়া ভাগে তৈমুছের ঝি॥ কত রঙ্গ কর চিত্র কহিব বা কি*ঘরের দেওয়ালে পার ভিতর চালেতে॥ বিছওানা উপরে চিত্র করে নানা মতে* পঞ্চম খানায় চিত্র শুন মন দিয়া॥ জেলেখার সাজ করে ইউছফ বসিয়া * নয়নে কাজল দিল কপালে সিন্দূর॥ জেলেখার বেশ জেন চমকে চিকুর ইউছফ জেলেখায় লিয়া করেত কৌতুক॥ ইউছফের দাওনে জেলেখা পুছে মুখ * তাড়ি ঝাপা বাজু বন্দ হৃদয়ে কাচলি॥ গলে গজমতি হার করে ঝিলিমিলি*সোনার নেপুর তার চরনেতে বাজে॥ জেলেখায় ইউছফ সাজায় নানা সাজে*এত চিত্র করে বুড়ি ঘরের ভিতরে॥ বিছওানা দেওাল আর চালের উপরে*হপ্তম খানায় চিত্র ভুলে মুনিজন॥ নানা মতে চিত্র তাহে করিল রচন * জেলেখায় লিয়া ইউছফ কোলে বসাইয়া॥ শত২ চুম্ব দেয় মুখে মুখ দিয়া*এই সব চিত্র করে ঘরের ভিতরে বিছওানা দেওালে আর চালের উপরে * হপ্তম খানার কথা শুন সব লোক॥ ইউছফ জেলেখায় ধরে হইয়া আসক* আসক মাশুকে দোন থাকেত বসিয়া॥ ইউছফ আরামে রহে জেলেখা লইয়া * এই রূপে চিত্র বুড়ি করিল রচন॥ সে ঘরেতে বানাইল দেব সিংহাসন * হস্ত পদ বানাইল দেবতা মুরত॥ সিংহাসনে বসাইল দেবির ছুরত * নাক কান চক্ষু তায় দিল জে অঙ্গেতে॥ সিংহাসনে বসাইল ঘরের কোনেতে * শুবর্ণের পালঙ্গ পাতে ঘরের বিচেতে॥ চিত্র বিচিত্র সব করিল তাহাতে*নানা চিত্র পরিপাটি অতি মনোহর॥ আসকে অবশ হয় ইউছফ নফর*খাট পালঙ্গ সিংহাসনে রাখে ঘরে ঘরে॥ চিত্র সার করে বুড়ি হপ্তম বাসরে* জেলেখা বাসরে এসে করিল নজর॥ ঘরকে হেরিয়া চিত্র আনন্দ অন্তর * হেরিয়া হপ্তম ঘর জেলেখা খোসাল বুড়িকে এনাম দিয়া করিল নেহাল * জেলেখা দেবতা পুজে ধুপধুনা দিয়া॥ ইউছকে দেহত রোকে আমার করিয়া * কারিগর বুড়ি কহে বিবি জেলেখারে॥ ইউছফেরে বোলাইয়া আন এই ঘরে* ইউছফের লাজ করে জেলেখা বসিয়া॥ গরিব ফকির কহে কেতাব দেখিয়া *

জেলেখা হজরত ইউছফে হপ্তম থানায় লিয়া
আপনা মতলব চাহে॥

ত্রিপদী * জেলেখা মনের সাধে, সাজাইয়া প্রাননাথে, নিভাইতে আসক আগুন॥ ইউছফের হেরে মুখ, সদত বিদরে বুক, জ্বলে ওঠে


আগুণ দ্বিগুণ * ছেরেতে জীরর চিরা, জুলুফে জওহর হীরা, আনল অধিক ঝলমল ॥ ইউছফ নবীর তরে, বাদসাই পোশাক করে, জেন চন্দ্র সুর্জ্জের উজাল * কপালে চন্দন দিল, চাঁদ জেন উজলীল, জেলে খার মনে বড় সুখ ॥ নয়নে অঞ্জন দিয়া, পাশানে বান্ধিয়া হিয়া, সাড়ীর আচলে পোছে মুখ * আপনার বেশ করি, রূপে জেন হুরপরী, ধরিলজে ইউছফের হাতে ॥ হপ্তম বাসর ঘরে, লিয়া জায় ইউছফেরে জেলেখা ধরিয়া প্রাণনাথে * ইউছফের হাত ধরে, প্রবেশে প্রথম ঘরে দেখে চিত্র রূপ পরিপাটি ॥ জে মুখে জেদিকে তাকে, সেই দিকে চিত্র দেখে, ফন্দকরে তৈমুছের বেটি * চালের উপরে তাকে, সেইরূপ তাকে দেখে দেওয়ালে মুরত ঠাই২ ॥ ইউছফ কহেন আল্লা, সকলি তোমার খেলা, মোর মনে রাখ আপে সাই * জেলেখা বলেন বাত, শুনহ প্রাণের নাথ, চিত্র দেখ নজর করিয়ে ॥ তুলি লিয়া মোর তরে, হপ্তম বাসর ঘরে, গুজার করহ খুসি হয়ে * চোথা পঞ্চম ঘরে, বলে বিবি ইউছফেরে, চক্ষু মেলে চিত্র দেখ চাহি ॥ তুমি না চাহিলে মোরে, না ছাড়িব তোর তরে, নেহাত করিয়া তুঝে কহি * জেলেখা কহেন নাথ কাঠের শরীর মত, কত বা সহিব তোর তাপ ॥ গরিব ফকির কয় শুনিলে আনন্দ হয়, নেকবত খণ্ডে জত পাপ *

হপ্তম খানায় জাইয়া জেলেখা হজরত ইউছফের
কাছে মতলব চাহিবার বয়ান ॥

পয়ার * জেলেখা কহেন আমি কত বুদ্ধি করি ॥ দুয়ারে কপাট কুঞ্জি দিল সারি২ * হপ্তম বাসর ঘর কুঞ্জি কুলুফ তার ॥ ফন্দ করি বন্দ করে সকল দুয়ার * একে২ বন্দ করে পালাবার গণ ॥ হেট ছেরে থাকে ইউছফ ভাবে মনে মন * জবাই করিয়া জদি ডালিহ আমারে ॥ বদিনা করিব আমি দুনিয়া ভিতরে * কাটিয়া জেলেখা জদি কর খান২ না করিব বদকাম দিবত পরাণ *

পয়ার ॥ জেলেখা হপ্তম ঘরে কহেগিয়া বাণী ॥ ধরিয়া ইউছফের হাত বুঝায় আপনি * বৈসেছ সোনার তক্তে মোকে কোলে লিয়া ॥ আমার আগুণ দেল শীতল করিয়া * আমার প্রেমেতে তেরা দৈসত কাহার ॥ আপন ইচ্ছাতে আমি হব জে তোমার * ইউছফ কহেন আমি দুজনে ডরাই ॥ নাম শুনে একে২ তোমারে ছমজাই * আওল জাহার নাম কুদরত কামাল ॥ জাহার হুকুম হৈল আকাশ পাতাল * আব আজস খাক বাদ চারি চিজে জসি ॥ আছমানে তামাসা করে

জেলেখা ধরিয়া জে ইউছফের হাত॥
আপন দেলের জত কহিতেছে বাত *



রবি আর শশী * বেহেস্ত দোজখ কৈল হালাল হারাম ॥ নেক কামে
খুসি আল্লা না কর বদকাম*তাহাই ভড়াই বড় দুনিয়া ভিতরে ॥ আর
ডর করি বড়আজিজ মেছেরে*কিনিয়া আনিল মোরে ফরজন্দ বলিয়া
শুপিল তোমার হাতে আমাকে আনিয়া* সে মোর ছাহেব হয় তুমি
ছাহেবানি ॥ এমন হুকুম কেন করহ আপনি * আমাকে হুকুম কেন
কর এই কাম ॥ আগুল আখেরে গোনা হইবে বদনাম*ইউছফ কহেন
শুন জেলেখা আওরত ॥ কিদেখে আসক হৈল কহ হকিকত*আমার
হুজুরে তুমি কহ দেখি দড় ॥ তোমা হৈতে কোন রূপে গুণে আমি
বড় * জেলেখা বলেন নাথ শুন দিয়া মন ॥ দারুণ বিধাতা তোর
করিল গঠন * মুখ নিরমল জেন পুর্ণিমার শশী ॥ ভ্রমরা গুঞ্জরে জেন
দুই চক্ষে বসি * ভুরু দুটি জোড়া জেন কামের কামান ॥ স্থল পদ্ম
জিনি তেরা হয় দুটি কান * দুটি ঠোঁট শুরঙ্গ তেরা কমলের ফুল ॥
দুটি হস্ত দেখি জেন কুন্দিকার তুল* মুখের ছুরত জেন চন্দ্রের উদয় ॥
এ দশ আঙ্গুল জেন চিত্র আলতায় * অতি ক্ষীণ মাজা খানি শিকারি
বাঘিনি ॥ চলন খঞ্জনে হেরে ভুলে জায় মুনি * শুগঠন মতিমালা
শরীর নির্ম্মল ॥ জুবতী না বান্ধে মন দিতে চাহে কোল * চন্দ্রের
গঠন জেন গৃহে কল্পতরু ॥ শুরঙ্গ শুন্দর অতি মাজাখানি সরু * এমন
তোমার রূপ হেনকেন মতি ॥ তোমায় দেখিয়া কান্দে কেমন জুবতি
কহিতে কহিতে হৈল জেলেখা পাগল ॥ ইউছফে ধরিয়া বলে মোরে
দেহ কোল * ইউছফ মিনতি করে না পারে বুঝাতে ॥ বেহুস হইয়া
ধরে ইউছফের হাতে * ইউছফ কহেন আল্লা ঠেকিলাম ঘোরে ॥
ছাপিয়ে করিব কাম ঘরের ভিতরে * প্রবোধ বচনে কহে বিবির
হুজুর ॥ শুনগো জেলেখা মোর ছেড়েদেহ কর*জেলেখা শুনিল জদি
ইউছফের বাত ॥ আনন্দে জেলেখা ধরে ইউছফের হাত ॥ ইউছফের
হাতে ছিল খোরছানি ছুরি ॥ জেলেখাকে দিয়া কহে শুনগো শুন্দরি
আমার গলায় ছুরি দেহ একঠাই ॥ বদকাম করিতে আমার মন নাই*
জেলেখা কহেন তুমি দেখহ চাহিয়া ॥ আমি মরি তেরা আগে গলে
ছুরি দিয়া * কহিতে২ ছুরি ধরিল গলায় ॥ ইউছফ ধরিয়া হাত বলে
হায়২ * কেনবা মরিবে তুমি হইয়া হয়রান ॥ ভজিব তোমাকে আমি
না করিব আন*হাত হৈতে লৈল ছুরি বাতে ভুলাইয়া ॥ জেলেখাকে
বোধ দিল ডরে ডরাইয়া *জেলেখা ভাবিল মোরে প্রিয়া হৈল সখা ॥
দেবতার সিংহাসনে কাপড় দেয় ঢাকা*ইউছফে কহেন শোন তৈমু

ছের ঝি ॥ কাপড়েতে আড়াল করে ছাপাইলে কি ✻জেলেখা কহেন তবে শোন প্রাণনাথ ॥ পুছিলে আমাকে জদি কহি সে নেহাত ✻ ভজিবে আমাকে তুমি কহ সেই কথা ॥ একারণে ছাপাইশু ঘরের দেবতা ✻ ইউছফ কান্দিয়া কহে বড় হৈল দুঃখ ॥ কি দিয়া ঢাকিব আমি এলাহির মুখ ✻ উপরে খোদায় তালা সব কিছু জানে ॥ কি দিয়া ঢাকিব আমি এলাহি আলমিনে ✻ কান্দিয়া ইউছফ নবি হইল কাতর ॥ জেলেখা ধরিয়া হাত বুঝায় বিস্তর ✻ ধন দিয়া মানাইব তোমার খোদায় ॥ আজিজে মারিব আমি বিশের পেলায় ✻ জত ধন রাখিয়াছে আজিজ মেছের ॥ সকল পাইবে তুমি আমি হৈলে তোর✻ এ কথা শুনিয়া নবি হইল অজ্ঞান ॥ এলাহি আলমিন আল্লা হও নেক বান ✻ জেলেখা কহিল মোরে এতেক খেয়াল ॥ খালাস করহ আল্লা এসব জঞ্জাল ✻গরিব ফকির কহে ইউছফের বাত ॥ জেবা পড়ে শুনে তার বাড়ুক হায়াত ✻

পয়ার ✻ জেলেখা কহেন নাথ কহি জে তোমায় ॥ ধনদিয়া মানাইব তোমার খোদায় ✻ ধনে ধর্ম্ম ধনে কর্ম্ম ধনে হয় বশ ॥ ধন দিয়া গুনিজন কোথা পায় জস ✻ ইউছফ কহেন শোন জেলেখা নেহাত ॥ আপন কামেতে তুমি কহ এয়ছা বাত ✻ জদ্যপি বুঝহ দেলে আপনার হাল ॥ আমার খোদায় নহেন ধনের কাঙ্গাল ✻ ধনে মন নাহি তার ধ্যানে তার মতি ॥ গোনা পেলে মোর আল্লা নাহি রাখে ক্ষিতি জেলেখা কহেন তুমি করেছ কারার ॥ আগে ভজ পিছে বাত শুনিব তোমার ✻ কহিতে২ ধরে ইউছফের হাত ॥ পুরাও মনের সাধ শোন প্রাণনাথ ✻ বারে বারে ওজুল করিলে মেড়া সাত ॥ এইবারে কেমনে ছাড়াব মেরা হাত ✻ ইউছফ শুনিয়া লাজে হেট করে মাথা ॥ শুনহ জেলেখা বিবি মোর এককথা✻কদাচিত মোকে না ছাড়িলে এই কাম আল্লার দরগায় তুমি পাইবে বদনাম ✻ জেলেখা মনেতে বড় আনন্দিত হৈয়া ॥ ইউছফের ইজার বন্দ ফেলিল খুলিয়া ✻ ভাবি পয়গম্বর জাদা হয় হেট মাথা ॥ মেহতের জিবরিল আসি কহেলেক কথা✻পয়গম্বরের বেটা হয়ে কর এয়ছা কাম ॥ আওল আখের গোনা বড়ই বদ নাম ✻ গায়েব আওাজ এয়ছা জিবরিল কহিয়া ॥ গায়েব হইয়া গেল আকাশে চলিয়া ✻ ইউছফ শুনিয়া বাত দেলে হৈল ডর ॥ কাপিতে লাগিল সাহা করে থরে থর✻ইজার কসিয়া বান্ধে সাত গিরা দিয়া ॥ ভাগিয়া চলিল ইউছফ এলাহি ভাবিয়া ✻ জেলেখার আগে হৈতে

পলাইয়া জায় ॥ ধর২ করে বিবী পিছে২ ধায় * এলাহির মক্কর কিছু বোঝা নাহি জায় ॥ নেক মর্দ্দে গোনাগার না করে খোদায় * ইউছফ পালায়ে জায় ভাবিয়া দেলেতে ॥ আপনি কেওাড় খুলে আল্লার কুদ্‌রতে*ছয় দুয়ার পার হৈল হপ্তম দুয়ারে ॥ পিছের দাওনে বিবী ইউছফেরে ধরে*জেলেখা কহেন আমি ধরেছি দাওন ॥ ছাড়িয়া নাজাও মোরে শুন প্রানধন*হপ্তম দুয়ারে দাওন ধরিল আসিয়া ॥ ভাগিতে পিছের দাওন রাখিল ফাড়িয়া* ইউছফ পালায়ে জায় আল্লার কোদরতে ॥পিছের দাওন থাকে জেলেখার হাতে * আজীজ হুজুরে ইউছফ পালাইয়া গেল ॥ জেলেখা মনের আসে ভাবিতেলাগিল*আপন মহল বিচে জেলেখা আসিয়া ॥ মক্কর করিয়া পড়ে অচেতন হৈয়া * ভুমে গড়াগড়ি জায় মুখে নাহি বোল ॥ ছারখার করে ফেলে বসন সকল*মুখেতে মাখিল ধুলা ধুলায়ধুসর ॥ টানিয়া ফেলিলবিবী গায়ের জেওর* ছারখার করে ডালে আপনার বেশ ॥ অন্তরে গুমরে তনু হৈয়া গেল সেস * মাথায় মারিল রেখা লহু সরোবর ॥ আজিজ মেছের কাছে করিল খবর*আজিজ খবর পায়ে চলিল ধাইয়া ॥ গরিব ফকির কহে কেতাব দেখিয়া *

### হপ্তম খানা হইতে ইউছফ পালায় ও ছয় মাসের ছাওালে গাওাহী দেয় ॥

পয়ার * হেরিল জেলেখা আছে ধুলায় পড়িয়া ॥ দাসি বান্দি করে বাও আড়ানী লইয়া * আজিজ মেছের তবে আইল হুজুরে ॥ অচেতন আছে বিবী জমিন উপরে * বান্দির হাত্ত হইতে লইয়া আড়ানী ॥জেলেখার গায়ে বাও করেন আপনি *আওরতেরা বদকাম করে বদের ছলেতে ॥ পুরুষ মায়া জায় দেখ ধিক নারীর হাতে * মরদ হইতে হয় আরওত চতুর ॥ আজি কেন জেলেখাগো হয়েছ ফতুর * কাহে তুমি এয়ছা হাল কহ দেখি বুঝি ॥ চেতন পাইয়া উঠে তৈমুছের ঝি * শুনিয়া আজিজের কথা জেলেখা উঠিল ॥ চক্ষে আছু মুখে ধুলা ক্রান্দিয়া কহিল * গোলাম কিনিয়া দিলে আমাকে পুসিতে ॥ আখের মরণ হৈল গোলামের হাতে * মানুষ করিলাম আমি পালিয়া পুসিয়া ॥ আমাকে ভজিতে চাহে গোলাম হইয়া * খছম থাকিতে হৈল কলঙ্ক আমার ॥ ধিক ধিক জীবন মোর আমি সে তোমার * আমিত বাদসার বেটিদেলে ছাচ্ছা ছিনু ॥জাতিকুল গোলামের হাতে

মজাইনু * গোলামের জ্বালায় দেহ হৈয়া গেল কালি॥ মাথায় তুলিয়া দিনু কলঙ্কের ডালি * শুনিয়া এ সব কথা আজিজ মেছেরে॥ হুজুরে মঙ্গায়ে লিল ইউছফ নফরে * আজিজ কহেন শোন ইউছফ মেরা বাত॥ দেলেতে জানিয়া ছিনু তুমি নেকজাত * ছুরত মতলব তেরা হেরিয়া গোদাম॥ ফরজন্দ দাখেল মেরা নহেত গোলাম * লাল হীরা জওহেরাত ছিল জত ধন॥ তাহা দিয়া লৈয়া ছিনু করিয়া গোলাম * এত দিনে হৈলে তুমি নেমক হারাম॥ ছাহেবাণী সাতে চাহ করিতে বদকাম * ইউছফ শুনিল জদি আজিজের বাত॥ কহিতে লাগিল তবে জুড়ে দোন হাত * বাদসার উজির তুমি আমিত ফরজন্দ॥ এবাত এনছাফ কর করিয়া পছন্দ * গোলাম হইয়া জদি এয়ছা কাম করে॥ গতি মুক্তি নাহি তার আওল আখেরে * আজিজ কহেন ইউছফ শোনদিয়া দেল॥ জেলেখার বাত কেবা করিবে বাতেল * ইউছফ কহেন বাত শোনহে আমার॥ হাজের নাজের আপে পরওার দেগার এবাতে সাইদ মেরা আছমান জমীন॥ ভাতিজারে দেহ তুমি করিয়া আমিন * করিবে এনছাফ সেই হেরিবে নজরে॥ খাড়া হৈয়া কহে ইউছফ আজিজ হুজুরে * আজিজ কহেন বাত শোনরে ইউছফ॥ ছয় মাসের ছাওালে মান কেমনে ওকুফ * কিরূপে ইউছফ সেই করিবে বিচার॥ ইউছফ কহেন তবে হুকুম আল্লার * সেই করিবে সেই এনছাফ আমার॥ লাড়কা অবলা সেই ফেরেস্তা আল্লার * এবাত শুনিয়া উজির তাজ্জবে থাকল॥ লাড়কার কাছেতে উজির আপনি চলিল * দরবার সমেত লোক চলে সাতে২॥ আসিয়া পৌছিল তবে লাড়কার সাক্ষাতে * আল্লার মক্কর ভাই কে বুঝিতে পারে॥ ফেরেস্তা বসিল গিয়া লাড়কার শিওরে * ছমাসের ছাওাল সেইমাথা তুলে চায় আজিজে উজির হেরি উঠিয়া দাড়ায় * ছালাম আলেক দিয়া কহেন বার বার॥ কি কামে আইলে চাচা হুজুরে আমার * আজিজ কহিতে তুঝে দেখি খুসি বড়া॥ ইউছফ জেলেখা দোন হইয়াছে ঝগড়া * বিচার করহ তুমি হইয়া আমিন॥ দুজনে সালিস তোমার মেনেছে এ দিন ছয় মাসের লাড়কা দেখ করেন বিচার॥ হেরিতে ধাইল লোক সহর বাজার * অবলা লাড়কায় হৈল আল্লার কোদরত॥ চাহিয়া থাকিল সবে হইয়া হজরত * আল্লাও লস্করজত চৌদিগে ঘিরিয়া॥ ছয়মাসের ছাওালের করে তজবিজ বসিয়া * ইউছফ জেলেখা কয় আপনার হাল, লাড়কার ওকুফ দিল কোদরত কামাল * ছাওাল কহেন শোন ইউ-

ছুফ নজর ॥ তোমার গায়ের জামা করিব নজর * ছামনেতে দাওান জদি চিরে থাকে জোরে ॥ তবে গোনাগার তুমি হইবে আখেরে * পিছের দাওয়ান জদি চীরে সেই মতে॥তবে জেলেখার গোনা জানত দেলেতে*কহিতে ইউছফ জামা লিল মাঙ্গাইয়া ॥ উজিরের ভাতিজা দেখে নজর করিয়া * তহকিক করিয়া লাড়কা লাগিল কহিতে॥ পিছের দাওান গেল জেলেখার হাতে * জেলেখা করিল গোনা বেগানা ইউছফ ॥ সাবাস২ ছাওাল এমন ওছফ * ছমাসের লাড়কা জদি কহিল এ কথা ॥ সরমে আজীজ মেছের হেট করে মাথা* কারে না কহিল উজীর ভালা বুরা বাত ॥ অন্দরে চলিল সে ইউছফে লিয়া সাত * ইউছফে রাখিল উজীর আপন হুজুরে ॥ জেলেখা সরম পেয়ে থাকিল অন্দরে * ইউছফে না দেখে হৈল জেলেখা চঞ্চল ॥ আপনার দোষে আমি হোলেম পাগল * ইউছফে না দেখে হোল জেলেখার অসুক ॥ কেমনে বাঁচিব আমি না দেখে সে মুখ * দুরে হৈতে ইউছফেরে হেরে তাকাইয়া ॥ জেলেখা ডাকেন তারে হাতে ছানি দিয়া না ভজিলে মোর তরে না চাহিলে জদি ॥ দোখয়া তোমার রূপ বড় মন বাদি * গরিব ফকির কহে কেতাব দেখিয়া ॥ জেলেখা ইউছফে ডাকে হাত ছানি দিয়া *

ত্রিপদী * জেলেখা কহেন বাত, শুন ওহে প্রাননাথ, কেন কর মোরে অপমান ॥ কাকুতি মিনতি করি, আমি হে তোমার নারি,দেখা দিয়া স্থির কর প্রাণ* কহিজে সুখের কথা, দুখ দিলে সে বিধাতা,দুখ বিনে শুখ নাহি জানি॥ আচম্বিতে কোথা হতে, দুখ ফিরে সাতে২ ভাবিয়া কলেজা হৈল পানি * না হেরে তোমার মুখ, বিদরে আমার বুক, দাহন অনলে পুড়ে মরি ॥ ক্ষমা কর অপরাধ, পুরাও মনের সাধ, তব দুই চরণেতে ধরি* জীবন জোবন জানি, সকল জোওারের পানি দিন দুই চারি বিনা নয় ॥ এমন করিলে নাশ, না পুরিল মন আশ, পুরুষ আপন কেবা কয়*পুরুষ জাহার বস, সেনারীর বড় জস, তাহার ভাগ্যের নাহি পার ॥ গরীব ফকির কয়, শুনে দুঃখ দুর হয়, আখেরে অরাবেপরওার *এলাহি আলমিন সার, তাহা বিনা নাহি আর, আখেরে করিয়া লিবে পার ॥ নেক বান্দা নেকজনা, পাইবে বেহস্তখানা, বদ বান্দা না পাবে নিস্তার *

## জেলেখা ইউছফ নবীকে আজিজ মেছেরের নিকট হৈতে আপনার কাছে আনে ॥

পয়ার * ইউছফ ঘুরিয়া বসে আজিজের সাতে ॥ জেলেখা মারেন ঝাকি তাহাকে দেখিতে * আহা মোর প্রাননাথ আপন খাইয়া ॥ কেনবা দিলাম দোষ তোমার লাগিয়া * জেলেখা পাগল হৈল নাহি বান্দে মন ॥ কে মোরে মিলায়ে দিবে প্রাণপতি ধন * ইউছফ চলিয়া জায় পানগুয়া খাইয়া ॥ দাই বুড়ি ধরে জেয়ে রাহা আগুলিয়া * দাই বুড়ি বলে বাবা শুন মেরা বোল ॥ তোমায় না দেখে মেরা জেলেখা পাগল * স্বপনে দেখেছে বাবা বিধাতার লেখা ॥ দুই জনে এক প্রায় ইউছফ জেলেখা * জেলেখা ধরিল পায় মিনতি করিয়া ॥ দোষ গোনা মাফ কর বান্দির লাগিয়া * জেলেখা ইউছফে লিল হাতেতে ধরিয়া॥ কান্দিয়া আইল ঘরে প্রাণনাথ পাইয়া * তাজিম করিয়া তাকে হুজুরে বসায় ॥ সাড়ি আচল লইয়া বাও করে গায় * এই কথা কহে সবে সহর বাজারে ॥ জেলেখা বাদসার বেটী লজ্জা নহি তারে * গোলাম লাগিয়া বিবী হইল হয়রান ॥ আসক মাশুক হয়ে মরণ সোমান * কেমনে গোলামসেকেমন বান্দে হিয়া॥জেলেখা জোবনজাচে তাহার লাগিয়া * কেহকহে হইবেক নেকের ফরজন্দ॥গোলাম করিয়া রাখে এতেক পছন্দ * কেহকহে জেলেখার প্রথম জোবন॥ গোলামেররূপ দেখে মজাইল মোন * কহে তবে জেলেখা বাদসার বেটি হৈয়া ॥ গোলামে আসক হয় কিরূপ দেখিয়া*জেলেখার বদনাম হইতে কেহ সোনে ॥ পড়সি আওরত সব দশ বিশজনে *জেলেখার আগে পিছে হয়ত বদনাম॥ রাখিল কেমন করে ধরিয়া গোলাম * গোলাম সহিতে চাহে ভজিবার তরে ॥ এমন নজর নাহি এ তিন সংসারে * জেলেখা এসব কথা শুনিল আপনি ॥ আওরতে ডাকিয়া সবে করিল মেহমানি* লোকেতে জেমন মোরে করিল বদনাম ॥ তাহার সাজাই দিব দেখায়ে গোলাম * জেলেখা মছলত এয়ছা দেলেতে করিয়া ॥ তামাম আওরতে ডাকে মেহমানি করিয়া * সকলে বসায় এনে গালিচা উপর ॥খেলায় পেলায়খানা তাজিমবিস্তর*বদর বলেন গাজি সোন হে ফরমানি ॥ আওরত সবার বাত সোনহে আপনি * আজব খুবির বাত সোন মন দিয়া ॥ গরিব ফকির কহে কেতাব দেখিয়া ॥

---

জেলেখা ইউছফের বেশ করিবার বয়ান ॥

ত্রিপদী * ইউছফের ধরে হাত, জেলেখা কহেন বাত, সোন নাথ মোর প্রান ধন ॥ তোমার লাগিয়া প্রিয়া, সদত দহিছে হিয়া, জ্বলে উঠে আগুন জেমন * না দেখি তোমার মুখ, বিদরে আমার বুক, তিলেক আসক নাহি জায় ॥ কেমনে বান্ধিব মন, প্রান হয় উচাটন, কহ দেখি কি হবে উপায় * তোমার এমন বাদ, না পুরিল মনসাধ, না ঘুচিল দেলের আবেসে॥ জৌবন জালায় মরি, তোমাকে মানাতে নারি কলঙ্ক উঠিল দেশে২* লোক কয় কলঙ্কিনী, তোমা হৈতে এত শুনি, ঘরে পরে পুড়িল ভরম ॥ আসিতে আমার পাশ, নাহি এতে অপজস; নেভাইতে আমার সরম * মনে সাধ মনে রৈল, মিছা এ কলঙ্ক হৈল, দোষ বিনা জস নাহি মোরে ॥ অভাগি করম দোসে, অপজস দেশে২ মোকে মন্দ কহে ঘরে পরে * দশ বিস হাসে রঙ্গে, জেলেখা গোলাম সঙ্গে, হেসে খেলে পোহায় রজনী ॥ না পুরিল মনসাধ, হইল তোমার বাদ, ভাল মন্দ কিছুই না জানি * ইউছফের ধরে হাত, জেলেখা কহেন বাত, জেন দুধে মিসাইয়া পানি ॥ মুখেতে মধুর হাসি, ইউছফের কাছে বসি, বেশ করে জেলেখা আপনি * জেলেখা ইউছফের তরে, বাদসাই পোসাক করে, নতুবা জৌবন হেনকাল ॥ ইউছফের দেখে মুখ, জুবতীর বাড়ে শুক, রূপ দেখে হইল পাগল * মাথায় সোনার চিরা, জোলফে জওহর হিরা, হাতে পায়ে সোনার গহনা ॥ ইউছফের বাম হাতে, জেলেখা ধরিয়া সাথে, আনে বিবী করিয়া সাজনা * ইউছফে বেস করি, জে ঘরেতে সব নারী, জেলেখা আনিল সেইখানে ॥ ইউছফ নবীরে দেখি, অচেতন সবসখি, কেতাবে দেখিল হীনজনে *

নারীগণের নেবু তারাসিবার বয়ান ॥

পয়ার * ইউছফে নবীর বেশ জেলেখা করিয়া ॥ জেঘরে আওরত সব পৌছিল আসিয়া * জে ঘরে আওরত সব খানা পানি খায় ॥ জেলেখা ইউছফে লিয়া পৌছিল সেথায় * তামাম আওরত সবে নেবু হাতে লিয়া ॥ তারাসিতে ছিল সবে খাবার লাগিয়া * ইউছফে লইয়া বিবী পৌছিল সেথায় ॥ পুর্নিমার চাঁদ জেন হইল উদয় * উজ্জলা হইল ঘর সুরুজের জোতে ॥ দেখিয়া ছুরত সব থাকিল হয়রতে * মোহিত জে হৈল সবে ছুরত দেখিয়া ॥ ইউছফের পানে সবে থাকিল চাহিয়া * ইউছফের ছুরতে ভুলিল সব নারী ॥ নেবু কেটে হাত কাটে খোরছানি ছুরি * আসক আগুন বুকে জলে ধিরি২ ॥ কান্দিয়া পরাণ

গেল চক্ষে বহে নীর * রূপেতে অবশ হৈয়া সবে চেয়ে থাকে ॥ পটী দার বুদ্ধে জেন চিত্র সব লেখে*ইউছফের রূপেতে মজিয়া গেল মন ॥ খবর নাহিক কার হাতেতে জলন* লহু গিরে কাপড়েতে হয়ে গেল লাল ॥ দেখিয়া জেলেখা পুছে সকলের হাল * জেলেখা কহেন তবে সকল আওরতে॥ লহু কেন গিরিতেছে সবাকার হাতে*শুনিয়া আও-রত সব হাত পানে তাকে ॥ সরম পাইয়া তবে কহে আপনাকে * নাহক আমরা বলি জেলেখার দোষ ॥ এরূপ দেখিয়া কার নাহি থাকে হুস *ধন্যগো জেলেখা তুমি পেয়েছ গোলাম॥ কেবলে গোলাম এই জিবের আরাম * তামাম আওরত সব হইল বেকুফ ॥ ঘরে নাহি জায় কেহ দেখিয়া ইউছফ *জেদেখে ইউছফ রূপ সেহয় আসক ॥ফান্দে পক্ষ বন্দ জেন হইল আটক * জে কহে গোলাম সেই বড়ই পামর ॥ দেখিলে ইউছফ রূপ ছাড়ে নিজ ঘর * মনে মনস্তাপ সবে জতেক আওরত ॥ জেলেখার দেলবিচে হইলদহশত * পাছে ইউছফে লিয়া পালাইয়া জায় ॥ হইল তাহার ডর বিবী জেলেখায় * এ সকল কাম আমি ভাল নাহি দেখি ॥ ইউছফে লইয়া আমি বন্দখানায় রাখি * দেখিতে না পায় জেন দেসের আওরত॥ জেলেখা আপন মনে করিল মছলত * দুক্ষ পায়্যা মানিবেক আমার ফরমান ॥ ডরেতে করিবে মোরে ভজন গোজরান * এমনি মছলত বিবী করিয়া ভাবনা ॥ বিনা দায় প্রত্যয় না করে কোন জনা * এমত মছলত বিবী জেলেখা ক-রিল ॥ একদিন ইউছফেরে নেরালা কহিল * শুনহ ইউছফ তোকে দিয়াছে বদনাম ॥ অনেক দোস মাপ দিনু বলিয়া গোলাম * আগে জানিতাম মনে তুমি মোর প্রিয়া ॥ এখন বঞ্চিত কর কেমন করিয়া * সে সকল দোস মাপকর মোরতরে ॥ তোমার বান্দিয়া বান্দা জানিবে আমারে * এহার লাগিয়া করি তোমাকে মিনতি ॥ না ভরিল পেট মোর মজাইলে জাতি * বিধাতা করিল মোরে বাদসার কুমারী ॥ বাপের দুলালি ছিনু মায়ের পেয়ারি * ধনে কুলে ছিনু আমি বড় মান্যমান ॥ সবে মাত্র ছল দুক্ষ এ ছার জোবন * কোথা গেল মাতা পিতা কেবা কোথা আছে ॥ স্বপনেতে হারাইনু সব তেরা পিছে * হায়রে জোবন গেলগিছে পরমাদে ॥ নাপুরিল মনসাধ জোবনসম্পদে জোবন সময়ে বৃক্ষে ধরে বড় ফল ॥ জোবনের জালায় সবে বৃক্ষে দেয় জল * এহেন জোবন মোর গেল মিছ কাজে ॥ শয়নেতে তেরারূপ দেল মাঝে জাগে * সব দোস ক্ষমা দেহ দুটি পায়ে ধরি ॥ মোরে

কোল দেহ নাথ রূপের মুরারী * স্বপনে চমকে উঠি জৌবন জ্বালায় জেন তুমি মোর সনে শয়ন সজ্জায় এত কহি জেলেখা ইউছফের পায় ধরে॥ আপনি ইউছফ নবী হেট মাথা করে * কিছু নাহি বলে নবী পালাইয়া জায়॥ কান্দিয়া জেলেখা ধরে ইউছফের পায় * এখন আমাকে লয়ে করহ গোজরান॥ মোকে কোল দেহ নাথ জুড়াক পরাণ * বসিয়া নদীর ঘাটে পিপাসায় মরি॥ ভজহ আমার তরে না কর চাতুরী * ইউছফ কহেন বাত শুনহ জেলেখা॥ কেন কহ হেন বাত কেন কর দেখা * জদি মোর গলে ছুরি দেহ চালাইয়া॥ তবু না করিব বদি শুন দেল দিয়া * এহার লাগিয়া জদি জায় মেরা জান॥ না করিব জেনাকারি কহিনু নিদান * জেলেখা হইল গোস্বা ইউছফ উপর॥ গরিব ফকির কহে কেতাব খবর *

ইউছফ নবীকে কয়েদ করিবার বয়ান॥

পয়ার * জেলেখা হইল গোস্বা ইউছফ উপরে॥ আজিজ খছম তার কহিল তাহারে * শোনহ ইউছফ তুমি খছম আমার॥ গোলাম কারণে হৈল কলঙ্ক আমার * তামাম মুল্লুক জুড়ে মোর তরে দোষে॥ আমার বদনাম তুমি ঘুচাও এ দেশে * ইউছফের তরে তুমি দেহ বন্দখানা॥ বদনাম না দিবে তবে মোকে কোনজনা * গোলামের বদনাম তবে হবে চরাচর॥ ইউছফেরে ভেজে দেহ বন্দখানা ঘর * আজিজ শুনিয়া তবে জেলেখার বাত॥ বন্দখানা ভেজে দিল ইউছফ নেকজাত বাদসার বন্দন ঘরে বন্দখানা দিল॥ না দেখে জেলেখা তবে আসকে জ্বলিল * বন্দখানা ঘরে ছিল এক জমাদার॥ জেলেখা পাঠান তারে এই সমাচার * ইউছফ আমার জেন আজার না পায়॥ বন্দিয়ান বলিয়া কিছু না বলিও তায় * খানা পানি ইউছফেরে তাজিমে খেলাবে॥ জখন জে হুকুম করে তাহাই শুনিবে * এনাম বক্সেস দিব বহুত জায়গির॥ ইউছফ থাকেন জেন খোসাল খাতির * জেলেখার হুকুম পাইয়া জমাদার॥ ইউছফে রাখিল বড় করিয়া পেয়ার * জখন জেলেখা খানা ছাপায়ে পাঠায়॥ ঝরকা দুয়ার দিয়া ইউছফ তাকায় * ইউছফ বলেন মেরা বন্দখানা ভালা॥ এড়ালাম দায় জত জেলেখার জালা * আল্লার বন্দেগি ইউছফ করেন আরামে॥ হেথায় হয়রান বিবী ইউছফের সমে * আহা মরি প্রাণনাথ তোমার লাগিয়া॥ অভাগির মরণ দশা মরি দগ্ধাইয়া * এয়ছাই কয়েক রোজ গোজারিয়া জায়॥ ফকির গরিব কহে ভাবিয়া খোদায় *

## ছাকি বাকি দুই জন স্বপন দেখিয়া হজরত ইউছফকে পুছিবার বয়ান ॥

পয়ার * সাত সাল ইউছফ থাকে বন্দিয়ান ঘরে ॥ বাদসার বন্দিয়ান জত ঘরের ভিতরে * কত বন্দিয়ান ঘরে ছিল বন্দখানা ॥ দুই বন্দিয়ান ঘরে হেরিল স্বপন * ছাকি বাকি নামে তারা বন্দি দুইজন ॥ ইউছফেরে জিজ্ঞাসিয়া হেরিল সপন * শুনহে ইউছফ তুমি এহাত জে ভাল ॥ দেখেছি সপন দোহে কি হবে তা বল * উচাটন হৈল মন সপন দেখিয়া ॥ কহ না এহার ভেদ বেওরা খুলিয়া * সেইঘড়ি কহে জিবরিল ইউছফের কানে ॥ মোসলমান কর আগে এই দুই জনে * আলার হুকুমে তুমি কহিবে সপনা ॥ জিবরিল চলিয়া গেল জেখানে রব্বানা * ইউছফ কহেন শুন তোমরা দুই জন ॥ কহ দেখি কেয়ছা তোমরা দেখিলে সপন * আগে মোকে কহ ভাই পুজা কর কার ॥ কার দিনে আছে খোদা কহ কে তোমার * তারা কহে পুজি মোরা দেবতা মুরত ॥ দেওকে খোদায় বলি কর এবাদত * ইউছফ কহেন মিছে দেওরে পুজন ॥ একা সেই খোদাতালা এবাদত মন * তামাম আলম পয়সা জাহার হুকুমে ॥ তার নাম ভাব তুমি থাকিবে আরামে * তারা দোন কহে তুমিআগে কোথা ছিলে ॥ এ দেশের বন্দিয়ান ঘরে কেন এলে * ইউছফ আপন হাল কহিল তামাম ॥ পরদাদা এবরাহিম আল্লায় হেচ্ছালাম * এছহাক আমার দাদা এয়াকুম মেরা বাপ ॥ ইউছফ আমার নাম মোর বড় তাপ * আমার উপরে বাপ করিতেন পিয়ার ॥ দশভাই মোর পরে হইল বেজার * আদাওতে দশভাই আনিয়া আমারে ॥ জঙ্গলেডালিয়া ছিল কুওারভিতরে * সওদাগর কিনেমোকে আনিল হেথায় ॥ বেচিল আমাকে আনি বিবী জেলেখায় * কপালেতে বন্দ ঘর আছিলু আমার ॥ ছাকি বাকি দুইজন শুন সমাচার * মোসলমান হও আগে এস দিন পরে ॥ সপন বয়ান ফের কহিব তোমারে * শুনিয়া দুজন তারা আলি ও ইমান ॥ নবিরকলেমা পড়ে হৈল মোসলমান * ইউছফ কহেন তবে শুন দেল দিয়া ॥ বাকি জাবে মারা কাল সহিদ হইয়া * ছাকির জায়গির বড় হইবে তোমার ॥ সপন বয়ান এই হুকুমআল্লার * মরিবেক বাকি তার শুনসমাচার ॥ মারিবে গর্দ্দান তার হুকুম বাদসার * কালকার বিহনে বুঝিবে এই কাম ॥ ইউছফ কহিল তাকে সপন তামাম * ইউছফ কহিল তাকে শুনিল দুইজনে ॥ মেরা একবাত কহ বাদসার ছামনে * মেরা এহিবাত ভাই কহিও বাদসায় ॥

বন্দি ঘরে আছি আমি বেগর গোনায়* এনছাফ করিয়া জদি করেন খালাস॥ অনেক ছাওল আছে এলাহির পাশ * এ কথায় সকল রাত গোজরিয়া গেল॥ বেহানে বাদসার কাছে তলব পৌছিল*সেই দুই জনে হৈল বাদসার তলব॥ গরিব ফকির কহে শোন লোক সব *

বাকির গরদান মারা জায় ও সাহার স্বপন
দেখিবার বয়ান॥

পয়ার * ছাকি বাকি দুইজনে বন্দিয়ান ঘরে॥ তলব হইল দোন বাদসার হুজুরে * বাকির তলব হৈল গোস্বা জে বাদসার॥ মারিতে হুকুম দিল গরদান তাহার *আল্লার কলমে লেখা মারা গেল বাকি॥ এনাম জায়গির বহু পাইলেক ছাকি * ইউছফের বাত ছাকি থাকিল ভুলিয়া॥ এয়ছাই কয়েক রোজ গেল গোজারিয়া*এলাহির মক্কর ভাই কে বুঝিতে পারে॥ স্বপন দেখিল বাদসা পালঙ্গ উপরে * রয়হান মেছের সাহা আছিল শুইয়া॥ স্বপন দেখিয়া বাদসা উঠিলজাগিয়া* স্বপনে দেখিল মোটা২ সাতগরু॥ দুবলা দেখিল তার পিছে সাতগরু দুবলা সাত গরু সেই মোটা গরু পাইয়া॥ একে২ সাতগরু সব গেল খাইয়া * স্বপন দেখিল বাদসা ডর পাইয়া জাগে॥ বেহানে সপনে কহে সবাকার আগে * উজির নাজির জত হইল হাজির॥ সপনের বাত পুছে সবার খাতির * বাদসা কহেন এয়ছা স্বপন কি হয়॥ কহি বারে চাহি আমি দেলে লাগে ভয় * সপন দেখিয়া ভয় হইল আমার শুনিতে দেলেতে মেরা হইবেক কারার * সকল দরবার শুনে থাকে হেট ছেরে॥ ছাকি নামে ছিল সেই বাদসার দরবারে * এয়াদ হইল তাকে ইউছফের বাত॥ বাদসার হুজুরে কহে ওঠাইয়া হাত* দওলত তেয়াদা ছাহেব শুন আলম্পনা॥ ইউছফ নামেতে এক আছে বন্দ-খানা * আল্লার মকবুল সেই বড়ই এনছান॥ ছাহেব কহিতে পারে জানিয়া নিদান *সপনের বাত সেহি খুব কহে বলে॥ তাতে মোতে একসাতে ছিনু বন্দিসালে* ছাকি বাকি মোরা দুই ছিনু সেই ঘরে॥ সপন দেখিয়া মোরা পুছিনু তাহারে*জেসব কহিল সেই সপনবয়ান তহকিক হইল তাহা আল্লার ফরমান * বকসেস পাইনু আমি বাকি মারা গেল॥ সপনের বাত সে এমন করেছিল * গরিব ফকির কহে কেতাবের বাত॥ জেবা কহে শুনে তার বাড়ুক হায়াত *

ইউছফ জেলেখা,

## রয়হান বাদসার সপনের হকিকত হজরত ইউছফ কহেন তাহার বয়ান ॥

পয়ার ॥ বাদসা কহে ভাল তাকে আনহ ডাকিয়া ॥ ইউছফের কাছে ছাকি পৌছিল আসিয়া ॥ আরজ করিয়া কহে ইউছফের পায় ॥ ভুলেছিনু তেরা বাত কহিতে বাদসায় ॥ বাদসা সপন দেখে ভেজিল আমাকে ॥ সাত গরু বড় মোটা সপনেতে দেখে ॥ সাত গরু দুবেলা দেখিল তার পিছে ॥ মোটাকে খাইয়া সেই সব গরু গেছে ॥ সাত গরুগেল সেই মোটাকে খাইয়া ॥ দহসত পাইয়া বাদসা উঠিল জাগিয়া এমন সপন বাদসা দেখে ডরাইল ॥ তোমার হুজুরে বাদসা আমাকে ভেজিল ॥ ইউছফ কহেন বাত সাত বচ্ছর জানি ॥ ফসল হইবে বড় বরসিবে পানি ॥ তাহার পিছেতে আকাল হবে সাত সাল ॥ আকালেতে মরিবেক অনেক কাঙ্গাল ॥ দারুন আকাল পয়দা হবে দুনিয়ায় সপনের বাত এই কহনা বাদসায় ॥ ছাকি গিয়ে বাদশাকে কহিল খবর ॥ শুনিয়ে আনন্দ বাদসা সকল লস্কর ॥ বাদসা কহে ছাকি ফের পুছনা জাইয়া ॥ কি করি ফিকির এর আইসহ জানিয়া ॥ ছাকি মর্দ্দ এসে ফের কহে ইউছফের ॥ ইউছফ কহেন গিয়া কহনা বাদসারে ॥ আকালের আনাজ ফসল করিলেক জমা ॥ আকালেতে সাত সাল হইবে সে দানা ॥ ছাকি গিয়া বাদসার আগে কহিল এ বাত ॥ খবর পাইয়া বাদসা কানে দিল হাত ॥ সাবাস২ তাকে কহিল উজির ॥ সপনের কথা এয়ছা করিল জাহির ॥ বাদসা কহে এয়ছা মর্দ্দ কি নাম তাহার ॥ কহিল বাদসাকে বন্দখানার জমাদার ॥ পয়গম্বর জাদা সেই নামেতে ইউছফ ॥ আফতাব মহাতাব হৈতে দেখি তার রূপ ॥ ভাই সব দুস্মনি করিয়া তাকে বেচে ॥ মালেক সওদাগর তাকে হেথায় এনেছে ॥ আজিজ উজির তেরা কিনিয়াছে তায় ॥ বন্দখানা দিল তাকে বেগর গুনায় ॥ দেখিয়াছ তাকে তুমি নাহক এয়াদ ॥ বাদসা কহেন তাকে দেখিতে করি সাধ ॥ জমাদার কহে গিয়া ইউছফের আগে ॥ তোমাকে জাইতে হৈল বাদসার নজদিগে ॥ গরিব ফকির কহে কেতাবের বাত ॥ বাতুনে বড়খান জারে দিল মোলাকাত ॥

## ইউছফ বন্দখানা হৈতে খালাস হয় বাদসা সব নারীদিগে ও জেলেখায় মাঙ্গাইয়া এনছাফ করে তাহার বয়ান ॥

পয়ার ॥ ইউছফ হুজুরে জমাদার চলে জায় ॥ ইউছফেরে বলে চল বাদসার দরগায় ॥ ইউছফ বলেন তবে আমি জাই সেথা ॥ এনছাফ

করিয়া তব মোর এই কথা * কি লাগিয়া বন্দখানা হইল আমার॥ আজিজেরে বোলাইয়া করেন বিচার * সেসব আওরত জত আমারে দেখিয়া॥ কাটিল আপন হাত কিসের লাগিয়া * জেলেখা বিবিরে পুছে দেখ এই বাত॥ কিলাগিয়া কাটে তারা আপনার হাত *আপনার হাত কাটে আশক হইয়া॥ বন্দখানা দিল মোকে কিদোষ পাইয়া এতেক শুনিয়া তারে কহে জমাদার॥ এনছাফ হইবে গেলে হুজুরে বাদসার *এবাত শুনিয়া তবে ইউছফ চলিল॥ বাদসার হুজুরে গিয়া নালিশ করিল*মহাতাব না মান তুমি ছুরত দেখিয়া॥তাজিম করিয়া সাহা বসাইল লিয়া * ইউছফ আরজ করে বাদসাকে জানায়॥ তলব করিল বাদসা আসিতে সবায় * বাদসার উজির আর আইল জেলেখা॥ তামাম আওরত আইল নাহি লেখা জোখা * উজির নাজির খাড়া ছেপাই ছরদার॥ আপনি রয়হান সাহা করেন বিচার * সেই সব আওরতেরে পুছে বোলাইয়া॥ তোমার কাটিলে হাত কিসের লাগিয়া * তামাম আওরত তারা কহিল বাদসাকে॥ বাদসা বিচার করে মনে২ থাকে * পরেতে পুছেন বাদসা বিবি জেলেখারে॥ কাহে তুমি বন্দখানা দিলে ইউছফেরে * জেলেখা কহেন বাদসা কহিতে ডরাই॥ লাজ ভয় দুরেরেখে কহি তেরা ঠাই*ইউছফে দেখিয়া আমি আসক আগুণে॥ রাত দিন জ্বলি আমি আপনার মনে * আওল আখেরে শুন ইউছফের বাত॥ ইউছফের স্বপনেতে দেখি এক রাত * সাত সাল ওম্মর জখন মা বাপের বাড়ী॥ স্বপনে ইউছফে দেখি পায় হৈল বেড়ি * তিনবার তিন সাল দেখিনু স্বপনে॥ বিধাতার লেখা বেহা আজিজের সনে * কেবল উজির মেরা নামের খছম॥ জেলেখা বলেন এই আমার সরম * জেলেখার নির্ব্বন্ধ জেই বিধাতার ঘটনা॥ ইউছফ আমার সঙ্গে না করে ভজনা * এহার খাতেরে কৈনু অনেক ফিকির॥ তবু না পাইনু মন ইউছফ নবীর * এই দায় ইউফেরে দিনু বন্দখানা॥ বেসমর হইয়া কই শুন সর্ব্বজনা * ইউছফের দোষ নাহি আমি গোনাগার॥ সরম ছাড়িয়া কহি শোন নামদার * বন্দখানার ভয়ে জেন মোর সাতে ভজে॥ কহিনু আপন কথা কি করিবে লাজে* ইউছফের গোণাখাতা নাহি কোন দোষ॥ আমার দেলেতে এহি সদাই আফশোশ * আজিজ সরমে রহে হেট ছের হৈয়া॥ জে জার ঘরেতে গেল সরম পাইয়া *ইউছফেরে দিল বাদসা এনাম একরাম॥ উজির করিয়া তারে শুপে সবাকাম*ইউছফ উজির হৈলা মাঙ্গায় সব

দেখ বেরাদারগণ হয়ে এক মোন ॥
ইউছফ উজির হইল দুঃখ নিবারণ *



রাজ্য॥ মাজ্ঞায় সকল লোক জত ছিল প্রজা * গরিব ফকির কহে কেতাবের বাত॥ জেবা শুনে গায় তার বাড়ুক হাওয়াত *

হজরত ইউছফ উজির হইবার বয়ান॥

লঘু-ত্রিপদী * ইউছফ উজির, আপনি হাজির, মাজ্ঞায় রাএতে সবে॥ কহে বাত রাস, চস গিয়া চাষ, সকলে জে ভাগ পাবে*ভাগে জত জমি, কৃষাণিতে কমি, খেতি কামে জবে পাব॥ দিয়ে বন্দখানা, একং২ জোনা, একসনে বুঝে লব * রাএতে কহিয়া, লিল লেখাইয়া সকল রায়েত ঠাই॥ পাইয়া দেলেসা, চলে জায় চাষা বিদাই উজিরের ঠাই * ইউছফ উজির, করিয়া ফিকির, দেশে দেশে ঢেড়া দিয়া॥ বুঝিয়া একাজ, সকল আনাজ, কিনিয়া রাখিল লিয়া * আরাম করিয়া, রাখেন বান্দিয়া, সুখে গেল সাত সাল॥ সাতসাল পরে, দুনিয়া উপরে, আইল দুর্জ্জয় আকাল * এই সাতসাল, পড়িল আকাল, করহ দুনিয়া উপরে॥ আইল লোনা পানি, হইল গেরানি, আকালেতে লোক মরে* বুঝিয়া একাজ, জতেক আনাজ, রেখেছিল জমা করি॥ দেখিয়া আকাল, লইয়া সেলাম, বেটে দিল ঘরাঘরি *সে সব খাইয়া, লোক রহে জিয়া, গোজারিল সাতসাল॥ কহেন অধিন, আইল সুদিন, সবে খোসালিত হাল *

জেলেখার মোলাকাত হইবার বয়ান॥

পয়ার * আকালেতে কত দিন আজিজ উজির॥ গোজারিয়া গেল সেই গোরেতে বাহির * আজিজ উজির মৈল এলাহির চাহা॥ জেলেখা পাইল ধন ছিল তার জাহা * আজিজের মাল মাত্তা জত কিছু ছিল॥ ইউছফের তাবে সব লোটাইয়া দিল * জেলেখার আগে জে ইউছফের কথা কয়॥ থাকুক ধনের দায় প্রাণ দিতে চায় * জে বলে ইউছফে আমি দিব আনাইয়া॥ এনাম বকসেস দেয় তাহার লাগিয়া * এরূপে লোটাইয়া দিল জত ধন॥ তবু না ভুলাতে পারে ইউছফের মন * জেলেখা পাগল হৈল হুসনাহি তারে॥ বান্দড়ি হইল সেই ইউছফ খাতেরে* জেলেখা ইউছফ শোগে আখে হৈল কানা॥ ছারখার হৈল বেশ ডালিল গহনা * দাসি বান্দি লোক জন সেহেলি তাহার॥ একে২ ছেড়ে গেল হইয়া বেজার * হাকাহাকি করে সদা বনে মাঠে ঘাটে॥ সাতে সঙ্গে নাহি কেহ কুত্তা পায় কাটে * সেরূপ জৌবন গেল ছারখার বেশ॥ ইউছফ বিহনে তার তনু হৈল শেষ * পাগল হইয়া ফেরে বাজারে২॥ জারে দেখে তারে পুছে ইউছফের

তরে * জেলেখার এই দশা করিল খোদায় ॥ এয়ছাই করেক রোজ গোজারিয়া জায় * এক রোজ ইউছফ নবি খোসাল হইয়া ॥ তামাম লস্কর নবি লিল মাঙ্গাইয়া * ইউছফ উজির কহে সবাকার সাতে ॥ চলহ তামাম লোক শিকার করিতে * ইউছফ কহেন সোন ছেপাই সরদার ॥ চলহ তামাম লোক করিতে শিকার *চলিল তামাম লোক চড়ে ঘোড়া ঘুড়ী ॥ সেই রাহে পড়েছিল জেলেখা বান্দড়ী * ইইছফ চলিল আগে সব লোক পিছে ॥ আসিয়া পৌছিল সেই জেলেখার কাছে*দেখিল রাহাতে পড়েজেলেখা বেহাল ॥ পুছিল ইউছফ তারে কেমন খেয়াল*কোথা গেল মালমাত্তা সেরূপ জৌবন॥ কোথা গেল দাসি বান্দি জত লোক জন * জওান ওস্কর তুমি কেন হৈলে বুড়ি ॥ চক্ষেতে হইল কানা গায়ে উড়ে খড়ি* জেলেখা বলেন শোন ইউছফ জামাল ॥ তোমার লাগিয়া মোর হইল এহাল * আসক আগুন জ্বলে দেলের ভিতরে ॥ ধরিয়া দেখহ চাবুক মেরা মুখ পরে * আসকে পুড়িয়া আমি হৈনু ছারখার ॥ ছাচ্চা কিবা মিছে দেখ আলামত তার ইউছফ চাবুক ধরে জেলেখার মুখে ॥ দেলের আগুন তার লাগিল চাবুকে*চাবুক জ্বলিয়া তার লাগিল আস্তিনে ॥ ইউছফ হয়রান তার তাপের জ্বলনে * জেলেখা বলেন তাপ না পার সহিতে ॥ এয়ছাই আগুণ জ্বলে আমার দেলেতে * চল্লিশ বচ্ছর মেরা দেলে আগ জ্বলে ঘড়িত্তে হয়রান হৈল সহিতে নারিলে * ইউছফ ঘোড়ার পরে জেলেখা জমীনে ॥ জেলেখারে বলে থাক একিদা ইমানে *এলাহি আল মিন পরে আনহ ইমান ॥ নবীর কলেমা পড়ে হও মোছলাম*জেলেখা শুনিল জদি এই সমাচার ॥ নবীর কলেমা পড়ে হৈয়া দিনদার*একিদা করিয়া বিবী আনিল ইমান ॥ গরিব ফকির কহে কেতাব বয়ান *

জেলেখার জওান হওা ও ইউছফ জেলেখার
পরে আসক হইবার বয়ান ॥

পয়ার * ছারখার ইউছফ নবী জেলেখার শোগে ॥ইউছফ কহেন বাত জেলেখার আগে* কি তোমার মনেতে আছে কহ শুনি বাত ॥ মনের কি কথা তোমার কহনা নেহাত*জেলেখা কহেন আমি জেমন আওরত॥ পহেলা আছিল মোর জেমন ছুরত * তেমনি ছুরত মাঙ্গি আল্লার দরবারে ॥ দোওা মাঙ্গ দেখি আমি আপনা নজরে * ইউছফ মাঙ্গেন দোওা আল্লার রাহে মতি ॥ জেলেখা থাকেন জথা পাকহালে সতী * তোমার করমে আল্লা ভাবনা কিসের ॥ জেলেখা মাঙ্গেন

জাহা দেহ তুমি ফের * এয়ছাই কহিয়া ছের জমীনে রাখিল ॥ এলাহির করমে রূপ জেলেখা পাইল * জেলেখা বলেন ছের উঠাও ইউছফ ॥ বকসিল এলাহি মোর ছুরত সেরূপ * লানত কুফর দ্বিনে ছিনু এতদিন ॥ এত দুঃখ দিল মোরে এলাহি আলমিন * এতদিন নাহি জানি কোদরত কামাল ॥ সেই সে করিল মুঝে পাগল বেহাল * ইউছফের মেহের নাহিক দেলপরে ॥ এলাহির নাম লয়ে থাকিব করারে এলাহি করিল পয়দা তামাম আলম ॥ তাহারে না ভাবি আমি বড়ই অধম * জেলেখা দেলেতে ভাবে এলাহি পরওারে ॥ চন্দ্রের সমান রূপ দিল জেলেখারে * হুর পরী জিনে রূপ দিলেন খোদায় ॥ ইউছফ অবশ হৈল দেখে জেলেখায়*ইউছফ দেখিয়া তবে বিবী জেলেখারে ॥ আসকে অবশ হৈল দেখিয়া বিবীরে* আসকে মেহের পয়দা ছুরত তাহার ॥ তাহা বিনে মনে কিছু নাহি ভাবি আর * জেলেখা বলেন ইউছফ হও কামাতুর ॥ দেল হৈতে এই কাজ কর তুমি দুর * রাহের উপর কেন কর এই কাম ॥ আল্লার দরগায় তেরা হইবে বদনাম * জেলেখার দেলে আর নাহি বদি কাম ॥ কবুল করিল বিবী ভাবিয়া এছলাম*আসকে ইউছফ গিয়া ধরে জেলেখায় ॥ ইউছফের কাছে হৈতে জেলেখা পালায়* ইউছফেরে ছাড়িয়া জেলেখা ফেলে চলে ॥ সেতাবি চলিয়া আইল আপন মহলে * ইউছফ আসক হৈল দেওনার হাল ॥ এমন আপদ দেখো আসক খেয়াল * আসকে অবশ হৈল ইউছফ জামাল ॥ সবে ধরে ইউছফেরে লিল হামেহাল * লোক জন লস্কর জে সব ছিলসাতে॥ ইউছফেরে লইয়া গেল বাদসার সাক্ষাতে*রয়হান মেছের সাহা ইউছফে দেখিয়া ॥ ইউছফের লোক জন পুছে মাঙ্গাইয়া* লোক জনে পুছে বাদসা শুনহ ফরমান ॥ গরীব ফকির কহে কেতাবে বয়ান *

রয়হান মেছের সাহা জেলেখার নিকটে উকিল পাঠায়
ও ইউছফ জেলেখায় নেকা হইবার বয়ান ॥

পয়ার * ইউছফের লোক জনে পুছিল রয়হান ॥ আজ কেন ইউছফের হাল পেরেসান * ইউছফের লোক কহে বাদসার হুজুর ॥ জেলেখায় দেখে ইউছফ হোল কামাতুর * মাহতাব জিনিয়া রূপ জেলেখা পাইল ॥ উজির দেখিয়া তাকে আসকে আকুল * এই সমাচার তবে কহে সব লোকে ॥ আওল আখেরে সব কহিল বাদসাকে* জানিল রয়হান সাহা এ বড় মুস্কিল ॥ জেলেখারে গিয়া তবে কহেন

উকিল * শুনহ জেলেখা বিবী আমার বচন॥ তুমি আর ইউছফ নবী নির্ব্বন্ধ লেখন * জে নারীর দুনিয়াতে না হক খছম॥ বড় অভাগিনী সেই দুনিয়ার অধম * জে নারীর মন রহে খছম খেদমতে॥ আখেরে তরিয়া জাবে রোজ কেয়ামতে * ইউছফেরে লয়ে ভজ দুনিয়া ভিতরে॥ তবে সে তোমার ভালা আল্লার দরবারে * নেকার ছামানা তবে মাঙ্গাইতে কন॥ ইউছফ জেলেখা নেকা হৈল দুই জন * দুই জনে এক সাতে গোজরান করিতে॥ জেলেখা খোস মনে লাগিল হাসিতে * আসক আগুণে সাহেব হয়ত হয়রান॥ ছটফট করে আর স্থির নহে প্রাণ * জেলেখা মনের মধ্যে করিল বিচার॥ আল্লার শোকরানা পড়ে হাজারে হাজার*চল্লিশ বরস আমি আসক আগুনে॥ এয় ছাই আগুন দেলে ছিল রাতদিনে * আসিয়া নজদিগে বৈস ইউছফ জামাল॥ ঘড়ি চারি বিচে কেন হলে হে বেহাল * ইউছফ জেলেখা সনে খোসালিত মন॥ রঙ্গ রসে দুজনাতে করিল গোজরান *

পয়ার॥ জেলেখারে পুছে ইউছফ অনুমান করে॥ এক বাত কহ বিবী আমার হুজুরে * এত দিন তুমি ছিলে আজিজের সাতে॥ এখন আমারে রাখ দেল খোসালিতে*জেলেখা বলেন দেই আমার খছম॥ তায় আমার এক সাতে না ছিল সঙ্গম * শুনহ সাহেব মেরা ছাচ্ছা কহি আমি॥ তেরা আগে কহি তার না ছিল মর্দ্দমি * ইউছফ খোসালি বড় জেলেখার বাতে॥মেছের মুল্লুকেতে রহে দেল খোসালিতে রয়হান মেছের সাহা ইউছফেরে বলে॥ খোসাল হইয়া বাদসা আপনার দেলে * অধিন ফকির কহে কেতাবের বাত॥ বড়খা বাতুনে জারে দিল মোলাকাত *

ইউছফ মেছেরে বাদসা হন ও আকালেতে লোক জন প্রতিপালন করিবার বয়ান॥

পয়ার * এইরূপে কতদিন গোজারিয়া জায়॥ মুল্লুকের কারবার ইউছফ চালায় * নেকপাক ইউছফ জেলেখা দুইজন॥ ইউছফ হইবে বাদসা নির্ব্বন্ধ লেখন * এক রোজ রয়হান সাহা খোসালিত দেলে॥ পিয়ার করিয়া বাত ইউছফেরে বলে * পয়গম্বর জাদা তুমি পেয়ারা সবার॥ আকেল ওকুফ বড় দেখিনু তোমায় * বাদসার লায়েক তুমি নির্ব্বন্ধ কপাল॥ আল্লার মকবুল তুমি ইউছফ জামাল *মেছের মুল্লুকে তুঝে মানে সবকই॥ আমার বদলে তুঝে শুপিনু বাদসাই * এনছাফ করিবে তুমি রায়েত প্রজার॥ আজ্জি হৈতে বাদসা তুমি সকলি তো-

মার * আজিজ বলিয়া জে রাখিনু তেরা নাম॥ আমি তেরা উজির হয়ে রহিব মোদাম*হুকুম মাফিক তেরা চলিব সবাই॥এতেক বলিয়া দিল ইউছফে বাদসাই*আজিজ বলিয়া রাখে ইউছফের নাম॥ তক্তে বসাইয়া তারে করিল ছালাম* ইউছফ তক্তেতে তবে দিল গিয়া বার এনাম বকসেস দিল জে জেমন ছরদার * আদল এনছাফে খুব খোসাল সবাই॥ আজিজ বাদসার নামে ফিরিল দোহাই *ইউছফের নাম হৈল আজিজ মেছের॥ দেশ মুল্লুকেতে সব হইল খবর * বড় ছাখাওত মর্দ্দ ইউছফ হইল॥ আকাল সময়ে লোকে খেলায়ে পালিল * জত আনাজ রেখেছিল জানিয়া সময়॥ আকাল হইতে লোক পালিলেক তায় * ফুরাইল আনাজ সব রেখেছিল জত॥ উট ঘোড়া জবে করে খেলাইল কর * ছাগল গাড়ল দুম্বা আনে পালে২॥ খেলাইল কত লোকে দারুন আকালে * ভাণ্ডারেতে জত ধন ছিল তার পরে খয়রাত করিল জত কাঙ্গাল ফকিরে * ইউছফের রূপ দেখিয়া জত লোক॥ ভুক পেয়াছ তেয়াগিয়া হইল আসক * এয়ছাই ছুরত রূপ আছিল ইউছফ॥ ভোক পেয়াছ নাহি কার দেখে সেই রূপ * না করিতে পারে কিবা কুদরত কামাল॥ সকলি তাহার পয়দা আকাল শুকাল * কত দুক্ষ দিলে আল্লা এনে ইউছফেরে॥ মেছেরে বাদসাই আল্লা দিল জে আখেরে *আপনা করিয়া জারে করেন পেয়ার॥ দুনিয়াতে ভালা বুরা কত দুক্ষ তার* দুমান সাবেত জার থাকে দুনিয়ায়॥ কোন বাতে গম তার না করে খোদায় * পাইল ইউছফ নবী বাদসাই মাদার॥ সকলি করিতে পারে পরওার দেগার*হাসেল বন্দেগি করে ইউছফ আল্লার॥ খুসি খোসালিতে থাকে সহর বাজার*ফকির গরিব কহে ভাবিয়া ভালাই॥ মেছের মুল্লুকে নবী পাইল বাদসাই *

হজরত এয়াকুবের দশ বেটা একসঙ্গে মেছের সহরে
আনাজ কিনিতে জাইবার বয়ান॥

পয়ার * বদর কহেন গাজি শুন মেরা ভাই॥ মেছের সহরে নবী পাইল বাদসাই * দারুণ আকাল ছিল সেইত সময়॥ কেনান সহর জুড়ে আকাল দুর্জ্জয়*কেনানে এয়াকুব নবী রহে পয়গম্বর॥ সহরের লোক মরে আকালে বিস্তর * এয়াকুব ইউছফের শোগে কান্দিয়া২॥ দুটি আখি ফুলে পড়ে রহে কানা হৈয়া*ইউছফে না দেখে তায় হইল বেহাল॥ কতদিন বাদে আইল দুর্জ্জয় আকাল * এয়াকুব কহেন দশ

বেটাকে ডাকিয়া ॥ বেগর খোরাকে লোক মরে দগ্ধাইয়া * লোক মুখে এইকথা পাইনু শুনিতে ॥ বাদসাই পাইল মর্দ্দঅতি খোসালিতে মেছের সহরে বাদসা বড়া নামদার ॥ আনাজ রেখেচে বহুত হদ্দ নাহি তার * খেলায় পেলায় খানা দেয়ত এনাম ॥ হামেসা তাহার শুনি এই সব কাম * সেখানে চলিয়া জাও টাকা কড়ি লিয়া ॥ আনাজ পাইলে সব আনিবে কিনিয়া * এয়াকুবের দশ বেটা শুনিয়া এবাত ॥ উট ঘোড়া গাধা গাড়ি করে নিল সাত*এয়ছাই কলহ হৈল গিরিল আকাল ॥ আনাজ বেগরে মরে বহুত কাঙ্গাল * আনাজ কিনিতে মোরা কোথাও না পাই ॥ এখাতেরে মেছেরেতে আইনু দশ ভাই * হইল তোমার নাম মল্লুকে জাহির ॥ আকালে পালিলে জত কাঙ্গাল ফকির * বাপের হুকুমে মোরা আইনু হেথা কারে ॥ কিনিব আনাজ মোরা তোমার দরবারে* ইউছফ পুছিল ফের করিয়া ফিকির ফরজন্দ হইল কয়এয়াকুব নবীর*তাহারা বলে বারবেটা হইল তাহার একাদশ বেটা এখন আছি এয়াদদার *এক বেটা তাহার জে ইউছফ নামে ছিল ॥ জঙ্গলের বিচে তারে বাঘেতে খাইল * বড়ই ছুরত পাক আছিল ইউছফ ॥ বাপের পিয়ারে ছিল চাঁদ এয়সা রূপ * জঙ্গলের বাঘেয় তারে খাইল ধরিয়া ॥ হামেসা কান্দেন নবী তাহার লাগিয়া* সেই শোগে বাপ মেরা কান্দিতে২ ॥ চক্ষে ছানি পড়ে তার না পায় দেখিতে *ইউছফ শুনিল জদি এ সব খবর ॥ দেলেতে হইয়া গোস্বা আগ বরাবর* দিয়াছে অনেক দুক্ষ এই দশভাই ॥ বান্ধিয়া সবার তরে করিব সাজাই * সে ঘড়ি জিবরীল এসে করিলেন মানা ॥ সাজাই করিতে চাহ ভাইকে আপনা* পয়গম্বর জাদা হয়ে এয়সা তেরা কাম আর না করিবে দেলে গোস্বা জে হারাম * তেরা পরদারা তারে নম রূদ কুফর ॥ বান্ধিয়া ফেলিয়া দিল আগুন ভিতর * নমরূদ উপরে তবু না করিল গোস্বা ॥ তাহার আওলাদ হয়ে তোর এই দশা * আশা করে আসিয়াছে কিনিতে আনাজ ॥ সালাম করিল তুঝে এত লোক মাঝা * জিবরিল কহিল ফের শুন বাত আর ॥ গরিব ফকির কহে কেতাব ওতার *

ইউছফ ভাইদিগে খেলান পেলান ও আনাজ দিবার বয়ান ॥

ত্রিপদী * মেহতের জিবরিল কয়, তেরা মনাছেব নয়, ভাই সবে করিতে সাজাই ॥ জদি আজ দাদ লিবে, সব অকারণ জাবে, আখে

রেতে কি হবে ভালাই ※ তেরা ভাই দশ জনে, কেহ তোমারে নাহি চেনে, তুমি চেন সবাকার তরে ॥ এখানে আপনা চেনা, নাহি দিবে শুনা মানা, মেহের করে খেলাও সবাকারে ※ জিবরীল কহিয়া গেল ইউছফ শুনিতে পাইল, গোশ্বা তার হয়ে গেল পানি ॥ দেলেতে হইল দর্দ্দ, গোলামে কহিল মর্দ্দ, তাজিমে খেলাও খানা পানি ※ গোলাম এসারা পায়ে, দশজনে গেল লিয়ে, বসাইল করিয়া তাজিম ॥ খুব তরে খানাপানি, খেলাইল মেহমানি, পেয়ারে সে করিল খাদিম ※ তিন দিন গেল পিছে, জায় ইউছফের কাছে, ছালাম করিয়া কহে বাত ॥ বিদায় হুকুম হয়, দেরেঙ্গির কাম নয়, ছোট ভাই আছে বাপের সাত ※ ইউছফের ছোট ভাই, আছেন বাপের ঠাই, মোরা দশভাই এনু হেথা আমরা আরামে খাই, পেরেসান বাপ ভাই, না জানি কি হাল হৈল সেথা ※ ইউছফ কহেন বাত, ছোট ভাই লিয়া সাত, সকলে আসিবে আরবার ॥ এক উট তরে তবে, গেহুব আনাজ পাবে, এসে সবে করহ দিদার ॥ দশভাই ভাবে দেলে, ইউছফের তরে বলে, জদি বাপ করেন বিদায় ॥ তবেত করিনু ভাই, আনিব তোমার ঠাই, না দিলে কেমনে আনি তায় ※ ইউছফ বলেন তবে, আনাজ নাহিক পাবে, 'জদি নাহি আন এমানিরে ॥ শুনিয়া এরছাই বানি, কহিল আনিব আমি, দেখাইব আনিয়া তোমারে ※ ইউছফ হুকুম দিল, উট ভরে আনাজ দিল, ভাও মুখে পাইল তাহার ॥ সে মাল ছালায় থুয়ে, ছালার মুখ সেলাইয়ে ছাপাইয়া নজর সবার ※ দশ ভাই বরাবরে, ইউছফে মেহের করে খোসালিতে করিল বিদায় ॥ গাজির হুকুমে দেলে, গরিব ফকির বলে দেল শুখে ভাবিয়া খোদায় ※

হজরত ইউছফের দশ ভাই দেশে জায় ও বাপের সমুখে মেছের সাহার সব হাল কহিবার বয়ান ॥

পয়ার ※ ইউছফ আনাজ বেচে পেয়েছিল জাহা ॥ ছালার ভিতরে দিল ছাপাইয়া তাহা ※ দিলেক বহুত মাত্তা ছালার ভিতর ॥ ছাপাইয়া দিল তাকে নাহিক খবর ※ দশভাই সে খবর কেহ নাহি জানে ॥ চলিল বিদায় হয়ে ভাই দশজনে ※ উঠগাধা গাড়ি কত বলদ লাগিয়া ॥ চলিল আপন দেশে খোসাল হইয়া ※ কত দুরে গিয়া সবে এই কথা বলে ॥ কি জানি ইউছফ বুঝি লেয় মেরা দেলে ※ এতেক মেহের করে পুছে বারে বার ॥ ইউছফ হবেক জেন দেলেতে আমার ※ কেহ বলে জদি

সেই ইউছফ হইত ॥ আমা সরাকারে তরে মারিয়া ডালিত * জতেক সেন্দত মোরাকরিয়াছি তারে॥সে হলে কিছেড়েদিত আমা সবাকারে চল্লিশ বচ্ছর ইউছফ কোন দেশে গেল॥ আছে কিনা আছে সেই কোথা গিয়া মল * জদি সেই এতকাল আছে কোন ঠাই॥ এমন কপাল কিসে পাইবে বাদসাই*বড়া ছাখাওত বাদসা দেখিনু এনছান না হবে ইউছফ সেই বুঝিনু নিদান * দশ ভাই এই কথা রাহে কত বলে ॥ ঘরে গিয়া দশ ভাই চাল সব ঢালে * দশভায়ে বাপের হুজুরে চলে গেল ॥ ছালাম করিয়া বাত কহিতে লাগিল * ইউছফের সব কথা কহে দশমুখে ॥ বড় ছাখাওত মর্দ্দ দেখিনু তাহাকে * আজিজ বাদসার নাম লোক মুখে শুনি ॥ আমা দশভায়ে বড় করেন মেহমানি তাজিম করিয়া বড় খেলাইল খানা ॥ মেহেরে পুছিল বাত জেমন আপনা * একে২ পুছিল সে আমা সবাকারে ॥ এমানি তোমার ভাই দেখিব তাহারে * এহি সব বাত বাবা আমা সবাকারে ॥ পুজিতে লাগিল বাদসা বহুত পেয়ারে * এমানি তোমার ভাই আনিয়া দেখাবে এক উট ভরিয়া আনাজ তবে পাবে*এমানিরে পাঠাও বাবা কর এই কাম ॥ এসময় আনাজ কত পাইলে এনাম * এত শুনি এয়াকুব বলে ভাল২ ॥ কি চিজ এনেছ কিনে ছালা আগে খোল * বাপের হুজুরে ছাল্লা খুলে দেখাইল ॥ আনাজ খরিদের টাকা ছালাতে পাইল*এয়াকুব ভাবেন সেই ইউছফ আলবত ॥ দশ জনার আগে কহে এই হকিকত * দেলেতে বুঝিয়া নবি না কহিল কিছু ॥ জদি সে ইউছফ হয় জানা জাবে পিছু * খোসালেতে জিনিস আনাজ দিল ঘরে ॥ গরিব ফকির কহে কেতাব উত্তরে *

দশ ভাই মিলিয়া বাপের হুজুরে আরজ করে ও এমানিকে লিয়া মেছেরে জাইবার বয়ান ॥

পয়ার * এক রোজ দশ ভায়ে খোসাল অন্তরে ॥ কহিতেছে বাত তবে বাপের হুজুরে * বাবাজী আরজ এহি শুন মেরা বাত॥ এমানি ভায়েরে দেহ লিয়া জাব সাত*আজিজ মেছের চাহে এমানিদেখিতে বহুত মিনতি করি কহিল জাইতে * এমানি ভায়ের জদি সঙ্গে লিয়া জাব॥ এক উট-ভরা খাসা জিনিস পাইব * কারার করিয়া মোরা এসেছি নেহাত॥ এমানিরে আনিয়ে কারার মোলাকাত * এয়াকুব বলেন শুন বেটা দশজনে ॥ ইউছফেরে লিয়া সবে গিয়া ছিলে বনে*

ইউছফা আমার প্রাণ রাখিলে জঙ্গলে ॥ সেই শোগে কানা আমি জিউ মেরা জলে * এয়ছাই ইউছফে লিয়া গেলে দশ জনা ॥ তোমার কি কৈলে তারে না জানি ঠৈকানা * এমানি আমার কোলে থাকেত বসিয়া ॥ কিছু দেলে বোধ হয় বচন শুনিয়া * তবে জদি লিয়া জাবে এমানির তরে ॥ কর্‌হ ছওগন্দ সব আমার হুজুরে * দশভায়ে ছওগন্দ করে বাপ বরাবর ॥ এমানিরে শুপে দিল হাতের উপর * দশ ভায়ে খোসালিতে এমানিরে লিয়া ॥ মেছের মুল্লুকে সবে উত্তরিল গিয়া * মেছের বাদসার কাছে পৌছিল খবর ॥ তলব করিল সবে গেল বরাবর একাদশ ভায়ে গিয়া করিল ছালাম ॥ ইউছফ এমানি দেখে হইল আরাম * এমানি ভায়ের তবে বোলাইয়া কাছে ॥ দশভাই হয়েখাড়া রহে তার পিছে * তক্তের তফাতে বৈসে রহে দশ ভাই ॥ ইউছফ এমানি দোন রহে একঠাই * হুকুম করিতে খানা আসিয়া পৌছিল ॥ সবে মিলে খানা পিনা খাইতে লাগিল * ইউছফ বলেন তোমরা শুন দশ জনে ॥ কহ আমি খানা খাব এমানির সনে * দশভাই শুনে তারা জওাব না দিল মনে ভাবে এমানির ছুরমত বাড়িল * ইউছফ বুঝিয়া ধরে এমানির হাত ॥ কোলে বসাইয়া খানা খায় এক সাত * খুসির সোমার নাহি এমানি পাইয়া ॥ দোন ভাই খানা খায় খোসালে বসিয়া * খানাপানি খাইয়া ইউছফ আপনায় ॥ গরিব ফকির কহে ভাবিয়া খোদায় *

হজরত ইউছফকে দেখিয়া এমানি বেহুস হয় ও দশভাই আনাজ লিয়া দেশে জায় ও সকলকে চোর বাদ দিয়া ফেরাইবার বয়ান ॥

পয়ার * এমানিকে লিয়া সাথে ইউছফ তখন ॥ দোন ভাই খানা খায় খোসালিত মন * খানা পানি খাইয়া ইউছফ আপনার ॥ কাপড় খুলিয়া মুখ ভায়েরে দেখায় * এমানি ইউছফ রূপ নজরে দেখিয়া ॥ কান্দিয়া গিরিল মর্দ্দ অচেতন হৈয়া * এমানিরে হাওা করে ইউছফ আপনি ॥ এমানি চেতন পেয়ে উঠিল তখনি * ইউছফ পুছিলে তুঝে কি আছে আজার ॥ কেনবা গিরিলে তুমি কহ সমাচার * এমনি কহিল ভাই ইউছফ জেমন ॥ তেমনি তোমারে দেখি শুন দিয়া মন * ইউছফ বলেন ভাই না কান্দিও আর ॥ সেইত ইউছফ আমি ভাই জে তোমার * গলাগলি হৈয়া দোন বহুত কান্দিয়া ॥ ইউছফ বলেন ভাব কিসের লাগিয়া * জত দুক্ষ দিওাছিল ভাই দশজনে ॥ একে২ শুনাইল

এমানির কানে*কুণ্ডাতে ডালিয়া মোরেবেচে সওদাগরে ॥মেরেছিল তারা জত কহিব তোমারে * এই দশ জনে আমি করিব সাজাই.॥ দেলেতে না হবে গোস্বা কারে করে নাই * দু চার মঞ্জেলে জাবে বিদায় হইয়া ॥ ফন্দকারে সবাকারে আনিব বান্ধিয়া*সে সব দেখিয়া তুমি না করিবে.গোস্বা ॥ কত দুরে গেলে সবাকার হবে দিয়া *. এয়ছাই মছলত দেলে ফিকির করিবা॥ দিলেন আনাজ সবে ভাণ্ডার খুলিয়া * দেল খোসালিতে ধন দিল সবাকারে ॥ ভরিয়া এগার ছালা আনন্দ সাগরে * এমানির ছালাতে কটোরা এক রাখে ॥ সোনার কটোরা রাখে ছাপায়ে সবাকে * ইউছফের লোক জনে ছালা ভরে দিল ॥ তিন দিন বাদে তারা বিদায় হইল * দু চার মঞ্জেল গেল বিদায় হইয়া ॥ ইউছফের লোক গেল পশ্চাতে ধাইয়া * ইউছফের লোক পিছে ধায় উভরায় ॥ চোর চোর বলিয়া জে ঘিরিল সবায় * কেহ বলে চোর তোরা কিসের বেপারি ॥ সোনার কটোরা সাহার কেনকৈল চুরি*তারা বলে আমারে নহে এয়ছা কাম ॥ সাবুদ করিতে পার হইব গোলাম * কহিল বাদসার লোক দেহত লিখিয়া ॥ অধিন ফকির কহে কেতাব দেখিয়া *

এমানির ছালা হৈতে এক কটোরা বাহির হয় ও চোর
বলে ইউছফ এমানিকে রাখিবার বয়ান ॥

পয়ার * চোর বাদ দিয়া সবে ফিরিয়া তখন ॥ ভাবিতে লাগিল তারা রহে মানে মন * দেখিতে লাগিল সবার ছালাতে খুলিয়া ॥ লেখাপড়ি একে২ লিলেক লিখিয়া * একে২ জতছালা খুলিয়া দেখিল এমানির ছালা বিচে কটোর পাইল * এমানির ছালা বিচে পাইল কটোরা ॥ সাবুদ হইল চোর নাহি আর চারা * এমানিরে ধরে লিল বাদসার আগেতে ॥ দশ ভায়ে দেখে তারা ভাবেন মনেতে * ভালত মুস্কিল এই মিছা পরিবাদ ॥ বড়ত কলঙ্ক এই হয় পরমাদ * সাত পাঁচ ভাবনা করেন এক ঠাই ॥ বাদসার হুজুরে খাড়া কহে দশ ভাই* আলাস্পনা ছালামত আছি পাওতলে॥ মোরা দশজন থাকি এমানি কতলে মোরা দশ জন থাকি হইয়া এমানিরে খালাছ দেহ করি এহি কাম ॥ ইউছফে খাইল গোলাম * এক মায়ের দুটি বেটা ইউছফে এমানি ॥ ইউছফে খাইল বাঘে হৈল বহু দিন * ইউছফের সোগে বাপ কান্দিয়া২ ॥ দুই চক্ষে পড়েছে ছানি রহে কানা হৈয়া * হামেসা এমানি থাকে নজর উপর জীই না রাখিবে বাপ পাইলে খবর * আমাদের হাতে বাপ শুনিল

এমানে ॥ এমানিরে ছেড়ে মোরা জাইব কেমনে * এয়াহুদ বলেন সব কহিনু তোমারে ॥ না রাখ এমানির তরে ছেড়ে দেহ তারে * ইউছফ বলেন মোর নহে এই কাম ॥ চোরের বদলে বন্দি করিব গোলাম * জে জন করিল চুরি রাখিনু তাহারে ॥ অন্য জনে রাখিব বন্দি কিসের খাতেরে * এয়াহুদ হইল গোস্বা দশ ভায়ের সাত ॥ দরবারে রহিল খাড়া নেকালিয়া হাত * দোন আঁখি লাল করে গোস্বায় ভরিয়া ॥ লড়িবারে সেজে মর্দ্দ আসে নেকালিয়া * ইউছফ বুঝিয়া আপে করিল ফরমান ॥ হুজুরে হইল খাড়া তামাম পাহালওান *. চাল্লিশ হাজার খুব চুনেন্দা সওার ॥ ঘিরিল আসিয়া সবে হুকুম বাদসার * এয়াহুদ লস্কর বিচে আইল হাকিয়া ॥ হাকেতে আছমান জমি পড়িল ভাঙ্গিয়া কেহুত ভাগিয়া জায় পিছে নাহি তাকে ॥ ইউছফ দেখেন রঙ্গ আপনা সমুখে * এছহাক নবীর পাগ দিয়া ছিল গায় ॥ সেই পাগ লিয়া মর্দ্দ সবাকে দেখায় * হেম্মত হইল কম সেইত ময়দানে ॥ ধরা গেল দশ ভাই দোস্তারের গুণে * দশজন এই দায় রহে বন্দখানা ॥ অধিন ফকির কহে ভাবিয়া রব্বানা *

এমানিরে চোর বাদ দিয়া ইউছফ আপনার কাছে রাখে
দশ ভাই আসিয়া বাপের নিকটে কহিবার বয়ান ॥

পয়ার * তিন দিন বন্দখানায় দিল দশজনে ॥ মারিতে জে রাখে ডর এলাহির সনে * বাদসা বলে দশ জন হও জোরওার ॥ মারিব না দেলে ডর হইল আল্লার * আল্লার তরফে চেয়ে দিনু জে ছাড়িয়া ॥ দশ জনে ঘরে জাও খালাস হইয়া * গোণা খাতা মাফ কৈনু চলে জাও ঘরে ॥ দশ ভাই শুনে তারা কহিল আখেরে * এমানি করিল চুরি কাম হৈয়া বুরা ॥ ইউছফ এহার ভাই সেহ ছিল চোরা * ইউছফের দেলেছিল ছাড়িতে এমানি ॥ এবাত শুনিয়া গোস্বা হইল তখনি কদাচিত এমানিরে না দিল ছাড়িয়া ॥ আপনা হুজুরে রাখে পেয়ার করিয়া * এমানিকে রাখ বাদসা সাতে আপনার ॥ দশ ভাই ঘরে জায় হইয়া লাচার * মনস্তাপ করে জায় এমানির তরে ॥ নয় ভাই এয়সা ভাবে চলে জায় ঘরে * বাপের হুজুরে গিয়া তামাম কহিল শুনিয়া এয়াকুব নবী ভাবিত হইল * এয়াকুব বলেন তোরা হলি কুপুতা ॥ হায়রে এমানি মেরা রেখে এলি কোথা * কোথা সে করিল চুরি নাহি লেম্ব দেলে ॥ বন্দখানা কোথা রেখে আইলে সকলে *

দশ ভাই বলে জদি না কর এতবার॥ ঐ দেশের লোক আছে সহিদ আহার * হেথাকার লোক জন ছিল সেই খানে॥ ছাচ্ছা কিবা ঝুটা শুন আপনার কানে * শুনিয়া এয়াকুব নবী সহিদ মাঙ্গায়॥ এয়াকুবের এতবার কিছু হইল গাত্তায় * এমানি ভায়ের তরে করে ছিল দয়া॥ চোরদায় ধরা আছে মোরা তার গাওয়া *এমানি পড়েছে ধরা জানিল নিদান॥ শুনিয়া এয়াকুব নবী হৈল পেরেসান * দশ ভায়ে বলে মোরা এমানিছাড়াতে॥ কোমর বান্ধিয়া ছিনু সেখানে লড়িতে ছেনাইয়া লিতুন মোরা দরবার ভিতর॥ ঘিরিল আসিয়া জত বাদসার লস্কর *চোনেন্দা ছেপাই তারা চাল্লিশ হাজার॥ তরাসে ভাঙ্গিলসবে হাকেতে আমার * মেহের করিয়া বাদসা পাগ দেখাইল॥ এখাতের আমাদের পাকড়িয়া লিল * এয়াকুব জানিল সেই ইউছফ আমার॥ বহুত কান্দিল নবী হয়ে জার জার * বড়ই অনাথ করে গিয়াছে আমাকে॥ দশ ভাই বলে বাপ কেন কান্দ শোকে * এমানির শোগে বুঝি হইল দেওনা॥ এয়াকুব বলেন কান্দি ভাবিয়া রব্বানা * আল্লার হুকুমে আইল মেহতের জিবরিল॥ এয়াকুব নবীর কাছে হইল দাখিল জিবরীল কহেন শুন আমার খবর॥ইউছফ লাগিয়া কান্দ চাল্লিশ বচ্ছর ইউছফের শোগে তুমি কান্দ হে মোদাম॥ তোমা হৈতে দুর হৈতে পয়গম্বরি কাম * হাজার পয়দাসে হৈল তামাম আলম॥ তাহারে এয়াদ কর দুর হবে গম * জিবরিল এতেক বলে হইল বিদায়॥ এয়াকুব কহেন বাত সকল বেটায় *ইউছফ এমানি কোথা কররে তল্লাস অধিন কহেন আল্লা ঘুচাও হুতাস *

হজরত এয়াকুব ইউছফে কেতাব লিখিয়া দশ বেটার হাতে মেছেরে পাঠাইবার বয়ান॥

ত্রিপদী * দশ ভাই ভাবে দেলে, এয়াকুব বাপেরে বলে, জাইতে হৈল মেছের সহরে॥ জাইব নাহিক চারা, আরজ শুনহ মেরা, লেখ লেখা আজিজ বাদসারে * এয়াকুব শুনেন বাত, লিখিল সে কেতাবত, আপনা শোকের জত হাল॥ ইউছফ বেটার শোকে, কানা হৈল আপনাকে, কান্দিয়া গোজরান এতকাল*দুঃখের উপরে দুঃখ, বিদরে আমার বুক, শোকে প্রাণ ধরা নাহি জায়॥ ইউছফের ছোট ভাই, এমানি তোমার ঠাই, এখাতেরে লিখি জে তোমায় * বেটা মেরা ধরা আছে, এমানি তোমার কাছে, চোর দায় হয়েছে গোলাম॥ আ-

মার আরজ লেহ, এমানিরে ছেড়ে দেহ, মাফ কর তকছির তামাম ॥ আকালেতে দুক্ষু পাই, নাম তেরা সবঠাই, শুনিয়াছি হেম্মত তোমার ॥ আমিত এয়াকুব নবী, শুনেছি তোমার খুবি, ছাখাওত বড় নামদার ॥ দশ বেটা মেরা জায়, মেহের করিয়া তায়, দোস গুনা নাহি লবে দেলে ॥ সেইত কেতাব লিয়া, বাপের হুকুম পাইয়া, দশ ভাই মেছেরেতে চলে ॥ মেছের মুল্লুকে গেল, বাপের লিখন দিল, ইউছফ পড়িল মনে মনে ॥ বাপের লেখন পায়, জওাব নাহিক তায়; ফিরে জাও ভাই দশ জনে ॥ দশ জনে বলে তবে, কিঁ বলিয়া জাই সবে, শুন বলি করি জে ছালাম ॥ এমানিরে দেহ মোরে, তাঁরে লিয়া জাব ঘরে, শুন বাদসা কর এই কাম ॥ দশ ভাই বলে বাত, ওঠাইয়া দোন হাত, বাদসার হুজুরে হয়ে খাড়া ॥ এমানি লাগিয়ে, বাপ, দেলেতে অনেক তাপ, কান্দিয়া হয়রান হৈল বুড়া ॥ করোম নজর ধর, গোনা খাতা মাফ কর, দেহ ছাড়ি এমানি ভায়েরে ॥ অধিন ফকির বলে শুনে ইউছফের দেলে, মেহের হইল বড় তারে ॥

ইউছফ দশ ভাইকে পরিচয় দেন জাজ নামে চাদর লিয়া একভাইকে বাপের আগে পাঠাইবার বয়ান ॥

পয়ার ॥ দস জন ভায়ের মিনতি বড় শুনি ॥ ইউছফ মেহের দেল হইল আপনি ॥ বাদসাই পোসাক করে এমানির তরে ॥ আওল সোনার তক্তে বসায় হুজুরে ॥ গোলাম নফর লোকে ঘেরা চারি দিকে ॥ এমানি ভায়েরে লিয়া বসায় নজদিগে ॥ দশ ভাই দেখে কহে এই সে ইউছফ ॥ মোস্কেল পড়িল এবে দেলে হৈল খওফ ॥ ডরে ডরাইয়া সবে লাগিল ভাবিতে ॥ ইউছফ বলেন ভয়না কর দেলেতে ॥ বোঝা বান্দা কাটারছড়ি ভাঙ্গিলে জার গায় ॥ কুওাতে ডালিলে জারে বেন্দে হাতে পায় ॥ ইউছফ কহেন আমি সেইত বেচারা ॥ কুওাতে ডালিয়া ছিলে বান্দিয়া তোমরা ॥ বেচে ছিলে সওদাগরে গোলাম বলিয়া ॥ আইনু মেছের দেশে সেই অভাগিয়া ॥ দশ ভাই শুনে তারা জমীনে গিরিল ॥ জার জার হইয়া কান্দে ডরে ডরাইল ॥ মাফকর সেই গোনা দস ভাই কয় ॥ বড়া গেন্যোগার মোর; দেলে লাগে ভয় ॥ ইউছফ বলেন ভাই নাহিকর ডর ॥ এলাহি করিবেন মাফ তোমা সবা পর ॥

কহ শুনি বাপ কানা হৈল সে কিসে ॥ ভাই সব কহে সোগে তোমার হুতাসে ✻ তোমার খাতেরে বাপ কান্দিয়া২ ॥ আঁখেতে পড়িল ছানি রহে কানা হৈয়া ✻ ইউছফ বলেন মেরা গায়ের চাদর ॥ এক ভাই লিয়া জাহ বাপ বরাবর ✻ আমার চাদর লিয়া ধর বাপের আগে ॥ রওসন হইবে আঁখি বোয়ে গেলে নাকে ✻ শুনিয়া জতেক ভাই বড়া জবরদস্ত ॥ সাত রোজের রাহা এক রোজে করে গস্ত ✻ চাদর লইয়া সে বাপের আগে চলে ॥ পৌছিল জাইয়া মর্দ্দ বারেক মহলে ✻ চাদর লইয়া দিল এয়াকুবের হাতে ॥ বোয়ে আঁখি রওসন হৈল আল্লার কোদরতে ✻ জে না মেতে চাদর লইয়া গিয়াছিল ॥ বাপের হুজুরে বাত কহিতে লাগিল ✻ বাবাজীউ লও আগে খুসীর খবর ॥ ইউছফ মেছের সাহা তক্তের উপর ✻ এয়াকুব খোসাল শুনে হাজার হাজার মোর্দ্দিরের ধড়ে জেন জান বসে তার ✻ আছমানের চাঁদ জেন হাতেতে পাইল ॥ আল্লার দরগায় নবী সোকরানা ভেজিল ✻ এয়ছাই এয়াকুব নবী হইল খোসাল ॥ মাত্তার সিন্দুক জেন পাইল কাঙ্গাল ✻ হেথা সে ইউছফ নবী খোসাল হইয়া ॥ বহুত এনাম দিল সবার লাগিয়া ✻ বাদসার পোসাক সবে পাইয়া এনাম ॥ বাপের হুজুরে এসে কহিল তামাম ✻ ইউছফ মেছের দেশে পাইল বাদসাই ॥ বাপের আগেতে গিয়া কহে দশ ভাই ✻ আনন্দ বাড়িল শুনে হইল খোসাল কেতাবের বাত কহে গরিব কাঙ্গাল ✻

### এয়াকুব নবী মেছের গিয়া ইউছফের মিলন হয় ও রয়হান সাহা মোছলমান হইয়া ওফাত করে ও এয়াকুব নবী ওফাত করেন ॥

এয়াকুব নবী ইউছফের বাত ॥ খোসাল-হইয়া ...রারি ✻ শুনিয়া এয়াকুব নবী ইউছফের বাত ॥ সাতে বড়া দিল মোলাকাত ✻ আল্লার লস্কর লোক জেছিল তাহার ॥ সাতে লিয়া চলে নবী খোসাল হাজার ✻ খুসি খোসালিতে সাহা চলে রাহা পর পৌছিল এয়াকুব নবী মেছের সহর ✻ মেছেরে ইউছফ নবীর খবর পাইয়া ॥ বাপেরে আনিতে চলে আগু বাড়াইয়া ✻ কহিল রয়হান সাহা ইউছফের তরে ॥ ঘোড়া থেকে নেবে চলে পালকীর উপরে ✻ বাদসাই দিয়াছি আমি মেছের তোমায় ॥ উত্তরিয়া মিলিতে উচিত নহে তায় ✻ ইউছফ চড়িল তবে পালকীর উপর ॥ এয়াকুব দেখিল

তারে করিয়া নজর * মহাতাব জিনিয়া রূপ দেখিবারে পায়॥ দেখিয়া এয়াকুব নবী ইউছফ বেটায়॥ আল্লার সোকরানা মুর্দ্দ করিল এয়াকুব॥ দেখিতে পাইল নবী জেলেখা ইউছফ * কান্দিয়া ধরিল নবী ইউছফের গলায়॥ খুসির কান্দনা সবে কান্দে উভরায় * এক সাতে দুইজনে গলাগলি হইয়া॥ জার২ কান্দে নবী ইউছফে পাইয়া* সেইত রোদন দেখে তামামলস্কর॥ জার২ হয়ে সবে কান্দিল বিস্তর * খুসির কান্দনা সব গোহিত কান্দিয়া॥ দুই দলের লোক চলে খোসাল হইয়া * মেছের সহরে গেল বাদসার নজদিকে॥ আর জে বসিল কেহ খাড়া হয়ে থাকে *এয়াকুব নবীরে লয়ে খোসালে বসায়॥ কত চিজ নিয়ামত হুজুরে মাঙ্গায় * হুকুমে রয়হান সাহা মাঙ্গায় আপনি॥ মাঙ্গায় লোকেতে চিজ নাম নাহি জানি * ভেট ঘাট নিয়ামত আগেতে রাখিয়া॥ এয়াকুব নবীর পায় গিরিল জাইয়া * আল্লার সোকরানা পড়ি আনিল ইমান॥ দেখিনু নবীর পাও হব মোছলমান নবীর এছলাম দিন কবুল করিল॥ কলেমা পড়িয়া সাহা মোছলমান হৈল * জাইয়া ইইছফ দিল তক্ত পরে বার॥ সোকরানা ভেজিল সবে হাজারে হাজার * আদল এনছাফ কাম মেছের চালায়॥ এক রোজ দশ ভায়ে হুজুরে বোলায় * ইউছফ দিলেন তাই সবাকারে মাল॥ মেছের বানাও বাড়ি জার-জে খেলায় * এক রোজ ইউছুফ নবী এয়াকুবের সাত॥ কহিতে লাগিল জত আগেকার বাত * ইউ-ছফ কহেন বাবা শুন দিয়া মন॥ আগে আমি দেখেছিলাম জেমন স্বপন * নছিবে জে কিছু ছিল বিদেশ ভাবায়॥ তার ফলাফল জত দেখালে খোদায় * ভাই সবাকারে মাফ করিনু তকছির॥ আপনি করহ দোত্তা সবার খাতির * ইউছফ কহেন মাফ করহ এলাহি॥ আমি-জে করিনু মাফ দেলে বদি নাহি * এয়াকুব শুনিয়া দোওা সবাকে করিল॥ পচিশ বচ্ছর এয়ছা গোজারিয়া গেল * খুসি খোসা লিতে সবে করিল গোজরান॥ গোজারিল এয়াকুব নবী আল্লার ফর মান* এয়াকুব মরিল বিশ বচ্ছর উপরে॥ মরিল রয়হান সাহা মেছের সহরে * এয়াকুব রয়হান সাহা দোন গোজারিল॥ এয়ছাই কয়েক রোজ গোজারিয়া গেল * ইউছফের ভাই সব আর জত জন॥ ছাপা-ইয়া কার সাতে কহেত এমন * পয়গম্বর জাদা সবে করেন বাদসাই॥ পয়গম্বরি বিচে কোথা আখেরেতে ঠাঞী * কেহ আসে ইউছফেরে কহে এই বাত॥ আল্লার দরগায় ইউছুফ কহে মোনাজাত * বহুত

কান্দিয়া বলে আল্লার দরগায় ॥ দুনিয়া বাদসাই আল্লা দিয়াছে আমায় স্বপনে দেখালে জাহা দেখিনু নজরে ॥ ভালা বুরা নেকবদ মালুম তোমারে *আছমান জমীন আদি তামাম আলম ॥ সবার উপরে তেরা করম রহম *এই বাত আরজ মেরা দরগায় তোমার ॥ ইমানে আমারে তাজা রাখিবে কারার * রোজ কেয়ামতে জবে তামাম রছুল ॥ তার বিচে ইউছফেরে করিয়া কবুল *এই মানাজাত করে ইউছফ কান্দিয়া কবুল করিল দোওা ইউহফ লাগিয়া ॥ এয়াকুব মরিলে পরে চাল্লিশ বচ্ছর ॥ ইউছফ বাদসাই করে দুনিয়া ভিতর * আদল এনছাফ খুব লোকের আরাম ॥ গোজরে ইউছফ নবী এলাহির কাম * বেহেস্ত চলিয়া গেল হুকুমে আল্লার ॥ দেখিয়া শুনিয়া সবে কান্দে জারজার * জেলেখা মরিল পিছে ইউছফের শোগে ॥ বদর কহেন গাজী কহি তেরা আগে * এয়ছা নেক মর্দ্দ দেখ দুনিয়াতে আসিয়া ॥ আল্লার হুকুমে সেই গেল গোজারিয়া * মওত সবার পিছে নাহিক এড়ান ॥ আখের ভাবিয়া দেখ মওত নিদান*নেকবদ কাম বুঝে করহ সবায় ॥ নেকি জনার বদি কভু না করে খোদায় * নেককামে সয়তান বেপির দেয় বাজি ॥ সেই কামে বুঝে কর হক জাতে রাজি* আল্লার পিয়ারা বহুত [illegible] সেসে ॥ দুনিয়ায় মজিলে দুক্ষ পায় সে অনাসে * সুখভোগ তেজিয়া দুনিয়া তকব্বরী ॥ দুনিয়ার সুখে জেবা করেত ছবুরি *লোভ মোহ কাম ক্রোধ তেজিতে না পারে ॥ আখেরে আজাব তার দোজখ উপরে * শুনিয়া বড়খা বড়া বদরের বাত ॥ কহেন ফকির করে লেহ মুঝে সাত * তুমিত মরসিদ দেওান আমিত গোলাম ॥ নেহাল করিলে মুঝে শুনায়ে কালাম *ফকির হইব আমি জে করে খোদায় ॥ আর কিছু কামে বাত শুনাবে আমায় * বদর বলেন থোড়া সোনরে কালাম ॥ ইউছফ জেলেখার বাত হইল তামাম * গরিব ফকির কহে সব এয়াদ গাবে ॥ ছের ছালামত আল্লা রাখ সবাকারে * এখানে রহিল গীত পালা হৈল সায় ॥ আল্লা আল্লা বল ভাই দিন বয়ে জায়* আল্লাতালা ছালামত রাখিবে বাদসারে ॥ ছের ছালামত রাখ বাদসার উজিরে * দোজখ আজব হৈতে জরাও করতারে ॥ ইমান বজায় রাখ মমিন সবারে * বজায় ছালামত রাখ রাজার দেওানে ॥ সিকদার তোকদার ইজার দারাজনে * মণ্ডল কমদ্দম আর তামাম প্রজায় ॥ ছের ছালামত আল্লা রাখিবে সবায় * জেই জন শোনে এই জেলেখার বয়ান ॥ দেল রওসন রাখে আল্লা বাহাল ইমান * এই গ্রামের

বিচে আছে জত জোন ॥ সবাকারে ছালামতে রাখ নিরঞ্জন * কার নাম জানি কার নাম নাহি জানি ॥ সবাকারে ছালামতে রাখিয়ে রব্বানি * আসরে বসিয়া জত হিন্দু মুসলমান ॥ সবাকার তরে আল্লা হও নেঘাবান *ইউছফ জেলেখার গীত পালা হৈল সায় ॥ লেহ ভাই আল্লার নাম দিন বয়ে জায় * গরিব ফকির কহে কেতাবের বাত ॥ লায়েকের তরে আল্লা বাড়াও হায়াত *

* তামাম শোধ *

---

কলিকাতা, ৫/১নং গরাণহাটা চিৎপুর রোড, নিউ-ভিক্টোরিয়া প্রেসে
শ্রীরামলাল শীল দ্বারা মুদ্রিত ॥

## * সুচীপত্র *


হামদো খোদার. ১
হজরত এয়াকুব নবীর বাদসাই ও রাহিলা ফরজন্দ লাগিয়া
আফশোশ করিবার বয়ান ২
বিবী রাহিলার বন্দেগি করিবার বয়ান ঐ
ছুরতের পয়দাসের বয়ান ৩
ছুরতের হেচ্ছা লিতে সকলে জায় তাহার বয়ান ঐ
হজরত ইউছফ নবীর পয়দাস ও রাহিলা বিবীর ওফাত ও
হজরত এয়াকুবের বহিন খবর পাইয়া পৌছে ৪
হজরত এয়াকুব নবী ভাই বহিন কহা শুনা করে ৬
ইউছফেরে বহিনে দিয়া বেকারার হৈয়া বহিনের নিকট হইতে
সাত রোজ করারে আনিবার বয়ান ঐ
এয়াকুবের বহিন ইউছফে চোরবাদ দিয়া আনে ও এয়াকুব
নবীর বেকাররি ও বিবীর মওত ৮
ইউছফে আনিতে সকলের বয়ান ৯
ইউছফ স্বপনে চন্দ্র শুর্জ্জ দশ তারা দেখে ও ভাইদের দুস্মনি
করিবার বয়ান ঐ
হজরত ইউছফে কুওাতে ডালিয়া বাঘের বদনাম দেয় ১২
হজরত এয়াকুব নবী বাঘের জিজ্ঞাসা করিবার বয়ান ১৩
বাঘের জবানিতে ইউছফের খবর পাইবার বয়ান ১৪
তৈমুছ সাহার বাদসাই ও জেলেখার পহেলা খোওাব দেখে ১৭
জেলেখার বেকারির বয়ান ১৯
দাই বিবী জেলেখার হাল জিজ্ঞাসা করে ঐ
জেলেখা দোসরাবার হজরত ইউছফে খোওাব দেখিবার বয়ান ২২
খোওাবেতে হজরত ইউছফ বিবী জেলেখা আপন হাল কহে ঐ
স্বপনে ইউছফ আপনা ঠিকানা কহেন ও দেশ হৈতে পয়গাম
আইসে ঐ
আজিজ মেছের তৈমুছ সাহাকে পয়গাম পাঠান তাহার বয়ান ২৩
জেলেখার শিঙ্গারের বয়ান ঐ

তৈমুছ সাহাজাদী মেছেরের ও আজিজ মেছের বিবী জেলেখায়
লইতে আসিবার বয়ান ২৪
আজিজ মেছেরের ছুরত দেখিয়া জেলেখার মনদুক্ষ জিবরিল
আসিয়া প্রবোধ দিবার বয়ান ২৬
আজিজ মেছেরের সাতে জেলেখার সাদি ও আজিজ মেছের
নামদার হইবার বয়ান ২৬
জেলেখা শিকার করিতে জায় ও সওদাগর ইউছফ নবীকে
মেছেরে বেচিতে আনিবার বয়ান ২৯
ভাট বাদসার হুজুরে হজরত ইউছফের তারিফ করিবার বয়ান ৩০
সওদাগর হজরত ইউছফকে বাদসার নিকট লিয়া জায় ও
সকলে দেখিয়া অস্থির হইবার বয়ান ঐ
হজরত ইউছফ আজিজ মেছেরের হাতে বিকাইবার বয়ান ৩২
জেলেখা ইউছফকে দেখিয়া মনদুক্ষ কহে ৩৩
জেলেখা আজিজ মেছেরকে লিখন লেখেন ও আজিজ মেছের
হজরত ইউছফ নবিকে কিনিয়া জেলেখার হাতে শুপে দেয় ৩৪
জেলেখা ইউছফে পাইয়া খুসির বয়ান ৩৬
জেলেখা ইউছফের পালন করিবার বয়ান ঐ
জেলেখা ইউছফ নবির কাছে আপনা মতলব কহিবার বয়ান ৩৭
বুড়ি জেলেখার হাল পুছিবার বয়ান ৩৮
হপ্তম খানা তৈয়ার হইবার বয়ান ৪১
জেলেখা হজরত ইউছফকে হপ্তম খানায় আপন মতলব চাহে ৪৩
হপ্তম খানায় জাইয়া জেলেখা হজরত ইউছফের কাছে
মতলব চাহিবার বয়ান ঐ
হপ্তম খানা হৈতে ইউছফ পালায় ছয় মাসের ছাওাল গাওাহি
দেয় জেলেখা ইউছফ নবিকে আজিজ মেছেরের নিকট
হইতে আপনার কাছে আনে ৪৬
জেলেখা ইউছফের বেশ করিবার বয়ান ৪৯
নেবু তারাসিবার বয়ান ৫০
ইউছফ নবীকে কয়েদ করিবার বয়ান ৫৩
ছাকি বাকি দুই জন স্বপন দেখিয়া হজরত ইউছফ নবীকে
পুছিবার বয়ান ৫৫
বাকীর গর্দ্দান মারা জায় ও সাহার স্বপন দেখিবার বয়ান ৫৬

রয়হান বাদসার স্বপনের হকিকত হজরত ইউছফ কহেন ৫৭
ইউছফ বন্দখানা হইতে খালাস হয় বাদসা সব নারীদিগে
ও জেলেখাকে মাঙ্গাইয়া এনছাফ করে তাহার বয়ান ৫৮
হজরত ইউছফ উজীর হইবার বয়ান ৫৯
জেলেখার মোলাকাত হইবার বয়ান ৬১
জেলেখার জওান হওয়া ইউছফের আসকের বয়ান ৬২
রয়হান মেছের সাহা জেলেখার সাতে উকিল পাঠান ইউছফ
জেলেখার সহিত নেকা হইবার বয়ান ৬৩
ইউছফ মেছেরে বাদসা হন ও আকালেতে লোক জনের
প্রতিপালন করিবার বয়ান ৬৪
এয়াকুবের দশ বেটা মেছের সহরে আনাজ কিনিতে জায় ৬৫
ভাইদিগে খেলান ও আনাজ দিবার বয়ান ৬৬
ইউছফের দশ ভাই দেশে বাপের সমুখে মেছেরে হাল কহে ৬৭
দশ ভাই বাপের হুজুরে এমানিকে লিয়া মেছেরে জায় ৬৮
হজরত ইউছফকে দেখিয়া এমানি বেহুস হয় ও দশ ভাই
আনাজ লিয়া দেশে জায় সকলকে চোরবাদ দিয়া ফেরায় ৬৯
এমানির ছালা হৈতে এক কটোরা বাহির হয় ও চোর বলে
ইউছফ এমানিকে রাখিবার বয়ান ৭০
এমানিকে চোর বাদ দিয়া ইউছফ আপনার কাছে রাখে ও
দশ ভাই আসিয়া বাপের নিকট কহিবার বয়ান ৭১
হজরত এয়াকুব ইউছফকে কেতাবত লিখিয়া দশ বেটার হাতে
মেছেরে পাঠাইবার বয়ান ৭২
উছফ দশ ভাইকে পরিচয় দেন ও জাজ নামে চাদর লিয়া এক
ভাইকে বাপের আগে পাঠাইবার বয়ান ৭৩
এয়াকুব নবী মেছেরে জান ইউছফের সাতে মিলন হয় ও
রয়হান সাহা মোছলমান হইয়া ওফাত করে এয়াকুব
নবী ওফাত করেন ৭৪

সুচীপত্র সমাপ্ত ॥

———

## অতি সুলভ মুল্যে কেতাবের বিজ্ঞাপন।

যাহার যে কোন কেতাবের আবশ্যক হইবে নিম্নক্ত ঠিকানায় পত্র লিখিবেন।

কাছাছলআম্বিয়া পাকাবাঁধা
আজএব তেলেছমাত
বড় নিজামপাগলারকেচ্ছা
গোলেগোলজার
হেদাএতল ফোচ্ছাক
ছহি বড় সত্তীর অর্থাৎ
সন্ধ্যাবতীর পুথি
গোলবাছানুয়ার
নাজাতল এছলাম
ছুসতিনের ঝগড়া
সামাদারের কেচ্ছা ও
গাজী মিঞার বিয়ে
ফকিরনামা
গোলবা বাহারাম
এমাম.সাগর
জোম্মাতল ওয়েজিন
সবুরন্নেছা
ছহি আসল নজুমি
তালেনামা
মধু মালতি
নেকবক্ত খছমপিয়ারি
গোলেহরমুজ
নছিহতনামা
হিন্দি জোবানে বাংলা
মউলুদ সরিফ
সাহারাম বাদসার কেচ্ছা
ফকিরজাদার কেচ্ছা
একদিল সার পুথি

ছহি বড় জঙ্গনামা
হাজারমছলা
ছহি নুরল ইমান
বেদারল গাফেলিন
ছহি গোলেবকাওলি
ছহি ইউছফ জেলেখা
ছহি কেয়ামত নামা
ছহি হেদাএতল এছলাম
বাংলা খোতবা
নিজাম পাগলা
সিরি ফরহাদ
চাসার ছেলের মছলা
ছুলাছুলিনের খেল
ছহি বড় আমির হামজা
ছহি বড় হাতেমতাই
ছহি বড় জৈগুন
বাংলা আমছেপারা
ফুল ভোমরা
মারফতে হাক্কানি
ছহি বড় সোনাভান
ছহি বড় গুর্জ্জউজাল
ছহি বড় লালমোন
ঝগড়ানামা
খাব নামা
খোলাছাতল হায়াজ
নেফাজ
এক শও ত্রিশ ফরজ
চাহার দরবেশ

তাম্বিয়া তন্নেছা
সের আলি
লায়লি মজনু
আলেফ লায়লা
পাকা জেল বাঁধা
সাহা নামা
পাকা জেল বাঁধা
ঐ হাপ জেল
বিধবা বিলাপ
আজাএব চারইয়ার কেচ্ছা
তাবিজাত ছোলেমানি
ছহি বড় ছাএতনামা
দোওা গাঞ্জল আরশ
তরিকল আউলিয়া
জোলমাত নামা
বাপবেটার লড়াই
মউতনামা
বোনবিবী জহুরানামা
নুরনামা ও হুলিয়া নামা
চাঁদরাশি ছাএতনামা
কলির বৌ ঘরভাঙ্গানি
কেচ্ছা বুলবুলে চামন
এমাম হোছেনের লড়াই
আলি ও দেলবাহারের
কেচ্ছা
সহিদে কারবালা
খয়বরের জঙ্গ
রংবাহার

এই সকল কেতাব ভিন্ন নান বিধ মুছলমানি কেতাব ও নামাবিধ বাংলা কেতাব অতি সুলভ মুল্যে এই স্থানে পাওয়া যায়।

কলিকাতা ;—১১০ নং গরাণহাটা চিৎপুর রোড
নিউ-ভিক্টোরিয়া পুস্তকালয়
বিক্রেতা—শ্রীরামলাল শীল।